


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৮ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 4 June 2022 ■ আগরতলা ৪ জুন, ২০২২ ইং ■ ২০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## মূল্যায়ন



শুক্রবার থেকে শুরু হয়েছে মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন। আগরতলায় তোলা নিজস্ব ছবি।

# মতাই ও খোয়াইয়ে হামলায় আশঙ্কাজনক তিন হালহালিতে বন্ধুর পেটে ভোজালি ঢোকাল বন্ধু

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার/ খোয়াই/ কমলপুর, ৩ জুন।।** দক্ষিণ ত্রিপুরা জেলার মতাই বাজারে দুষ্কৃতিকারীদের আক্রমণে এক ব্যক্তি গুরুতরভাবে আহত হয়েছেন। আহত ব্যক্তির নাম স্বপন দেবনাথ। বাড়ির ঋষ্যমুখের কৃষ্ণপুর এলাকায়। সংবাদ সূত্রে জানা যায় স্বপন দেবনাথ নামে ওই ব্যক্তি গতকাল রাতে বাড়ি থেকে মতাই বাজারের উদ্দেশ্যে রওনা হন। মতাই বাজারের কাছাকাছি এলাকায় এসে পৌঁছলে কুড়ি পঁচিশ জন দুষ্কৃতিকারী তার ওপর সঙ্ঘবদ্ধ হামলা চালায় বলে অভিযোগ। সঙ্গবদ্ধ হামলায় তিনি গুরুতর ভাবে আহত হন।

পরবর্তী সময়ে খবর পেয়ে পরিবারের লোকজন ঘটনাস্থলে ছুটে এসে আহত ব্যক্তিকে উদ্ধার করে বিলোনিয়া হাসপাতালে নিয়ে যান। বর্তমানে তিনি বিলোনিয়া হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। বিলোনিয়া হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আহত স্বপন দেবনাথ জানান কিছুদিন আগে কতিপয় দুষ্কৃতিকারী তার রাবার বাগান কেটে ফেলার চেষ্টা করে। এ নিয়ে তাদের সঙ্গে তার বিরোধ চলছিল।

বাধ্য হয়ে স্বপন দেবনাথ নামে ওই রাবার বাগানের মালিক তাদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেন। বিষয়টি নিয়ে দু'পক্ষের মধ্যে ঝামেলা চরম আকার ধারণ করে। মামলা প্রত্যাহার করে নেওয়ার জন্য স্বপন দেবনাথ এর উপর প্রতিনিয়ত চাপ সৃষ্টি করা হচ্ছিল। মামলা প্রত্যাহার করে না নিলে পরিণতি ভয়ঙ্কর আকার ধারণ করবে বলেও হুমকি দেওয়া হয়েছিল। সে কারণেই তার ওপর এই হামলা সংঘটিত হয়েছে বলে তিনি অভিযোগ করেছেন। অভিযুক্তদের বিরুদ্ধে থানায় সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনও পর্যন্ত এই ঘটনায় কাউকে গ্রেপ্তুর এর সংবাদ নেই। অভিযুক্তদের গ্রেপ্তার এবং কটুর শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

খোয়াইয়ের পশ্চিম শিঙিছড়া এলাকার বীরেন্দ্র পাড়ায় দুষ্কৃতীদের আক্রমণে দুই ব্যক্তি গুরুতরভাবে আহত হয়েছেন। আহতরা হলেন যুবরাজ দাস এবং স্বদেশ দাস। তাদেরকে আশঙ্কাজনক অবস্থায় খোয়াই জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। ঘটনার বিবরণে জানা যায় যুবরাজ দাস এবং স্বদেশ দাস নামে ওই দুই যুবক বৃহস্পতিবার রাতে বাড়িতে ফিরছিল। বীরেন্দ্র পাড়া এলাকায় রাত নয়টা নাগাদ পৌঁছলে কতিপয় দুর্বৃত্ত তাদের ওপর ধারালো অস্ত্র নিয়ে সঙ্ঘবদ্ধ হামলা চালায়।

রক্তাক্ত অবস্থায় ওই দুই যুবক কোনক্রমে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে শ্রমিকের মৃত্যু আহত আরও এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** ৮২মাইল এলাকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে এক শ্রমিকের। আহত হয়েছে অপর এক শ্রমিক। মৃত শ্রমিকের নাম কমল কান্তি চাকমা। আহত শ্রমিকের নাম মঙ্গল ত্রিপুরা। আহত শ্রমিককে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে প্রথমে ৮২ মাইল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থা আশংজনক হওয়ায় সেখান থেকে তাকে ধলাই জেলা হাসপাতালে স্থানান্তর করা হয়।

ঘটনার বিস্তারিত বিবরণে জানা যায় ৮২ মাইল এলাকায় ১৪জন শ্রমিক মিলে একটি বিদ্যুতের খুঁটি বসানোর কাজ করছিল। যেখানে বিদ্যুতের খুঁটিতে বসানোর চেষ্টা হচ্ছিল তার পাশ দিয়ে বিদ্যুৎ ☞ ৬ এর পাতায় দেখুন

## মাধ্যমিক ও দ্বাদশের উত্তরপত্র মূল্যায়ন শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** ত্রিপুরায় মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের টার্ম টু পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন শুরু হয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন হচ্ছে মহারানি তুলসিবাতি স্কুল এবং বড়দোয়ালী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হচ্ছে রাজ্যের পাঁচটি স্কুলে। বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়, বিজয় কুমার গার্লস স্কুল, বোধজং বালিকা বিদ্যালয়, নেতাজি সুভাষ বিদ্যানিকেতন এবং মহাত্মা গান্ধী স্কুলে মাধ্যমিকের উত্তরপত্র মূল্যায়ন করা হচ্ছে।

আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের ☞ ৬ এর পাতায় দেখুন

## প্রতাপগড়ে মাটি চাপায় শ্রমিকের মৃত্যু, গুরুতর আহত আরও একজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** রাজধানী আগরতলা শহর সংলগ্ন প্রতাপগড় সৎসঙ্গ এলাকায় মাটিচাপা পড়ে এক শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে অপর এক শ্রমিক গুরুতরভাবে আহত হয়ে বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন। মৃত এবং আহত শ্রমিকের নামধাম জানা যায়নি। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

ঘটনার বিবরণে জানা যায় প্রতাপগড় সৎসঙ্গ এলাকার সঞ্জিব সূত্রধরের বাড়িতে দালান বাড়ি তৈরীর জন্য কাজে নিযুক্ত ছিল দুই শ্রমিক। মাটি কাটার সময় হঠাৎ মাটি ভেঙ্গে পড়ে মাটির নিচে চাপা পড়ে দুই শ্রমিক। স্থানীয় লোকজনরা ঘটনা প্রত্যক্ষ করে সঙ্গে সঙ্গে দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা ঘটনাস্থলে ছুটে এসে এক শ্রমিককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। অপর শ্রমিকের মাটি চাপা পড়ে ঘটনাস্থলেই মৃত্যু হয়।

মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকার লোকজন ঘটনাস্থলে ছুটে আসেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। এ বিষয়ে জানতে চাওয়া হলে বাড়ির মালিক সঞ্জীব সূত্রধর জানান দালান ☞ ৬ এর পাতায় দেখুন

## স্ত্রী ও সন্তানদের মারধর করে আগুনে পুড়িয়ে দিল বসতঘর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** মোহনপুর মহকুমার ভোগপুর গাঁও সভার কাছারি টিলা এলাকায় স্ত্রী-সন্তানদের মারধর করে বসত ঘর আগুনে পুড়িয়ে দিয়েছে স্বামী। ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনগণের তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায় মোহনপুরের ভোগপুর গাও সবার কাছারি টিলা এলাকার উজ্জ্বল সরকার নামে এক ব্যক্তি তার স্ত্রী বাসন্তী সরকার এবং দুই নাবালিকাকে গতকাল রাতে বেধড়ক মারধর করে ঘরের ভেতরে আগুন জ্বালিয়ে দেয়। আগুনে ঘরের যাবতীয় জিনিসপত্র সহ ঘরটি পুড়ে ছারখার হয়ে যায়। ঘটনা সংঘটিত করে অভিযুক্ত উজ্জ্বল সূত্রধর সেখান থেকে গা-ঢাকা দেয়। অসহায় মহিলা নাবালিকা সন্তানকে নিয়ে পার্শবর্তী এক প্রতিবেশীর বাড়িতে আশ্রয় নেয়। এ ব্যাপারে লেফুঙ্গা থানায় স্বামীর বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করেছে অসহায় বাসন্তী সরকার। এ বিষয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বাসন্তী সরকার জানায় দীর্ঘদিন ধরেই তাদের পারিবারিক কলহ চলছিল।

প্রতিনিয়ত তার উপর নির্যাতন চালাতো স্বামী। নির্যাতন সহ্য করেও দুই সন্তানকে নিয়ে বেঁচে থাকার চেষ্টা করছিল বাসন্তী সরকার। কিন্তু শেষ সম্বল টুকু পুড়িয়ে ছারখার করে দিয়েছে তার স্বামী। বাসন্তী সরকার আরও জানায় এ ব্যাপারে ইতিপূর্বেও থানায় অভিযোগ দায়ের করেছিল। একাধিকবার পুলিশ ☞ ৬ এর পাতায় দেখুন

## মঠচৌমুহনীতে আগুনে পুড়ল গাড়ি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** বৃহস্পতিবার রাতে রাজধানীর মঠ চৌমুহনী এলাকায় অগ্নিকাণ্ডে একটি গাড়ি ভস্মীভূত হয়ে গেছে। জানা যায় বিশালগড়ের বাসিন্দা এক ব্যক্তি মঠচৌমুহনী এলাকায় গাড়ি নিয়ে বিয়ে বাড়িতে এসেছিলেন।

বিয়ে বাড়ির সামনে গাড়িটি রেখে তারা বিয়ে বাড়িতে গিয়েছিলেন। তখন ওই গাড়িতে আগুন ধরে যায়। গাড়িতে আগুন দেখতে পেয়ে স্থানীয় লোকজনরা দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনী এবং পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। দমকল বাহিনীর জওয়ানরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। ততক্ষণে গাড়িটি আগুনে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। কিভাবে এই অগ্নিকাণ্ডের সূত্রপাত সে বিষয়ে বিস্তারিত তথ্য জানা যায়নি। ☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মনগরে জুরি নদীর উপর ব্রীজে ফাটল, যাতায়াত বন্ধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** জুরি নদীর উপর ব্রীজে হকার উচ্ছেদে সমালোচিত হয়েছিল ধর্মনগর পুর পরিষদ। আজ ওই ব্রীজে বড়সড় ফাটল নজরে এসেছে। ফলে, প্রশাসন ওই ব্রীজ দিয়ে যাতায়াত বন্ধ করে দিয়েছে। হকার উচ্ছেদে সমালোচকরা আজ মুখে কুলুপ এঁটেছেন। কারণ, ওই ব্রীজ থেকে হকার উচ্ছেদ না হলে প্রচুর মানুষের প্রাণহানির সম্ভাবনা ছিল। কারণ, ওই ব্রীজ ভেঙ্গে পরার অবস্থায় দাঁড়িয়ে রয়েছে।

আজ সকালে ধর্মনগর সেন্ট্রাল রোড এবং মোটর স্ট্যান্ডের মধ্যে সংযোগকারী জুড়ি নদীর উপর ব্রীজে বিশাল ফাটল ধরা পড়েছে। খবর পেয়ে পূর্ত দফতরের প্রকৌশলীরা ব্রীজ পরিদর্শন করেছেন। এরপরই ওই ব্রীজে যাতায়াত বন্ধ করে দিয়েছে প্রশাসন। অস্থায়ীভাবে ব্রীজে বাঁশ দিয়ে ব্যারিকেড লাগানো হয়েছে।

পূর্ত দফতরের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার সুকমল চাকমা জানান, বিষয়টি নিয়ে চিফ ইঞ্জিনিয়ারের সাথে মোবাইলে কথা বলেছেন এবং ব্রিজের বর্তমান অবস্থার ছবি পাঠিয়েছেন। এখন চিফ ইঞ্জিনিয়ার যেভাবে নির্দেশ দেবেন সেভাবেই ব্রীজের সংস্কার করা হবে।

উল্লেখ্য, এই ব্রিজ টি ১৯৯৭ সালে উদ্বোধন হয়েছিল এবং এজেন্সির দায়িত্বে ছিল মেসার্স আর কে ভট্টাচার্য এন্ড কোং। কিছুদিন আগে ধর্মনগর পুর পরিষদের চেয়ারপারসন প্রদ্যুৎ দে সরকারের তৎপরতায় ব্রিজের উপর হকার উচ্ছেদ করেছিলেন। ফলে আজ বহু মানুষ প্রাণে বেঁচে গেছেন।

## মেলারমাঠ পুকুরে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** রাজ্যে বেড়ে চলেছে অস্বাভাবিক মৃত্যুর হার। আজ ফের মৃতদেহ উদ্ধার হয়েছে। শুক্রবার রাজধানীর মেলারমাঠ পুকুর থেকে উদ্ধার হয়েছে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃতদেহ। ঘটনাকে কেন্দ্র করে এলাকা জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। শহরের বুকে এধরনের ঘটনায় জনমনে আতঙ্ক দেখা দিয়েছে।

স্থানীয় সুত্রে খবর, শুক্রবার দুপুরে নাগাদ স্থানীয় জনগণ দেখতে পান মেলারমাঠ পুকুরের জলে মৃতদেহ ভাসছে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় বটতলা পুলিশ ফাঁড়িতে এবং দমকল বাহিনীকে। খবর পেয়ে পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠিয়েছে।

পুলিশের বক্তব্য, পুকুরের জলে মৃতদেহ ☞ ৬ এর পাতায় দেখুন

## বনকুমারীতে গৃহবধূর সাথে ফস্টিনস্টি বিজেপির বুথ সভাপতিকে গণধোলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** গৃহবধূর সঙ্গে গভীর রাতে ফস্টি-নস্টি করতে গিয়ে আটক হলো বিজেপির বুথ সভাপতি। তার নাম কাজল দাস। তাকে উত্তম-মধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। ঘটনার বিবরণে জানা যায় বৃহস্পতিবার গভীর রাতে বনকুমারি অজিত পল্লী এলাকায় ৪০ নং ওয়ার্ডের বিজেপির বুথ সভাপতি কাজল দাস এক মহিলার ঘরে প্রবেশ করে। অভিযোগ দীর্ঘদিন ধরেই কাজল দাস নামে ওই ব্যক্তি এক মহিলার সঙ্গে অবৈধ প্রেমের সম্পর্ক গড়ে তোলে।

এমনকি ওই মহিলার ঘরে ঢুকে অবৈধ কার্যকলাপে জড়িয়ে পড়ে। স্থানীয় লোকজন তারা দীর্ঘদিন ধরেই বিষয়টি প্রত্যক্ষ করে আসছিলেন। তাকে হাতেনাতে ধরার জন্য স্থানীয় লোকজন উৎ পেতে বসেছিছেন। বৃহস্পতিবার গভীর রাতে কাজল দাস নামে ওই ব্যক্তি যখন মহিলার ঘরে প্রবেশ করে তখন তাকে আটক করা হয় বলে স্থানীয় জনগণের তরফ থেকে জানানো হয়। অভিযোগ মহিলার সঙ্গে অশালীন অবস্থায় তাকে আটক করা হয়েছে। আটক করে তাকে উত্তম মধ্যম দিয়ে পুলিশকে খবর দেওয়া হয়।

ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকার লোকজন ছুটে আসেন। এমনকি শাসক দলের নেতারাও ঘটনার খবর পেয়ে সেখানে ছুটে যান। অনেকেই গণপ্রহার এর হাত থেকে তাকে রক্ষা করার জন্য চেষ্টা করেন। কিন্তু উত্তেজনা চরম ☞ ৬ এর পাতায় দেখুন

# উপনির্বাচন ঃ ৬-আগরতলা ও ৮-টাউন বড়দোয়ালি কেন্দ্রে পাঁচজন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করলেন







**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** ত্রিপুরা বিধানসভার উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ ৬-আগরতলা ও ৮-টাউন বড়দোয়ালি কেন্দ্রে ৫ জন প্রার্থী মনোনয়নপত্র পেশ করেন। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারদের কাছে মনোনয়নপত্র জমা দেন। উপনির্বাচনে একটি আসনে বামফ্রন্ট ইতিমধ্যেই মনোনয়ন পত্র জমা দিয়েছেন। আজ বাকি তিনটি আসনেও বামফ্রন্ট সমর্থিত প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন। আগামী ২৩ জুন চারটি আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

শুক্রবার ৬ আগরতলা বিধানসভা কেন্দ্রের বামফ্রন্ট সমর্থিত সিপিএম প্রার্থী কৃষ্ণা মজুমদার ও ৮ টাউন বড়দোয়ালী কেন্দ্রের ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এদিন দলিয় কর্মীদের সঙ্গে নিয়ে মনোনয়ন জমা দেওয়ার জন্য যান বামফ্রন্ট মনোনীত দুই প্রার্থী। মনোনয়ন পত্র জমা দেওয়ার আগে আগরতলায় রবীন্দ্র ভবনের সামনে ভীড় জমান দলীয় কর্মীরা। সেখান থেকে দুই প্রার্থীকে নিয়ে শুরু হয় মিছিল। মিছিল শেষে দুই কেন্দ্রের প্রার্থী তাদের মনোনয়ন পত্র পেশ করেন।

এদিন ৬ আগরতলা বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদবের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন সিপিএম প্রার্থী কৃষ্ণা মজুমদার। অন্যদিকে সদর মহকুমা শাসক তথা ৮ টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার অসীম সাহার কাছে মনোনয়ন পত্র তুলে দিয়েছেন ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার। একইভাবে যুবরাজনগরের বামফ্রন্ট প্রার্থী শৈলেন্দ্র চন্দ্র নাথ দলীয় কর্মীদের নিয়ে মিছিল করে ধর্মনগর মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসারের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন। নির্বাচনে শান্তিশৃঙ্খলা ও গনতন্ত্র রক্ষায় মানুষ বমফ্রন্টকে জয়ী করবে বলে আশাবাদী সিপিএম প্রার্থী কৃষ্ণা মজুমদার। অন্যদিকে ৮ টাউনবড়দোয়ালী কেন্দ্রের ফরওয়ার্ড ব্লকপ্রার্থী রঘুনাথ সরকার জয় সম্পর্কে ১০০ শতাংশ আশাবাদী বলে জানিয়েছেন। যুবরাজনগর কেন্দ্রের প্রার্থীও জানিয়েছেন, সিপিএম গড় হিসেবে পরিচিত এই কেন্দ্রে জয় নিশ্চিত।

এদিকে, উপনির্বাচনে প্রার্থী তালিকা ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা২৪৬ ▫ ৪ জুন ২০২২ইং ▫২০ জ্যৈষ্ঠ ▫শনিবার ▫১৪২৯ বঙ্গাব্দ

# নেতৃত্বে দূর্বলতাই কংগ্রেসকে বিপদে ফেলিয়াছে

নেতৃত্বের দুর্বলতা, যাহা কংগ্রেসের পক্ষে বেরনো সম্ভব হইতেছে না। দিল্লির রাজনীতির দরবারে কপিল সিবাল মোটেও খুব ডাকসাইটে নেতা নন। তাঁহার তেমন কোনও জনভিত্তিও নাই যে, মঞ্চে দাঁড়ানো মাত্র লাখ খানেক মানুষ ভাষণ শুনিতে আসিয়া দাঁড়াইয়া পড়িবেন। বরং আইনজীবী হিসেবেই তাঁহার নামডাক। এরপরও কপিল সিবাল কংগ্রেস ছাড়িয়া বার হইয়া যাওয়ায় রাজনীতির সব রাজা-উজিরই নড়িয়াচড়িয়া বসিয়াছেন। কারণটা খুব স্পষ্ট, কংগ্রেসের বিদ্রোহী নেতাদের মধ্যে এই প্রথম কেউ দল ছাড়িয়া বের হইয়াছেন। এতদিন গালভরা 'জি-২৩' নামের মোড়কে তাঁহারা ক্ষোভ প্রকাশ করিয়াছেন, বিদ্রোহী হইয়াছেন, রাহুল গান্ধীকে অল্পবিস্তর কাঠগড়াতেও দাঁড় করাইয়াছেন। কংগ্রেসের 'নাড়ির টান' ছিন্ন করেননি কেউ। এবার সেটাই হইল। আর তারপর থেকেই দিল্লির দরবারের প্রশ্ন, এটাই কি তাহা হইলে ভাঙনের শুরু? যোগানন্দ শাস্ত্রী বা জিতিন প্রসাদের মতো নেতা কংগ্রেস ছাড়িয়াছেন আগেই। তাহার পরও পরিস্থিতি এতটা টালমাটাল বলিয়া মনে হয়নি, যাহা কপিল সিবাল বার হইয়া যাওয়ার পর হইল। প্রশ্ন উঠিতেই পারে, যোগানন্দ বা জিতিনেরও তো জনপ্রিয়তা মারাত্মক কিছু ছিল না। তাহা হইলে কপিল সিবালের সঙ্গে তাঁহারা আজ আলাদা কেন? কারণ একটাই, কংগ্রেস পার্টির প্রতি যে আবেগ, আনুগত্য সিবালের ছিল, দলত্যাগী বাকি নেতারা তাহার ধারেকাছে পৌঁছননি।

কপিল সিবাল একটা কথা বলেন... '১৮ বছর বয়সে যদি আপনি বামপন্থী না হন, তাহা হইলে আপনার মধ্যে কোনও গণ্ডগোল আছে। আর ৩০ বছর বয়সেও যদি আপনি বামপন্থী থাকেন, তাহা হইলেও আপনার মধ্যে বিস্তর গণ্ডগোল রহিয়াছে।' তাই কলেজ বিশ্ববিদ্যালয় জীবনে বামপন্থায় বিশ্বাসী হওয়া সত্ত্বেও তিনি সেই পথ ছাড়িয়া বাছিয়া নিয়াছিলেন কংগ্রেসের দক্ষিণপন্থী আদর্শ। গান্ধীবাদ। ওটাই ছিল তাঁহার আকর্ষণের কেন্দ্রবিন্দু। দক্ষিণপন্থী রাজনীতিতে কেউ যদি আদর্শের টানে নিজেকে সঁপে দেয়, তাহা হইলে ওটাই সাধারণ নিয়ম। আর যদি তাহা শতাব্দী প্রাচীন জাতীয় দল হয়, তাহার মোহ বড় ভয়ঙ্কর। নিচুতলার ক্ষেত্রে চাওয়া-পাওয়ার বিষয়টা যতটা প্রভাব ফেলে, প্রতিষ্ঠিত নেতানেত্রীদের ক্ষেত্রে তেমনটা নয়। তাঁহাদেরও চাহিদা আছে, তবে তাহা অনেকটা আকাশছোঁয়া। নজর তাঁহাদের অনেক উপরে। কাহারও মন্ত্রিত্ব, কাহারও নেতৃত্ব। কপিল সিবালের অবশ্য সেসব ছিল না। রাজ্যসভার আসনের প্রতি হয়তো আকর্ষণ ছিল, কিন্তু তাহার থেকেও এগিয়ে ছিল কংগ্রেসের গরিমা... যাহা আজ অস্তমিত। সেটাই নিতে পারেননি তিনি। নিতে পারিতেছেন না তাঁহারই মতো আরও বহু নেতা। নামগুলো বেশ পরিচিত... গুলাম নবি আজাদ, মুকুল ওয়াসনিক, মিলিন্দ দেওরা, আনন্দ শর্মা। নেতৃত্বের এই সঙ্কট তাঁহারা আজ থেকে দেখিতেছেন না! বরং বছরের পর বছর ফুটো হইয়া যাওয়া এই ছাতা বারবার তাঁহাদের ভাবাইয়াছে। যখনই রাজনৈতিক দোলাচলে ভিজে কংগ্রেস নাস্তানাবুদ হইয়াছে, তাঁহারা চিন্তায় পড়িয়াছেন ওই ফুটো ছাতা নিয়া। আর সেই ইতিহাস কিন্তু খুব নতুন নয়।

ইন্দিরা গান্ধীর প্রয়াণের পর কংগ্রেসের অবস্থা ঠিক কেমন ছিল? রাজীব গান্ধী প্রধানমন্ত্রী হইয়াছিলেন ঠিকই, কিন্তু সিম্প্যাথি ভোটে। মা মরা ছেলেকে উজাড় করিয়া আশীর্বাদ করিয়াছিল ভারত। সেই উত্তরাধিকার তিনি রক্ষা করিতে পারেননি। তাহার মূল কারণ, সংগঠনে দক্ষতার অভাব। রাজীব হত্যার পর নরসিমহা রাও সরকার গঠন করিলেন। এবারও সহানুভূতি ভোট কাজে এল। রাওয়ের সঙ্গে অর্থমন্ত্রী মনমোহন সিংয়ের জুটি ভারতের অর্থনীতিতে বিপ্লব আনিল... আর এখানেই শেষ। একাধিপত্যের গরিমা ফিরিয়া পেল না কংগ্রেস। উল্টে শুরু হইল বিদ্রোহ এবং দলত্যাগের হিড়িক। বিদেশিনী ইস্যুতে। সোনিয়া গান্ধীকে কংগ্রেসের বহু প্রবীণ নেতানেত্রীই সর্বময় কর্ত্রী হিসেবে মানিয়া নিতে পারেননি। শারদ পাওয়ার তাহার সবচেয়ে বড় উদাহরণ। তিনি কংগ্রেস ভাঙিয়া বাহির হইয়া আলাদা দল গঠন করগলেন। তাঁহাকে সফল বলাই যায়! মহারাষ্ট্রে এখনও শারদ পাওয়ার এবং তাঁহার দলের রাজনৈতিক গুরত্ব প্রবল। সেটা ছিল কংগ্রেসের থেকে মুখ ফিরাইয়া নেওয়ার সূচনা। দেশবাসী ধরিয়াই নিয়াছিল, প্রধানমন্ত্রী হইতেছেন সোনিয়া। কিন্তু আচমকা সব অঙ্ক ভুল প্রমাণ করিয়া ওই পদ ছাড়িয়া দিলেন তিনি। ঘোষণা করিলেন, মনমোহন সিংজিই আমাদের সরকারের প্রধান। কে এই মনমোহন সিং? অর্থনীতির জগতে তাঁহার সমান্তরাল খুঁজিয়া পাওয়া ভার। এমনই সম্পদ-সমৃদ্ধ তাঁহার প্রোফাইল। কারণ কিন্তু সেটা ছিল না! আসলে সোনিয়া চাহিয়াছিলেন এমন একজনকে, যাঁহাকে সামনে রাখিয়া তিনি সরকার চালাইয়া নিয়া যাইবেন। সোনিয়া গান্ধীর হালটাও এখন অনেকটা তেমন। তিনি অবশ্য উন্নাসিকতা ছাড়াইয়া এখন রাহুল গান্ধী ছাড়া কাউকে দেখিতে পাইতেছেন না। এই দৃষ্টি যতদিন থমকিয়া থাকিবে, ততদিনই বালির মতো হাতের মুঠো গলিয়া বেরিয়ি যাইবে কংগ্রেস। ঐতিহ্য থাকিবে, হারাইয়া যাইবে প্রাসঙ্গিকতা।

# মুম্বইয়ে জুহুতে ছুরিকাঘাতে খুন, অভিযুক্ত গ্রেফতার

মুম্বই, ৩ জুন(হি.স) : মুম্বইয়ের জুহু এলাকায় বিবাদের সময় ২৮ বছর বয়সী এক যুবককে ছুরিকাঘাতে হত্যা করা হয়েছে বলে শুক্রবার পুলিশ জানিয়েছে। ঘটনাটি বুধবার রাতে নেহরুনগরের আম্বে মাতা চাউলে ঘটে। মৃত যুবকের নাম সুরজ কানোজিয়া।

জুহু থানার আধিকারিক বলেন, 'অভিযুক্ত শেখর নায়ার (৫৫) ও কানোজিয়ার বিবাদের সময় ছুরি দিয়ে আক্রমণ করে। এই ঘটনায় কানোজিয়া মারা যায়।পুলিশ নায়ারকে গ্রেফতার করা হয়েছে।

# কমছে বিশ্বে করোনায় আক্রান্ত ও মৃতের সংখ্যা

ওয়াশিংটন, ৩ মে (হি. স.) : বিশ্বে করোনায় আক্রান্ত ও মৃতের সংখ্যা উল্লেখজনকভাবে হ্রাস পেয়েছে। শুক্রবারের ওয়ার্লোমিটার্সের পরিসংখ্যান অনুসারে, গত ২৪ ঘণ্টায় সারা বিশ্বে করোনায় প্রাণ হারিয়েছেন, ১, ৩৩২ জন। এই নিয়ে মৃতের সংখ্যা বেড়ে হল ৬৩ লক্ষ ১৭ হাজার ২৫৫ জন। একই সময়ের মধ্যে ভাইরাসটিতে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫ লক্ষ ৩৬ হাজার ৫৭১ জন। অর্থাৎ আগের দিনের তুলনায় নতুন শনাক্ত রোগীর সংখ্যা কমেছে প্রায় ১৮ হাজার। মহামারির শুরু থেকে এ পর্যন্ত ভাইরাসে আক্রান্ত মোট রোগীর সংখ্যা বেড়ে হল ৫৩ কোটি ৩৯ লক্ষ ৮৩ হাজার ৪৫১ জন।

গত ২৪ ঘণ্টায় উত্তর কোরিয়ায় করোনায় নতুন করে সংক্রমিত হয়েছেন ৯৬, ৬১০জন। মোট আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩৮ লক্ষ ৩৫ হাজার ৪২০ জন। উত্তর কোরিয়ায় করোনায় প্রাণ হারিয়েছেন ৭০জন। অন্যদিকে, আমেরিকায় গত ২৪ ঘণ্টায় করোনায় নতুন করে আক্রান্ত হয়েছেন ৮২, ৮৬৯ জন। একই সময়ে প্রাণ হারিয়েছেন ২১৬ জন। মোট আক্রান্ত ও মৃতের সংখ্যা বেড়ে হল আট কোটি ৬২ লক্ষ ৭১,২৫৬ এবং ১০ লক্ষ ৩২ হাজার ৮৬২। জার্মানিতে গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪৭ হাজার ৩৯৬ জন এবং প্রাণ হারিয়েছেন ১২৬ জন। দেশটিতে এখন পর্যন্ত ২ কোটি ৬৪ লাখ ৬৯ হাজার ৫৩১ জন করোনায় আক্রান্ত হয়েছেন এবং ১ লাখ ৩৯ হাজার ৬১৬ জন মারা গেছেন। হিন্দুস্থান সমাচার / সোনালি

# সোনালি আঁশের সোনালি নকশা

সাবরিনা মরিয়ম ইলিয়াস

একসময় পাট আমাদের দেশের প্রধান অর্থকরী ফসল ছিল। এ দেশে মূলত সাদা পাট ও তোষা পাটের চাষ হয়। এ ছাড়া বাংলাদেশ পাট গবেষণা প্রতিষ্ঠানের উদ্ভাবিত বেশ কিছু জাত রয়েছে। অনেকেই খাবার টেবিলে পাটের শাক পছন্দ করে থাকেন। পাটের সোনালি আঁশকে কাছ থেকে দেখলে বোঝা যায় এটা কতটা মুগ্ধকর একটি তন্তু। হাতে ধরতে ততটা নরম না হলেও এটি অনেক মজবুত, ফলে পাটের তৈরি বস্তা, কাপড়, ব্যাগ, পর্দা এবং বিভিন্ন নিত্যব্যবহার্য জিনিস দেখা যায়। বাংলাদেশের জলবায়ু পাট চাষের জন্য অত্যন্ত উপযোগী এবং সবচেয়ে উন্নত মানের পাট হয় আমাদের দেশে। কালের প্রবাহে আধুনিক কৃত্রিম তন্তুর বেড়াজালে পড়ে আমাদের পাটশিল্প ধ্বংসের মুখে পড়ে যায়। পাটকলগুলো বন্ধ হয়ে জেতে লাগল, পাটচাষিরাও আগ্রহ হারিয়ে ফেললেন। পাটের প্রাকৃতিক তন্তু থেকে তৈরি ব্যাগ ব্যবহারে আমরা হয়তো পরিত্রাণ পেতে পারি কৃত্রিম পলিথিন ব্যাগের হাত থেকে। অথবা পাটের তন্তু যদি আর একটু নরম করা যায়, আমরা হয়তো একে পরিধানের বস্ত্র তৈরিতে ব্যবহার করতে পারি। বর্তমানে পাটের এ রকম ব্যবহার ব্যয়বহুল। ফলে উৎপাদন হলেও বাজারজাত করা যায় না।

সময়টা ২০১০ সালের জুন মাস। সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা করলেন, একদল বাংলাদেশি বিজ্ঞানীর পাটের জীবনরহস্য উদ্ঘাটনের কাহিনি। সারা বিশ্ব কিছুটা অবাক হয়েছিল বৈকি। বিশেষ করে তখন সময়টা ছিল ২০১০ সাল, মানুষের সম্পূর্ণ জিনোমই সিকোয়েন্স হয়েছে কেবল ১০ বছর হলো। এখনকার যুগের জিনোমিকস অ্যানালাইসিসের মতো এত বেশি বায়োইনফরমেটিকস টুল তখন ছিল না। ডিএনএ সিকোয়েন্স করার প্রযুক্তিও ছিল অপ্রতুল এবং প্রাথমিক পর্যায়ে। এ অবস্থায় বাংলাদেশ সরকারের সহযোগিতায়, কিছু প্রগতিশীল বিজ্ঞানীর নেতৃত্বে এবং একদল উদ্যমী গবেষকের অক্লান্ত পরিশ্রমের ফলে সম্ভব হয়েছিল এই অসাধ্য সাধন। পাটের জিনোমের মেধাস্বত্ব এবং এর দুটি জাতের তুলনামূলক বিশ্লেষণ করে জিনোমের তথ্যসংবলিত গবেষণাপত্রটি প্রকাশ পায় ২০১৭ সালে বিখ্যাত নেচার পাবলিকেশন গ্রুপের নেচার প্ল্যান্ট জার্নালে। বাংলাদেশের অন্যতম প্রধান অর্থকরী ফসল এবং প্রাকৃতিক তন্তুর অন্যতম উৎস হিসেবে এই সোনালি আঁশের জিনোম---রহস্য নিঃসন্দেহে পাটের উৎপাদন এবং গুণগত মান উন্নয়নে অপরিসীম ভূমিকা পালন করতে সক্ষম।

***পাটের আশ***

পাটের জিনোম সিকোয়েন্সিং প্রজেক্ট এবার ঘুরে আসা যাক ২০১০ সালেরও অনেক বছর আগে থেকে। দেশ বরেণ্য জীববিজ্ঞানী প্রফেসর আহমদ শামসুল ইসলাম প্রথম দেশি ও তোষা পাটের সংকরায়ন করেন ষাটের দশকে যা অনেকটা অসাধ্য কাজ ছিল এবং প্রকাশ হয়েছিল বিখ্যাত নেচার সাময়িকীতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলেকুলার বায়োলজি বিভাগের বিজ্ঞানী প্রফেসর হাসিনা খানের ল্যাবে অনেক দিন ধরে পাটের বিভিন্ন জিন নিয়ে কাজ চলে আসছে। কোনো একটি জীবের জিনোমের তথ্যটুকু জানা থাকলে অনেক কাজই সহজ হয়ে যায়। পাটের বিভিন্ন জাতের মধ্যে ভিন্নতা একটু কম এর ফলে সনাতন পদ্ধতিতে প্রজনন প্রক্রিয়ায় এর উন্নত জাত পাওয়ার সম্ভাবনাও কম। তাছাড়া টিস্যু কালচার পদ্ধতিও পাটে খুব একটা কাজ করেনা। এজন্য বিভিন্ন উপকারী বা অপকারী জিন সনাক্ত করে সেগুলোকে ট্রান্সফরমেশন প্রক্রিয়ায় আরেকটি পাটের জাতে প্রবেশ করিয়ে জেনেটিকালি ট্রান্সফরমড পাট তৈরি করেছে ড. হাসিনার গবেষকদল। এবার আসা যাক আরেকজন বিজ্ঞানীর কথায়। ড. মাকসুদুল আলম হাওয়াই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষক কিন্তু আমাদের বাংলাদেশেরই ছেলে। তিনি হাওয়াইয়ান পেঁপের জিনোম সিকোয়েন্স করে পেঁপের রিং ভাইরাসের হাত থেকে রক্ষার উপায় বাতলে দেন। পরবর্তীতে মালয়েশিয়ান সরকারের আমন্ত্রনে তাদের রাবারের জিনোমের সিকোয়েন্সিংয়ে নেতৃত্ব দেন তিনি। প্রফেসর আহমদ শামসুল ইসলামের আমন্ত্রণে তিনি দেশে আসেন। জিন বিজ্ঞানী ড় হাসিনা খান, ড় জেবা ইসলাম সেরাজ, ড. আবেদ চৌধুরীসহ অন্য সবার সঙ্গে তারও একই স্বপ্ন। আমাদের পাটের জিনোমের সিকোয়েন্স করা। কিন্তু এই বিশাল খরচ বহন করবে কে, সরকার কি এতটা সাহায্য করবে? আমাদের জিন বিজ্ঞানীগণ লেগে গেলেন সবার সামনে জিনোম সিকোয়েন্সের উপকারিতা এবং এতে বাংলাদেশ কিভাবে উপকৃত হতে পারে তা তুলে ধরতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি গোল টেবিল বৈঠকে তৎকালীন মাননীয় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এলেন বিজ্ঞানীদের বক্তব্য শুনতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভিসি জনাব আরেফিন সিদ্দিকীর অনুরোধে এবং ড. হাসিনা খান ও ড. জেবা ইসলাম সেরাজের উদ্যোগে। ড. জেবা ব্যাখ্যা করলেন, কিভাবে ধানের জিনোম সিকোয়েন্স ব্যবহার করে তার গবেষকদল উপকৃত হচ্ছে লবণ সহনশীল ধান উদ্ভাবনে। ড. হাসিনা খান উপস্থাপন করেন কিভাবে পাটের জিনোম সিকোয়েন্স জানা থাকলে পাটের গবেষণা আরও ত্বরান্বিত ও উন্নত হবে। ড় হাসিনা তার বক্তব্য শেষ করেন ড় মাকসুদুল আলমের হাওয়াইয়ান পেঁপের জিনোমের সাফল্যের কথা বলে। এই বৈঠকের ওপর বেশ বড় করে পরে বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের সাধারণ সম্পাদক মুনির হাসান প্রথম আলো পত্রিকায় লেখেন। এর ফলে পাটের জিনোম সিকোয়েন্স করার তাৎপর্য ও ভবিষ্যৎ পাটশিল্প রক্ষায় এর ভূমিকা উপলব্ধি করতে আমাদের বিচক্ষণ কৃষিমন্ত্রীর উপলব্ধি করতে দেরি হয়নি।

পাটের জিনোম সিকোয়েন্স প্রজেক্ট থেকে শুধু যে পাটের জিনোমের ক্রমবিন্যাস জানা যাবে তা নয়, এতে একদল প্রশিক্ষণপ্রাপ্ত গবেষক দল তৈরি হবে যারা পরবর্তীতে অন্যদের প্রশিক্ষিত করবে। এভাবে আধুনিক জীববিজ্ঞানের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বাংলাদেশি বিজ্ঞানীরা অবদান রেখে যাবে। অনেকটা সেই তিন গোয়েন্দা সিরিজের ভূত থেকে ভূতের মত। এক জনের কাছ থেকে ৩ জন শিখবে আবার সেই ৩ জনে আরও ৩ জনকে শিখিয়ে মোট ৯ জন শিখবে। তিনটি ভিন্ন দলের সমন্বয়ে তৈরি হল গবেষকদল স্বপ্নযাত্রা। এখানে থাকল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মলেকুলার বায়োলজি এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের ছাত্রছাত্রীরা, ডেটাসফট বাংলাদেশের কিছু তরুণ বিজ্ঞানী। নেতৃত্বে থাকলেন ড. মাকসুদুল আলমের সঙ্গে ড় হাসিনা খান, ড় মাহবুব জামান। তাদের সঙ্গে ছিলেন সবসময় ড় মুহাম্মদ জাফর ইকবাল, ড. জেবা ইসলাম সেরাজসহ আরও অনেকে। বাংলাদেশ পাট গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীরা এই যাত্রায় অংশ নেন এবং পরবর্তীতে ড় মাকসুদুল আলমসহ বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউটের তৎকালীন মহাপরিচালক ড. কামালউদ্দিন এবং পরিচালক ড. মনজুরুল করিমের তত্ত্বাবধায়নে পথ চলা শুরু হয় পাট বিষয়ক মৌলিক এবং ফলিত গবেষণা প্রকল্পের। জিনোম সিকোয়েন্সে প্রজেক্টের পুরো দলটির মধ্যে কাজ করত দেশপ্রেম। তাই সবাই আত্মস্থ করে নিয়েছিল এ কাজে সফল হতে হবে যেন বাংলাদেশের জন্যেই। হাজার হলেও বাংলাদেশের সকল মানুষের অংশীদার, সরকারের আর্থিক সহায়তায় পাটের জিনোম প্রজেক্টের পথচলা।

জিনোম সিকোয়েন্সিংয়ের হাতেখড়ি প্রতিটি জীবের কোষের মধ্যে নিউক্লিয়াসে ডিএনএ থাকে, যা তৈরি হয় ৪টি রাসায়নিক পদার্থ বা বেস (ক্ষার) দিয়ে। অ্যাডেনিন, গুয়ানিন, থায়মিন ও সাইটোসিন। নিঃসন্দেহে এটি অবাক করার মতো বিষয় যে কীভাবে এই চারটি অক্ষরের বিন্যাস ও সমাবেশে তৈরি হয় আমাদের জীবনের নকশা। জিনোম সিকোয়েন্স করে আমরা মূলত জানতে পারি কোন বেসের পরে কোন বেস থাকে। মজার ব্যাপার হচ্ছে, এই বিন্যাস সমাবেশের মধ্যে আবার কিছু প্যাটার্ন তৈরি হয়। যেমন ওএ তিনটি বেস পরপর থাকলে সেখানে একটি জিনের সূচনা হতে পারে। তাই বলে যেকোনো ও কেই জিনের সূচনা বলা চলবে না। এর সঙ্গে আরও কিছু প্যাটার্ন থাকতে হবে, যেখানে এসে জিনের সূচনাকারী প্রোটিন (ট্রান্সক্রিপশন ফ্যাক্টর) বসতে পারে। এই অংশটিকে বলে প্রমোটার, যাকে অনেক সময় চেনা যায় কিছু বিশেষ বেসের সমাবেশে। যেমন পরপর ও এর একটি বিশেষ সমাবেশ থাকলে একে বক্স বলে, যা প্রমোটার চেনার একটি অন্যতম উপায়। জিনোম সিকোয়েন্স করার ফলে আমরা আসলে জানতে পারি কোন বেসের পরে কোন বেসটি আছে। এরপর আমরা বায়োইনফরমেটিকসের বিভিন্ন সফটওয়্যারের মাধ্যমে এই ছড়িয়ে থাকা প্যাটার্নগুলো খুঁজে বের করতে পারি। চিহ্নিত করতে পারি, কোথায় জিনের শুরু কোথায় জিনের শেষ, কোথায় প্রমোটার আছে, কোথায় জিনের প্রকাশকারী অংশ আছে ইত্যাদি। এ জন্যই জিনোমকে বলা হয়ে থাকে জীবনের নকশা। এই যে জিনের সূচনা বা শেষ হওয়া, এগুলোর মধ্যে সামান্য হলেও ভিন্নতা থাকে একই রকমের দুটি প্রাণী বা উদ্ভিদের জাতে। আমাদের সবার জিনোম এই ও দিয়ে তৈরি। কিন্তু এই বিন্যাস সমাবেশে ভিন্নতার কারণে কেউ হয়তো মানুষ, কেউ পাট, আবার কেউ ছত্রাক।

অনেকেই হয়তো মলিকুলার বায়োলজির মূল মতবাদ বা সেন্ট্রাল ডগমা সম্পর্কে জানেন। এই মতবাদ অনুযায়ী প্রতিটি জীবে ডিএনএ থেকে আরএনএ এবং আরএনএ থেকে প্রোটিন তৈরি হয়। প্রথম ধাপটির নাম ট্রান্সক্রিপশন এবং পরের ধাপটির নাম ট্রান্সলেশন। আবার ডিএনএ থেকেও ডিএনএ তৈরি হয়, একে বলে রেপ্লিকেশন। এ ছাড়া আরএনএ থেকেও ডিএনএ তৈরি হতে পারে, একে বলে রিভার্স ট্রান্সক্রিপশন।

যখন আমরা বলি একটি জিনের এক্সপ্রেশন হয়েছে বা প্রকাশ ঘটাচ্ছে, এর অর্থ হলো ডিএনএ থেকে জিনটির আরএনএ তৈরি হয়েছে। এই আরএনএর পরিমাণ আমাদের দেহে সব সময় একই রকম থাকে না। যখন খুব গরম লাগে তখন হয়তো কিছু জিনের আরএনএ বেড়ে যায় এই গরম সহ্য করার জন্য। উদ্ভিদের ক্ষেত্রেও এ রকমটি ঘটে। এই যে আরএনএর পরিমাণ কমবেশি হচ্ছে, বিজ্ঞানীরা বুদ্ধি করে এটা মাপার উপায়ও বের করে ফেলেছেন। ব্যাপারটা খুব সহজ। কিছু আরএনএকে যদি আমরা সিকোয়েন্স করি, যে জিনের আরএনএ বেশি তার রিডসের সংখ্যাও বেশি হবে। এভাবে আমরা আরএনএর কমবেশি সংখ্যা গণনা করতে পারি। একেই বলে আরএনএ সিকোয়েন্সিং। ল্যাবরেটরিতে আরএনএ আলাদা করে রিভার্স ট্রান্সক্রিপশন করে আরএনএ থেকে ডিএনএ করা হয়, যাকে বলে সিডিএনএ। এরপরে এদের সিকোয়েন্সিং করা হয়। একটি বিশেষ সময়ে যতগুলো এমআরএনএ আছে, তাদের একত্রে ট্রান্সক্রিপটম বলে। ঠিক যেমন সব জিন এবং জিনের নিয়ন্ত্রণকারী উপাদানগুলোর সমন্বয়ে গঠিত হয় জিনোম। একইভাবে একটি জীবের সব প্রকাশিত প্রোটিনকে একত্রে বলে প্রোটিওম। এভাবে এখনকার যুগটা হয়ে গেছে অমিকসের যুগ, আছে মেটাবলমিকস, ফেনমিকস ইত্যাদি। কোনো জীবের জিনোম সিকোয়েন্স করা বলতে আমরা বুঝি তার ডিএনএটা আলাদা করে এর ক্রমবিন্যাসটা নির্ধারণ করা। এ ব্যাপারটা কিন্তু খুব সহজ নয়; সেই ষাটের দশকে বিজ্ঞানী স্যাঙ্গার এই ক্রমবিন্যাস নির্ধারণের একটি পদ্ধতি বের করেন। এটা সম্ভব হয়েছিল ডিএনএ ও নামের এই চারটি রাসায়নিক বেস দিয়ে তৈরি বলে। ডিএনএর সম্পূর্ণ ফর্ম হলো ডিঅক্সিরাইবনিউক্লিক অ্যাসিড। যার মানে পুরো গঠনটিতে একটি অক্সিজেন মিসিং থাকবে, তিনি করলেন কি এই চারটি বেসের মতোই কিছু পরিবর্তিত বেস দিয়ে ল্যাবরেটরিতে পিসিআর করে ডিএনএ তৈরি করলেন। এই পরিবর্তিত বেসগুলোতে দুটি অক্সিজেন মিসিং। ফলে এদের নাম হলো ডাই ডিঅক্সিরাইবনিউক্লিক অ্যাসিড। এ ছাড়া এদের সঙ্গে কিছু ফ্লুরোসেন্স ট্যাগ করে দিলেন, চারটির জন্য চার রং। এই পিসিআর বিক্রিয়া সরাসরি পর্যবেক্ষণ করা যায়। এই বিক্রিয়ায় ডিএনএকে বহুগুণে বাড়িয়ে দেওয়া যায়। প্রথমে ডিএনএ, চারটি বেস, চারটি পরিবর্তিত বেস এবং ডিএনএ তৈরির অন্যান্য উপাদান দেওয়া হয়। ডিএনএ তৈরি হতে হতে যখনই কোনো একট পরিবর্তিত বেস পায়, তখনই বিক্রিয়া থেমে যায় এবং ফ্লুরোসেন্সের রং প্রদর্শন করে। এভাবে একটা একটা করে বেস দিয়ে ডিএনএটা বাড়তে থাকে এবং একসময় সব পজিশনেই একটি না একটি পরিবর্তিত বেস ব্যবহৃত হয়। ওই পজিশনে আসলে কোন বেসটি আছে, তা ফ্লুরোসেন্সের মাধ্যমে আমরা জানতে পারি। এই উপায়ে ছোট জিনগুলোর সিকোয়েন্স জানা যায়। কিন্তু একটি জীবের সব জিনের ক্রম জানা এ পদ্ধতিতে অনেক ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ কাজ। মানুষের জিনোম সিকোয়েন্স প্রথমে এভাবেই করা হয়েছিল।

এখনকার যুগে জিনোম সিকোয়েন্সের টেকনোলজি অনেকটা উন্নত। ফ্লুরোসেন্স ট্যাগের ব্যবহার কমবেশি সব টেকনোলজিতে আছে। ইলুমিনা, সলিড, ৪৫৪, অক্সফোর্ড ন্যানোপোর এ রকম কিছু আধুনিক টেকনোলজি। এদের মূল সমস্যা, এরা ডিএনএকে ছোট ছোট খণ্ডে সিকোয়েন্স করতে পারে। স্যাঙ্গারে যেখানে ৮০০ বেস একত্রে করা যায়, এরা হয়তো ১০০ বা ১৫০ বা ৪৫০ একত্রে করতে পারে। একমাত্র অক্সফোর্ড ন্যানোপোর আরএনএ সরাসরি সিকোয়েন্স করা সম্ভব হয়। পাটের জিনোম করার জন্য এই নেক্সট জেনারেশন সিকোয়েন্সিং করা হয়, এরপরে এই খণ্ড ক্রমগুলো পরপর সাজানো হয় ঠিক পাজল মেলানোর মতো। একে বলে অ্যাসেম্বলি। এর মধ্যে আরও কিছু ফাইন টিউনিং ধাপ থাকে, যেমন আমাদের জিনোমে অনেক রিপিট থাকে। অনেকখানি অংশজুড়ে হয়তো পরপর অনেক বা অনেক প্রাথমিকভাবে এদের মাস্ক করে বা সরিয়ে রাখা হয়। কারণ, পাজল মেলানোর সময় এরা সমস্যা তৈরি করতে পারে। এরপরের সিকোয়েন্সের প্যাটার্ন মিলিয়ে বের করা হয় কোথায় জিনের শুরু বা শেষ, কোথায় প্রমোটার ইত্যাদি। একে বলে অ্যানোটেশন। মূলত এই পদ্ধতিটি হচ্ছে স্ট্রাকচারাল বা গঠনগত অ্যানোটেশন। আরেক ধরনের অ্যানোটেশন আছে। তাকে বলে ফাংশনাল অ্যানোটেশন। সেট আগের পাবলিক ডেটাবেসে থাকা কোনো জিনের সঙ্গে মিলিয়ে দেখা হয় ব্লাস্ট নামের একটি টুলের সাহায্যে। ফলে আগে থেকে জিনটির কাজ জানা থাকলে, নতুন সিকোয়েন্স করা জিনোমটির ক্ষেত্রেও জিনের কাজটা সম্পর্কে একটি ধারণা পাওয়া যায়।

***পাটের জিনোম নকশা***

পাটের জিনোম প্রকল্পের গবেষকদের প্রথম লক্ষ্য ছিল রোগ---বালাইয়ের জন্য দায়ী ভাইরাস, ব্যাকটেরিয়া বা ছত্রাকের হাত থেকে বাঁচার জন্য যে জিনগুলো দরকার, সেগুলো শনাক্ত করা। পাটের ডিএনএ খণ্ড খণ্ড করে সিকোয়েন্স করে সেগুলোর জিন বিশ্লেষণ করা খুব সোজা ছিল না। তাই কাজ চলছিল খুব ধীরগতিতে। একসময় সেটা সম্পন্ন হলো। এরপরই ভাইরাস বা ছত্রাকরোধী জিনগুলো শনাক্তকরণের কাজটি অনেক সহজ হয়ে গেল। অন্যান্য জীবের জিনের সিকোয়েন্সের সঙ্গে মিলিয়ে পাটের জিনগুলোর কাজ সম্পর্কে ধারণা পেলেন গবেষকেরা। অর্থাৎ গবেষকদের হাতে একটি হাতিয়ার চলে এল। এর সাহায্যে তাঁরা জানতে পারলেন, ঠিক কোন অংশে পরিবর্তন করলে একটি জিনের কার্যকারিতা বন্ধ করে দেওয়া যাবে। এ অবস্থায় একটি জিনকে অকার্যকর করে বিজ্ঞানীরা সেই জিনটির প্রকৃত কাজ সম্পর্কে নিশ্চিত হতে পারছেন। এ ঘটনাকে বলে জিনের মিউটেশন।

পাটের জিনোম সিকোয়েন্স করার পরে অন্য ১৩টি উদ্ভিদ জিনোমের সঙ্গে এর সম্পর্ক দেখা হয়েছে। দেখা গেছে, মালভেসি পরিবারের কাকাও এবং তুলার জিনের সঙ্গে পাটের জিনের বেশ মিল রয়েছে। ক্লোরোপ্লাস্টের ডিএনএ দিয়ে ফাইলোজেনেটিক বিশ্লেষণ করেও একই ফলাফল পাওয়া গেছে। এ ছাড়া পাটের দুটি জাতের মধ্যে অনন্য কিছু বৈশিষ্ট্যের জিন পাওয়া গেছে, এই বিশেষ জিনগুলো এই পরিবারের অন্য উদ্ভিদের মধ্যে নেই। ফাইবার তন্তুর কোষগুলোতে কোন কোন জিনের এক্সপ্রেশন বেশি, সেটা বোঝার চেষ্টা করা হয় একটা বিশেষ পদ্ধতিতে। এই পদ্ধতিতে অলিটরিয়াস এবং ক্যাপসুলারিসের আরএনএ সিকোয়েন্সিং তথ্যের তুলনা করা হয় এবং কিছু বিশেষ জিন শনাক্ত করা যায়। পাটের মূল ব্যাপারটাই হলো এর তন্তু। তন্তুই পাটের উৎপাদন এবং গুণগত মানের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ফাইবার কোষে বিশেষভাবে প্রকাশ পাওয়া কিছু জিন শনাক্ত করতে সক্ষম হন গবেষকেরা। এই জিনগুলো ভাসকুলার ক্যাম্বিয়ামের জন্ম এবং বিস্তারে ভূমিকা রাখে।

পাটে যদি ১৫ শতাংশ লিগনিনের উপস্থিতি থাকে, তাহলে সমস্যার সৃষ্টি হবে। এর তন্তু শণ বা অন্যান্য প্রাকৃতিক তন্তুর তুলনায় খসখসে হয়। কারণ, শণে লিগনিনের পরিমাণ মাত্র ৫ শতাংশ। যদিও বেশি লিগনিন পাটের তন্তুকে মজবুত করে। দেখা গেছে, সাদা পাটের তুলনায় তোষা পাটে লিগনিন বেশি, সেলুলোজ কম। আবার রঙের জন্য দায়ী এনজাইমগুলোর জিনের পার্থক্য আছে। আর এই পার্থক্যের কারণেই তোষা পাটের রং সোনালি কিন্তু সাদা পাটের রং সাদা। এ ছাড়া সাদা পাট তোষা পাটের তুলনায় বন্যা ও খরাসহিষ্ণু। কিন্তু রোগ—বালাই আবার সাদা পাটেই বেশি আক্রমণ করে।

পাটের কাণ্ড পচা রোগ সৃষ্টিকারী ছত্রাকের জিনোম পাটের জিনোম সিকোয়েন্স আবিষ্কার করেই পাটের মৌলিক ও ফলিত গবেষণার প্রতিষ্ঠানটির কাজ থেমে থাকেনি। এরপর গবেষকদলটি পাটের কাণ্ড পচা রোগের জন্য দায়ী ছত্রাক ম্যাক্রফমিনা ফ্যাসিওলিনার জিনোম সিকোয়েন্স করেন। কাণ্ড পচা রোগের আক্রমণে পাটের ফলন ৩০-৭০ শতাংশ পর্যন্ত কমে যেতে পারে। পাটের বিশেষ একটি জাত আছে পাট গবেষণা ইনস্টিটিউটে, যা ধবধবে সাদা আঁশযুক্ত। এর ফলে এটাকে বিনা ব্লিচিংয়ে পাটপণ্য তৈরিতে ব্যবহার করা যায়। এতে একদিকে যেমন এর উৎপাদন খরচ কমে যায়, পরিবেশও ভালো থাকে। সমস্যা হলো এই জাতটি কাণ্ড পচা রোগে অতিমাত্রায় সংবেদনশীল। ফলে জাত হিসেবে কৃষকের কাছে অজনপ্রিয়। ম্যাক্রফমিনা ছাত্রকের জিনোম সিকোয়েন্স এখন অনেক তথ্য দেবে বিজ্ঞানীদের। ম্যাক্রফমিনা কোন জিন ব্যবহার করে, এটি পাটের কাণ্ড পচা রোগ সৃষ্টি করে, তা এখন সহজেই জানা যাবে এবং সেই অনুযায়ী পাটের কিংবা এই ছত্রাকে জিনোম পরিবর্তন করে কাণ্ড পচার কার্যকারিতা সীমিত করে দেওয়া যাবে।

পাটের জিনোম এবং ভবিষ্যৎ পদক্ষেপ বিশ্বজুড়ে চলছে জিনোম সিকোয়েসিংয়ের যুগ। কম্পিউটারের কম্পিউটেশন ক্ষমতাও সেই হারে বৃদ্ধি পাচ্ছে। কারণ, জিনোমের তথ্যগুলো কম্পিউটারে অনেক জায়গা দখল করে। জিনের তথ্য বিশ্লেষণের জন্য লাগে সুপার কম্পিউটার, এর গণনা ও প্রসেসিং ক্ষমতা অনেক বেশি। একই সঙ্গে বায়োইনফরমেটিকস এবং জীববিজ্ঞানে দক্ষতাও জরুরি। প্রথম দিকে পাটের জিনোম সিকোয়েন্সিংয়ের কাজগুলো করা হয়েছিল মালয়েশিয়ায় এবং কম্পিউটেশনাল বিশ্লেষণগুলো করা হয়েছে বাংলাদেশে। এখন বাংলাদেশেই রয়েছে নেক্সট জেনারেশন সিকোয়েন্সিং সিস্টেম। প্রযুক্তির সঠিক ব্যবহার করে সফলতা পেতে আমাদের লাগবে দক্ষ জনবল। দেশের বিভিন্ন গবেষণাগারে জিনোম সিকোয়েন্স থেকে পাওয়া তথ্য ব্যবহার করে পাটের জাত উন্নয়নের প্রচেষ্টা চলছে। এ ছাড়া পাটের জিনোম থেকে পাওয়া তথ্য থেকে ২টি পেটেন্ট এবং ছত্রাকের জিনোম থেকে ৩টি প্রভিশনাল পেটেন্টের আবেদন করা হয়েছে মেধাস্বত্ব অর্জনের লক্ষ্যে। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও সরকারি অর্থায়নে এ প্রকল্পটি সম্পন্ন করা হয়। এটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে, উন্মুক্ত করেছে বাংলাদেশে আরও জীবের জিনোম সিকোয়েন্স করার সম্ভাবনা। পাটের জিনোম সিকোয়েন্সিং করার অন্যতম স্বপ্নদ্রষ্টা মাকসুদুল এখন আর পৃথিবীতে নেই। তবে জিনোম সিকোয়েন্সের সাহায্যে তৈরি করা উৎকৃষ্ট মানের পাটের জাত কৃষকের হাতে তুলে দিতে পারলেই হবে তাঁর স্বপ্নের প্রকৃত বাস্তবায়ন।

যখন আমরা বলি একটি জিনের এক্সপ্রেশন হয়েছে বা প্রকাশ ঘটাচ্ছে, এর অর্থ হলো ডিএনএ থেকে জিনটির আরএনএ তৈরি হয়েছে। এই আরএনএর পরিমাণ আমাদের দেহে সব সময় একই রকম থাকে না। যখন খুব গরম লাগে তখন হয়তো কিছু জিনের আরএনএ বেড়ে যায় এই গরম সহ্য করার জন্য। উদ্ভিদের ক্ষেত্রেও এ রকমটি ঘটে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

## উপনির্বাচনে ”রেকর্ড” জয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ধামীকে শুভেচ্ছা জেপি নড্ডার

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : শুক্রবার চম্পাবত আসন থেকে উপনির্বাচনে ”রেকর্ড” জয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামীকে শুভেচ্ছা জানালেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নড্ডা।
এদিন তিনি বলেন, 'উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ধামীকে শুভেচ্ছা জানাই। আমার বিশ্বাস, মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামীর নেতৃত্বে উত্তরাখণ্ড আরও প্রগতির দিকে এগিয়ে যাবে এবং সফলতার শিখরে পৌঁছবে।' মুখ্যমন্ত্রী হিসেবে



টিকে থাকার জন্য ধামির জন্য এটি অত্যন্ত প্রয়োজনীয় বিজয় ছিল। কেননা তিনি বিজেপির ব্যাপক জয় সত্ত্বেও রাজ্য বিধানসভা নির্বাচনে হেরেছিলেন। এদিন ধামী উপ-নির্বাচনে ফলাফল ঘোষণার পর পুষ্কর সিং ধামি ৫৮,২৫৮ ভোট পেয়েছেন। কংগ্রেস প্রার্থী নির্মলা গাহাতোদির মাত্র ৩,২৩৩ ভোট পেয়েছেন। ধামি এবং কংগ্রেসের গাহাতোদি ছাড়াও সমাজবাদী পার্টির মনোজ কুমার ভাট এবং নির্দল প্রার্থী হিমাংশু গাদকোটিও নির্বাচনে প্রতিন্দ্বন্দিতা করেন। গত ৩১ মে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় এবং আজ ভোট গণনা হয়।

## চিনের সিচুয়ান প্রদেশে ভূমিকম্পে মৃত্যু ৪ জনের, ক্ষতিগ্রস্ত অসংখ্য মানুষ

বেজিং, ৩ জুন (হি.স.): শক্তিশালী ভূমিকম্পে লন্ডভন্ড হয়ে গিয়েছে দক্ষিণ-পশ্চিম চিনের সিচুয়ান প্রদেশের ইয়ান শহর। ভূমিকম্পে মৃত্যু হয়েছে ৪ জনের, আহত কমপক্ষে ৪০ জন। ক্ষতিগ্রস্ত হয়েছেন ১৪,৪২৭ জন মানুষ। গত বুধবার বিকেলে চিনের সিচুয়ান প্রদেশে ৬.১ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। শুক্রবার সকালে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে জানা গিয়েছে, ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হয়েছেন ১৪ হাজারের বেশি মানুষ। বেজিংয়ের সময় অনুযায়ী, গত বুধবার বিকেলে পাঁচটা নাগাদ সিচুয়ান প্রদেশের লুশান কাউন্টিতে ৬.১ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের উৎসস্থল ছিল ভূপৃষ্ঠের ১৭ কিলোমিটার গভীরে, ৩০.৪ ডিগ্রি উত্তর অক্ষাংশ ও ১০২.৯ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশ। জোরালো তীব্রতার ভূমিকম্পে কেঁপে ওঠে ঘর-বাড়ি, মৃত্যু হয়েছে ৪ ও কমপক্ষে ৪০ আহত হয়েছেন। ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হয়েছেন অসংখ্য মানুষ।

## প্রয়াত সঙ্গীতশিল্পী শেইল সাগর

নয়াদিল্লি, ৩ মে (হি. স.) : এবার মাত্র ২২ বছর বয়সে মারা গেলেন সঙ্গীতশিল্পী শেইল সাগর। বৃহস্পতিবার মারা গিয়েছেন তিনি, কিন্তু তাঁর মৃত্যুর খবর শুক্রবার জানা গিয়েছে। তবে কী করে তাঁর মৃত্যু হল, সেই বিষয়ে কিছু জানা যায়নি।
দিল্লির বাসিন্দা শেইল সাগর একজন উঠতি সঙ্গীতশিল্পী ছিলেন। মাত্র ২২ বছরের এই তরুণ সংগীতশিল্পী, সঙ্গীত সাফল্যে একাধিক পুরস্কার পেয়েছেন। একজন স্বাধীনচেতা মিউজিশিয়ান ছিলেন শেইল। আর এই বয়সেই একাধিক ভাল কাজ করে গেলেন তিনি। তাঁর প্রথম সিঙ্গলস 'ইফ আই ট্রাইড' রিলিজের পর থেকেই তিনি জনপ্রিয়তা অর্জন করতে থাকেন নতুন প্রজন্মের কাছে। এমনকী ২০২১ সালে তাঁর আরও তিনটে সিঙ্গলস রিলিজ করেছিল, সেগুলিও দারুণ জনপ্রিয়তা পেয়েছিল। সেগুলি হল, 'বিফোর ইট গোজ', 'স্টিল', 'মিস্টার মোবাইল ম্যান লাইভ'।

## পূর্ব দিল্লিতে খুনের ঘটনায় পলাতক অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : পূর্ব দিল্লির একটি এনকাউন্টারের পরে এক হত্যা মামলায় পলাতক অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। শুক্রবার পুলিশ এ খবর জানিয়েছে। অভিযুক্তের নাম প্রিন্স ওয়াধওয়া এবং সে গীতা কলোনীর বাসিন্দা। গত ২৪ মে সে ও তার সহযোগী গৌরব এবং বিকাশের সঙ্গে কৃষ্ণ নগরের ঘোন্ডলি চকে জিতেন্দ্র চৌধুরীকে গুলি করে হত্যা করে।বৃহস্পতিবার গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ গীতা কলোনির এসডিএম অফিসের কাছে অভিযান চালিয়ে রাত ১১ টার নাগাদ অভিযুক্তকে গ্রেফতার করে। অভিযুক্ত পিস্তল বের করে পুলিশকে লক্ষ্য করে গুলি চালায়। গুলি বিনিময়ে, ওয়াধওয়া তার ডান বাহুতে আঘাত পায় বলে পুলিশ জানিয়েছে। তাকে চিকিৎসার জন্য লোক নায়ক জয় প্রকাশ (এলএনজেপি) হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তার কাছ থেকে দুটি পিস্তল, আট রাউন্ড গুলি ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

## প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে দেখা করলেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করলেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী বেঞ্জামিন গ্যান্টজ। বৃহস্পতিবার বৈঠকে ইসরায়েলি মন্ত্রী গ্যান্টজ দুদেশের মধ্যে প্রতিরক্ষা খাতে সহযোগিতা ও বিনিয়োগের পাশাপাশি বৈশ্বিক স্থিতিশীলতায় অবদান রাখার ওপর জোর দেন। এর আগে, গ্যান্টজ ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বৈঠকে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও প্রতিরক্ষা শিল্প সহযোগিতা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনার পাশাপাশি দুই দেশের বর্তমান সামরিক কার্যক্রমও পর্যালোচনা করা হয়। ভবিষ্যতের প্রযুক্তি এবং প্রতিরক্ষা সহ-উৎপাদনে সহযোগিতা বাড়ানোর উপায় নিয়েও দু”জন আলোচনা করেছেন।

# ৫৫ হাজারের বেশি ভোটে চম্পাবত উপ-নির্বাচনে জয়ী পুষ্কর ধামি, টিকিয়ে রাখলেন মুখ্যমন্ত্রী পদ

দেহরাদূন, ৩ জুন (হি.স.): উত্তরাখণ্ডের চম্পাবত বিধানসভা আসনের উপনির্বাচনে জয়লাভ করেছেন মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। ৫৫ হাজারের বেশি ভোটে জিতে মুখ্যমন্ত্রী পদ টিকিয়ে রাখলেন ধামি। শুক্রবার সকাল থেকে চম্পাবত বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণনা শুরু হয়। শুরু থেকেই এগিয়ে ছিলেন পুষ্কর সিং ধামি। তৃতীয় রাউন্ড গণনার পর তিনি এগিয়ে ছিলেন ১০,৬১৭ ভোটে, সপ্তম রাউন্ডের পর এগিয়ে ছিলেন ২৫,২১৯ ভোটে, ১২ রাউন্ডের গণনার শেষে ৫১,৩১৫ ভোটে এগিয়ে ছিলেন পুষ্কর। সবশেষে ৫৫ হাজারের বেশি ভোটে জয়লাভ করেছেন তিনি। ধামি ৫৫ হাজার ২৫ ভোটে কংগ্রেস প্রার্থী নির্মলা গাহতোরীকে হারিয়ে দিয়েছেন।



চম্পাবত আসনের উপনির্বাচনে জয়লাভের পর পুষ্কর ধামিকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'চম্পাবত থেকে রেকর্ড জয়ের জন্য উত্তরাখণ্ডের প্রগতিশীল মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামিকে অভিনন্দন। আমার দীর্ঘ বিশ্বাস, তিনি উত্তরাখণ্ডের উন্নতির জন্য আরও কঠোর পরিশ্রম করবেন। বিজেপির ওপর বিশ্বাস রাখার জন্য আমি চম্পাবতের জনগণকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের কর্মকর্তাদের তাঁদের কঠোর পরিশ্রমের জন্য প্রশংসা করছি।'
ইতিমধ্যেই ধামিকে অভ্যর্থনা জানিয়েছেন বিজেপি কর্মী-সমর্থকরা। চম্পাবতের জনগণকে ধন্যবাদ জানিয়ে পুষ্কর সিং ধামি বলেছেন, একটি ঐতিহাসিক দিন। আমি চম্পাবতের জনসাধারণকে ধন্যবাদ জানাতে চাই, যারা আমাকে তাঁদের সমর্থন দিয়েছেন। উল্লেখ্য, উত্তরাখণ্ড বিধানসভা নির্বাচনে এবার পরাজিত হয়েছিলেন পুষ্কর সিং ধামি। খাতিমা বিধানসভা আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন ধামি, কিন্তু হেরে যান তিনি। ভোটে হারলেও ধামির ওপরই আস্থা রাখে বিজেপি। তাঁকেই মুখ্যমন্ত্রী করা হয়। গত ৩১ মে চম্পাবত বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ হয়। ৫৫ হাজারের বেশি ভোটে জিতে মুখ্যমন্ত্রী পদ টিকিয়ে রাখলেন ধামি।

# জি-২০ দেশের মধ্যে ভারত সবচেয়ে দ্রুত গতিতে এগিয়ে চলেছে : প্রধানমন্ত্রী

লখনউ, ৩ জুন (হি.স.): জি-২০ দেশের মধ্যে ভারত সবচেয়ে দ্রুত গতিতে এগিয়ে চলেছে। উত্তর প্রদেশে বিনিয়োগকারীদের সম্মেলনে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিগত ৮ বছরের শাসনকালের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেছেন, 'ভারত বিগত ৮ বছরে ”"সংস্কার, সম্পাদন এবং রূপান্তর”" মন্ত্রে এগিয়েছে।' শুক্রবার লখনউয়ের ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে উত্তর প্রদেশে বিনিয়োগ সম্মেলনের ৩.০ গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।



এদিন প্রধানমন্ত্রী বলেছেন, 'আমরা সম্প্রতি কেন্দ্রে শাসনের ৮ বছর পূর্ণ করেছি। এই বছরগুলিতে, আমরা সংস্কার, সম্পাদন, রূপান্তরের মন্ত্রে অগ্রসর হয়েছি; নীতির স্থিতিশীলতা, সমন্বয় এবং ব্যবসা করার সহজতার উপর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।' এদিন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৮০, ০০০ কোটি টাকা ব্যয়ে ১৪০৬টি প্রকল্পের শিলান্যাস করেছেন। প্রকল্পগুলি কৃষি, তথ্যপ্রযুক্তি, ইলেক্ট্রনিক্স, এমএসএমই, উৎপাদন, পুনর্ব্যবহারযোগ্য শক্তি, ওষুধ, পর্যটন, প্রতিরক্ষা, বিমান পরিবহণ, তাঁত এবং বস্ত্র শিল্পের সঙ্গে জড়িত। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে বলেছেন, 'আজ এখানে ৮০ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগের চুক্তি করা হয়েছে। এই রেকর্ড বিনিয়োগ হাজার হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। আমি এজন্য উত্তর প্রদেশের তরুণ প্রজন্মকে অভিনন্দন জানাই, কারণ তাঁরাই এর থেকে সবচেয়ে বেশি উপকৃত হবেন।'
প্রধানমন্ত্রী এদিন আরও বলেছেন, 'আমি বিশ্বাস করি উত্তর প্রদেশই একবিংশ শতাব্দীতে ভারতের বৃদ্ধির গল্পকে গতি দেবে। আগামী ১০ বছরে উত্তর প্রদেশ ভারতের জন্য একটি বড় চালিকা শক্তি হবে...।' প্রধানমন্ত্রীর কথায়, 'বর্তমানে বিশ্ব ভারতের সম্ভাবনা দেখছে এবং ভারতের পারফরম্যান্সের প্রশংসা করছে। আমরা জি-২০ অর্থনীতির মধ্যে দ্রুততম বৃদ্ধি করছি। বিশ্বব্যাপী খুচরা সূচকে ভারত দুই নম্বরে রয়েছে।' মোদী আরও বলেছেন, 'আমরা আমাদের সংস্কারের মাধ্যমে ভারতকে একটি দেশ হিসেবে শক্তিশালী করতে কাজ করেছি। ওয়ান নেশন-ওয়ান ট্যাক্স জিএসটি, ওয়ান নেশন-ওয়ান গ্রিড, ওয়ান নেশন-ওয়ান মোবিলিটি কার্ড, ওয়ান নেশন-ওয়ান রেশন কার্ড। এই সমস্ত প্রচেষ্টা আমাদের দৃঢ় এবং স্পষ্ট নীতির প্রতিফলন।'

# একবিংশ শতাব্দীতে ভারতের বৃদ্ধির গল্পকে গতি দেবে উত্তর প্রদেশ : প্রধানমন্ত্রী

লখনউ, ৩ জুন (হি.স.): একবিংশ শতাব্দীতে ভারতের বৃদ্ধির গল্পকে গতি দেবে উত্তর প্রদেশ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, আগামী ১০ বছরে উত্তর প্রদেশ ভারতের জন্য একটি বড় চালিকা শক্তি হতে চলেছে।'
শুক্রবার লখনউয়ের ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে আয়োজিত উত্তর প্রদেশে বিনিয়োগকারীদের সম্মেলনে প্রধানমন্ত্রী বলেছেন, 'উত্তর প্রদেশে ১,১০০ কিলোমিটারেরও বেশি দীর্ঘ গঙ্গা, ২৫-৩০টি জেলার মধ্য দিয়ে বয়ে গিয়েছে। প্রাকৃতিক চাষের বিশাল সম্ভাবনা কল্পনা করুন। রাজ্য সরকারও কয়েক বছর আগে একটি খাদ্য প্রক্রিয়াকরণ প্রকল্প ঘোষণা করেছিল। কর্পোরেট বিশ্বের জন্য, এটি বর্তমানে কৃষিতে বিনিয়োগ করার একটি সুবর্ণ সুযোগ।'
এদিন বিনিয়োগকারীদের সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৮০,০০০ কোটি টাকা ব্যয়ে ১৪০৬টি প্রকল্পের শিলান্যাস করেছেন। প্রকল্পগুলি কৃষি, তথ্যপ্রযুক্তি, ইলেক্ট্রনিক্স, এমএসএমই, উৎপাদন, পুনর্ব্যবহারযোগ্য শক্তি, ওষুধ, পর্যটন, প্রতিরক্ষা, বিমান পরিবহণ, তাঁত এবং বস্ত্র শিল্পের সঙ্গে জড়িত। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে বলেছেন, 'আজ এখানে ৮০ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগের চুক্তি করা হয়েছে। এই রেকর্ড বিনিয়োগ হাজার হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। আমি এজন্য উত্তর প্রদেশের তরুণ প্রজন্মকে অভিনন্দন জানাই, কারণ তাঁরাই এর থেকে সবচেয়ে বেশি উপকৃত হবেন।'

## বৃহস্পতিতে টিকা পেলেন ১২.০৫-লক্ষাধিক প্রাপক, ভারতে ১৯৩.৮৩-কোটি টিকাকরণ সম্পন্ন

নয়াদিল্লি, ৩ জুন হি.স.): কোভিড টিকাকরণ অভিযানের আওতায় ১৯৩.৮৩-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে ভারতে। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১২ লক্ষ ০৫ হাজার ৮৪০ জন প্রাপক, ফলে ভারতে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ১,৯৩,৮৩,৭২,৩৬৫ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।
ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২ জুন সারা দিনে ভারতে ৪,২৫,৩৭৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৮৫,১৭,৬৩,৯৭৪-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৪,২৫,৩৭৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪,০৪১ জন। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## চম্পাবতে জয়ের পথে পুষ্কর ধামি, এগিয়ে আছেন ৫১-হাজারের বেশি ভোটে

চম্পাবত, ৩ মে (হি.স.): চম্পাবত বিধানসভা আসনের উপ-নির্বাচনে জয়ের পথে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ও বিজেপি প্রার্থী পুষ্কর সিং ধামি। ১২ রাউন্ডের গণনার শেষে ৫১,৩১৫ ভোটে এগিয়ে রয়েছেন তিনি। ইতিমধ্যেই ধামিকে অভ্যর্থনা জানিয়েছেন তাঁর সমর্থকরা। ফলাফল যেদিকে এগোচ্ছে, তাতে এটা পরিষ্কার যে জয়লাভ করতে চলেছে পুষ্কর সিং ধামি। শুক্রবার সকাল থেকে চম্পাবত বিধানসভা আসনের উপ-নির্বাচনে ভোটগণনা শুরু হয়। শুরু থেকেই এগিয়ে ছিলেন পুষ্কর সিং ধামি। তৃতীয় রাউন্ড গণনার পর তিনি এগিয়ে ছিলেন ১০,৬১৭ ভোটে, সপ্তম রাউন্ডের পর এগিয়ে ছিলেন ২৫,২১৯ ভোটে, ১২ রাউন্ডের গণনার শেষে ৫১,৩১৫ ভোটে এগিয়ে রয়েছেন পুষ্কর। উল্লেখ্য, উত্তরাখণ্ড বিধানসভা নির্বাচনে এবার পরাজিত হয়েছিলেন পুষ্কর সিং ধামি। খাতিমা বিধানসভা আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন ধামি, কিন্তু হেরে যান তিনি। ভোটে হারলেও ধামির ওপরই আস্থা রাখে বিজেপি। তাঁকেই মুখ্যমন্ত্রী করা হয়। কিন্তু, উপ-নির্বাচনে জিতে আসতে হবে পুষ্কর সিং ধামিকে। গত ৩১ মে চম্পাবত বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ হয়।

## ২০২৩ সালের মাধ্যমিক পরীক্ষার নির্ঘন্ট ঘোষণা, ২৩ ফেব্রুয়ারি প্রথম ভাষা থেকে শুরু

কলকাতা, ৩ জুন (হি.স.): আগামী বছরের মাধ্যমিক পরীক্ষার নির্ঘন্ট ঘোষণা করল মধ্যশিক্ষা পর্ষদ। শুক্রবার ঘোষিত হয়েছে ২০২৩ সালের মাধ্যমিক পরীক্ষার সূচি। শুক্রবার সকালে সাংবাদিক বৈঠকে ২০২৩ সালের মাধ্যমিক পরীক্ষার নির্ঘণ্ট ঘোষণা করেন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায় ।জানানো হয়েছে, আগামী ২৩ ফেব্রুয়ারি মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। শেষ হবে ৪ মার্চ। প্রথম দিন হবে প্রথম ভাষার পরীক্ষা। ২৪ ফেব্রুয়ারি দ্বিতীয় ভাষার। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি জানিয়েছেন, ২৫ ফেব্রুয়ারি ভূগোল, ২৭ ফেব্রুয়ারি ইতিহাস, ২৮ ফেব্রুয়ারি জীবন বিজ্ঞান, ২ মার্চ অঙ্ক, ৩ মার্চ ভৌতবিজ্ঞান এবং ৪ মার্চ ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে।

## মমতার শুভেচ্ছা মাধ্যমিকের কৃতী ছাত্র-ছাত্রীদের


কলকাতা, ৩ জুন (হি.স.): মাধ্যমিক পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানালেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার মাধ্যমিকের ফল প্রকাশের পরই টুইট করে সফল ও কৃতীদের শুভেচ্ছা জানান তিনি। টুইটে মমতা লেখেন, মাধ্যমিক পরীক্ষায় কৃতকার্য ও মেধাতালিকায় স্থান পাওয়া সকল পড়ুয়াদের অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। আমাদের জেলার ছাত্র ও ছাত্রীরা অসাধারণ ফল করেছে। শহরের ছেলেমেয়েরাও আমাদের গর্বিত করেছে।একইসঙ্গে পড়ুয়াদের এই অসামান্য কৃতিত্বের জন্য মুখ্যমন্ত্রী ছাত্র-ছাত্রীদের অভিভাবক, শিক্ষক ও স্কুলগুলিকেও অভিনন্দন ও শুভেচ্ছা জানান। টুইটে মমতা আরও লিখেছেন, পরীক্ষার পর খুব তাড়াতাড়ি ফল প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে ২০২৩-এর মাধ্যমিকের নির্ঘণ্টও প্রকাশ করা হয়েছে। এতে আগামী বছরে পরীক্ষার্থীদের সুবিধা হবে। যে সব পরীক্ষার্থী আশানুরূপ ফল করতে পারেনি, তাদের জন্য মমতা জানান, ভবিষ্যতের জন্য প্রস্তুত হও। লড়াই করলে নিশ্চই ভালো ফল হবে আগামী দিনে।

## মাধ্যমিক উত্তীর্ণদের শুভেচ্ছা রাজ্যপাল ধনকরের

কলকাতা, ৩ জুন (হি. স.) : মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের শুভেচ্ছা জানালেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল জগদীপ ধনকর। রাজ্যপাল টুইটারে লেখেন, “মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা। যাঁরা পরীক্ষায় উত্তীর্ণ হননি তাঁদের হতাশ হওয়ার দরকার নেই। আশা করি শিক্ষক এবং অভিভাবকরা বিষয়টি বুঝে অবশ্যই পড়ুয়াদের যোগ্যতা অনুযায়ী তাঁদের সম্ভাবনা উপলব্ধি করতে সাহায্য করবেন।“ প্রসঙ্গত, মাধ্যমিকের কৃতী ছাত্র-ছাত্রী ও তাঁদের অভিভাবকদের, শিক্ষক ও স্কুলগুলিকে ইতিমধ্যে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার সকালে সাংবাদিক বৈঠকে ২০২২ সালের মাধ্যমিক পরীক্ষার মেধাতালিকা প্রকাশ করেন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়। ২০২২ সালের মাধ্যমিক পরীক্ষার মেধাতালিকার প্রথম ১০টি স্থানে রয়েছেন ১১৪ জন পরীক্ষার্থী।

# প্রধানমন্ত্রী মোদী ডক্টর আম্বেদকরের স্বপ্নকে বাস্তবায়িত করছেন : রাষ্ট্রপতি কোবিন্দ


কানপুর দেহাত, ৩ জুন(হি.স) : বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকর সমতা, সমান দেশ ও সমাজের কল্পনা করেছিলেন, প্রধানমন্ত্রী মোদী তা উপলব্ধি করছেন এবং বাবা সাহেবের স্বপ্নকে বাস্তব করার জন্য মোদীর কাজ অনুকরণীয় বলে উল্লেখ করলেন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ।
শুক্রবার রাষ্ট্রপতি তাঁর নিজ গ্রাম পারউনখের একটি অনুষ্ঠানে বলেন, নরেন্দ্র মোদী এমন একজন প্রধানমন্ত্রী, যিনি সর্বদা দেশের প্রতিটি মানুষের জীবন সুখী করার চেষ্টা করছেন।
রাষ্ট্রপতি কোবিন্দ দুদিনের সফরে শুক্রবার কানপুরে পৌঁছেছেন এবং এখানে তিনি সরাসরি কানপুরের গ্রামাঞ্চলে তার নিজ গ্রাম পারউনখ পৌঁছান। পরাউনখে আয়োজিত অনুষ্ঠানে দেশের সর্বোচ্চ



সাংবিধানিক পদের প্রোটোকলের বাইরে হাজির থাকেন রাষ্ট্রপতি কোবিন্দ।
তিনি প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানান। প্রধানমন্ত্রীও এটা দেখে অবাক হয়ে গেলেন। এমনকি বললেন, আমি আমার গ্রামে অতিথিকে স্বাগত জানাচ্ছি। এরপর প্রধানমন্ত্রীর সঙ্গে তিনি পাথরি দেবী মন্দিরে প্রার্থনা করেন। তিনি কাছের আম্বেদকর পার্কে সংবিধান প্রণেতা বাবা সাহেবকেও শ্রদ্ধা জানান।
রাষ্ট্রপতি কোবিন্দ প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বলেন, উত্তরপ্রদেশের জনগণ সর্বদা ক্ষুব্ধ ছিল যে রাজ্যের নয়জন প্রধানমন্ত্রী হয়েছেন। কিন্তু একজনও রাষ্ট্রপতি ছিলেন না। বিজেপি ও প্রধানমন্ত্রী মোদীও রাজ্যের মানুষের এই আশাও পূরণ করেছেন।

# 'দেরিতে হলেও সঠিক পথে হেঁটেছে কেন্দ্রীয় নেতৃত্ব', টুইটারে সুর বদল তথাগত রায়ের

কলকাতা, ৩ জুন (হি. স.) : দলের প্রতি আনুগত্য দেখিয়ে আলটপকা মন্তব্য থেকে বিরত থাকার কথা ঘোষণা করলেন বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি তথাগত রায়। আচমকাই বদলে ফেললেন টুইটারের বায়োও! কারণ হিসাবে জানিয়েছেন, “দেরিতে হলেও শেষমেশ সঠিক পথে হেঁটেছে দল।“
দীর্ঘদিন ধরেই বিজেপির বিরুদ্ধে প্রকাশ্যেই সোচ্চার হতে দেখা গিয়েছে তথাগত রায়কে। কখনও প্রার্থী নির্বাচন বা অন্য কোনও বিষয়, বারবার দলের সিদ্ধান্তের বিরোধিতা করেছেন তথাগতবাবু। কখনও সরাসরি আক্রমণ করেছেন দিলীপ ঘোষকে। বিধানসভা নির্বাচবে ভরাডুবরি জন্য দলের রাজ্য নেতৃত্বকে দায়ী করেছেন তিনি। যার ফলে দলের সঙ্গে দূরত্বও বেড়েছিল। একটা সময়ে বিজেপির সঙ্গে সম্পর্ক ত্যাগের কথাও ঘোষণা করেছিলেন তিনি। একের পর এক ভোটে ভরাডুবির






জেরে বিজেপির অন্দরে অশান্তি তৈরি হয়েছে। সম্প্রতি দিলীপবাবুকে সতর্ক করা হয়েছে। তাঁকে সংবাদ মাধ্যমের সামনে মুখ না খোলার নির্দেশ দেওয়া হয়েছে বলেই খবর। এরপরই দলের প্রশংসা করে টুইট তথাগত রায়ের। এদিন তিনি লেখেন, “কেন্দ্রীয় বিজেপির তরফে দেরিতে হলেও সঠিক পদক্ষেপ করা হয়েছে। ফলে আমি দলের বিরুদ্ধে কোনও মন্তব্য করব না। নিজেকে পরিত্রাতার ভূমিকা থেকে সরিয়ে নিচ্ছি। স্বাভাবিকভাবেই টুইটারের বায়োও পরিবর্তন করছি। ভারত মাতা কী জয়!”
ওয়াকিবহল মহলের ধারণা, বিগত দিনগুলিতে বারবার দিলীপ ঘোষকেই ইঙ্গিত করেছিলেন তথাগতবাবু। দলের একাংশ মনে করছেন, তাঁর গুরুত্ব কমতেই নতুন করে গেরুয়া শিবিরের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর চেষ্টা শুরু করেছেন তিনি।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## দেশে এ বার হানা দিল ওয়েস্ট নাইল ফিভারে, কী এই রোগ?



কেরলে টমেটো ফ্লু-র পর মাথা চাড়া দিয়ে উঠেছে ওয়েস্ট নাইল ভাইরাস। ওয়েস্ট নাইল ফিভারে ৪৭ বছর বয়সী এক ব্যক্তির মৃত্যুও হয়েছে কেরলে। সংবাদ সংস্থা সূত্রে খবর, যিনি মারা গিয়েছেন তাঁর শরীরে গত ১৭ মে থেকে জ্বর এবং অন্যান্য লক্ষণ দেখা দিতে শুরু করে।

চলুন জেনে নেওয়া যাক, ওয়েস্ট নাইল ভাইরাস কী এবং কী ভাবে ছড়ায় -

ওয়েস্ট নাইল ভাইরাস কী?

১৯৩৭ সালে উগান্ডায় প্রথম শনাক্ত করা হয়েছিল ওয়েস্ট নাইল ভাইরাস। এটি একটি মশাবাহিত রোগ। সাধারণত কিউলেক্স প্রজাতির মশা থেকে এই রোগ ছড়ায়। মূলত পাখির দেহ থেকে মশার মাধ্যমে এই ভাইরাস ঢোকে মানুষের শরীরে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতানুসারে, ওয়েস্ট নাইল ভাইরাস ফ্ল্যাভিভাইরাস বংশের সদস্য এবং পরিবারের জাপানিজ এনসেফালাইটিস অ্যান্টিজেনিক কমপ্লেক্সের অন্তর্গত।

মশা যখন কোনও সংক্রমিত পাখির গায়ে বসে তখন এই ভাইরাস মশার শরীরে চলে যায়। এরপর যখনই সংক্রামিত মশা কোনও মানুষ বা প্রাণীকে কামড়ায়, তখনই তার রক্তে এই ভাইরাস প্রবেশ করে।

ওয়েস্ট নাইল ভাইরাস সংক্রমণের লক্ষণ প্রায় ৮০ শতাংশ সংক্রামিত ব্যক্তির মধ্যে ওয়েস্ট নাইল ভাইরাস সংক্রমণ উপসর্গবিহীন। বাকি ২০ শতাংশ সংক্রামিত ব্যক্তির মধ্যে যে লক্ষণগুলি দেখা যায় - জ্বর, মাথাব্যথা, চরম ক্লান্তি, শরীরে ব্যথা, বমি বমি ভাব, স্কিন ব্যাশ এবং ফোলা গ্রন্থি। তবে অবস্থা খুব সিরিয়াস হলে এনসেফালাইটিস, মেনিনজাইটিস, পক্ষাঘাত এবং এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।

কী ভাবে এই ভাইরাস প্রতিরোধ করবেন? বিশেষজ্ঞদের মতে, এই রোগ থেকে বাঁচার সবথেকে ভাল উপায় মশার বৃদ্ধি নিয়ন্ত্রণ করা এবং মশার কামড় থেকে নিজেকে বাঁচিয়ে চলা।

## সচেতন হলেও হতে পারে হার্ট অ্যাটাক

অভিনেতা সিদ্ধার্থ শুক্লা এবং সুপারস্টার পুনিত রাজকুমার। দু'জনেরই বয়স ৪০ থেকে ৫০-এর মধ্যে। দু'জনেই অত্যন্ত শরীর সচেতন। নিয়মিত শরীরচর্চা করতেন। কিন্তু দু'জনেই হৃদযন্ত্র বিকল হয়ে অকালে মারা গিয়েছেন। কেন? কী বলছেন চিকিৎকরা?

চিকিতকদের মতে, প্রতিটা ওষুধেরই খারাপ দিক রয়েছে।

সঠিক সময়ে, সঠিক মাত্রায় তা ব্যবহার না করলে, সেই ওষুধের কু-প্রভাব পড়তে পারে। তেমনই প্রতিটা ব্যায়ামেরও সুপ্রভাব এবং কুপ্রভাব রয়েছে। সঠিক ব্যক্তি, সঠিক ভাবে যদি সেই ব্যায়াম না করেন, তবে সেই কু-প্রভাব পড়তে পারে। কখনও কখনও তা প্রাণঘাতীও হয়। অতএব, কোনও ব্যায়াম বা শরীরচর্চা করার আগে সেটির সঠিক পদ্ধতি জানা প্রয়োজন এবং সেই ব্যায়ামটি আমার জন্য প্রযোজ্য কিনা তাও জেনে নেওয়া প্রয়োজন।

বিশেষজ্ঞরা বলছেন, শরীরচর্চার করতে করতে কোনও সময় শরীর আনচান করলে বিষয়টা এড়িয়ে যাওয়া উচিত নয়। হাইপারটেনশনের সমস্যা থাকলে রক্তচাপ নিয়ন্ত্রণ করা প্রয়োজন। যদি পরিবারের কেউ আকস্মিক হার্টঅ্যাটাকে মারা যান। তবে আপনিও ইসজি করিয়ে রাখুন। নিজের হার্টের অবস্থা একবার দেখে নিন।

আগে একটা মিথ ছিল যে, বয়স্ক ব্যক্তিদেরই কেবল হৃদযন্ত্রের সমস্যা হয়। কিন্তু চিকিৎকরা বলছেন, এই ভাবনা একদম ভুল। এই সমস্যা থেকে মুক্তির উপায় একটাই। নিয়মিত শরীরের দিকে খেয়াল রাখা। কোনও সমস্যা হলেই চিকিৎকদের পরামর্শ নেওয়া। একটু অসতর্ক হলেই ঘটতে পারে মহাবিপদ।

## বর্ষায় ঘন ঘন পেট খারাপে মুঠো মুঠো ওষুধ খাবেন না



সকাল থেকে আকাশ মেঘলা। কিছুদিন আগেই দুরন্ত কালবৈশাখী ঝড়ে বাংলার মন তৃপ্ত হয়েছে। এখন আবার গরম বাড়লেও কয়েকদিনের মধ্যেই ঝড়বৃষ্টি আসবে। বর্ষা দোরগোড়ায় প্রায়। এই সময় পেটের সমস্যা হবেই। একদিকে ঠান্ডা-গরমের জ্বর, অন্যদিকে পেট খারাপ, ভাইরাল ফিভার, ফ্লু লেগেই থাকবে।

ডেঙ্গি, ম্যালেরিয়া, চিকুনগুনিয়ার প্রকোপ তো আছেই। পেট গরম থেকেও জ্বর আসে অনেকের। খাবার থেকেও জীবাণু ঢুকে ফুড পয়সনিং হতে পারে। তাই এখন থেকেই পেটকে ভাল রাখার চেষ্টা করুন।

ভাইরাল ফিভার, ইনফেকশন, প্যারাসাইটিক অ্যাটাক, ফুড পয়জনিং, অ্যান্টি বায়োটিকের সাইড এফেক্টের কারণে লুজ মোশন আকছারই দেখা যায়। বর্ষায় ডায়ারিয়ার প্রকোপ কয়েকগুণ বাড়বে। বিশেষ করে গ্রামাঞ্চলে পুকুরের জল বা কুয়োর নোংরা জল থেকেও সংক্রমণ ছড়ায়। রাতবিরেতে পেটের সমস্যা শুরু হলে ডাক্তারের কাছে ছোটা যায় না। ঘন ঘন বেগ, পেটে মোচড়, বমিভাব যদি দেখা যায় তাহলে কী করবেন?

গাদাখানেক ওষুধ নয়, ঘরোয়া উপায়েই ভরসা রাখুন

অ্যাপেল সিডার ভিনিগার হল প্রাকৃতিক অ্যান্টিবায়োটিক যা পেটের জন্য ভাল। এক বা দুই চামচ আনফিল্টারড অ্যাপেল সিডার ভিনিগার উষ্ণ গরম জলে মিশিয়ে সারাদিন ধরে অল্প অল্প খান। পেট ভাল হয়ে যাবে।

হলুদও পেট খারাপ কমাতে উপকারি।

কাঁচা কলা হোক আর পাকা কলা আমাশা ঠেকাতে দুটোই উপকারী। কাঁচা কলা সেদ্ধ খেতে পারেন বা দু-তিন ঘণ্টা অন্তর পাকা কলা খেতে খান।

বাইরের জল একদম খাবেন না। বাড়িতে ওয়াটার ফিল্টার, পিউরিফায়ার বা অ্যাকোয়াগার্ড না থাকলে জল ফুটিয়ে খান।

রাস্তার কাটা ফল, জাঙ্ক ফুড, স্ট্রিট ফুড বা শরবত-লস্য-কুলফি এগুলো একদম খাবেন না। এসবের থেকেই ডায়ারিয়ার জীবাণু শরীরে ঢোকে।


বাচ্চাদের বাইরে থেকে চিপস, কেক-পেস্ট্রি কিনে দেবেন না। বাড়িতেই হাল্কা স্যুপ, সেদ্ধ চিকেনের নানা রকম ডিশ বানিয়ে দিন।

বাড়িতে তৈরি হাল্কা খাবার খান। বেশি করে সব্জি, ফল খান। শাকপাতা বাজার থেকে কিনে এনে ভাল করে নুন-গরম ডলে ধুয়ে নেবেন। বর্ষায় শাকপাতায় পোকা হয়, ভাল করে না ধুলে মারাত্মক পেট খারাপ হতে পারে ।

ফল-সব্জি ভাল করে ধুয়ে খাবেন। মাংস বাজার থেকে কিনে এনে ভাল করে ধুয়ে বেশি তাপমাত্রায় সিদ্ধ করে নেবেন, এতে জীবাণু থাকলেও নষ্ট হয়ে যাবে।

যদি কোনও রেস্তোরাঁয় খেতে যান তা হলে শাক-পাতা জাতীয় খাবার এড়িয়ে চলুন। বাসি খাবার খাবেন না। অনেকদিন ফ্রিজে রয়েছে এমন খাবার খাবেন না। বর্ষাকাল মাছের প্রজননের সময়। এই সময় মাছ বেছে কিনুন। পারলে মাছ কম খেয়ে ডাল, সয়াবিনের মতো উদ্ভিজ্জ প্রোটিন বেশি খান।

## কাঁচা কাঁঠাল কষা




উপকরণ - কাঁচা কাঁঠাল, পেঁয়াজ, রসুন, আদা, টমেটো, তেজপাতা, লংকা,গরম মশলা, ঘি, লাল লংকার গুড়ো,জিরেগুঁড়ো, হলুদ, লালতেল,নুন,চিনি।

প্রথমে কাঁচা কাঁঠাল কেটে-কুটে পরিষ্কার করে ধুয়ে নেবো। আলু বড় বড় করে কেটে ধুয়ে কাঁচা কাঁঠাল আর আলু সেদ্ধ করে রেখে দেবো।

চারটা আস্ত বড় পেঁয়াজ চার টুকরো করে নেবো। রসুন কোয়া তিন চারটে নিয়ে নেবো। আর টমেটো ছোট ছোট করে কেটে নেবো। এবার আদা,সামন্য পেয়াজ,আর লংকা পরিমান মতো পেস্ট করে নেবো মিক্সিতে। এরপর কড়াইয়ে লাল তেল পরিমান মতো দিয়ে তাতে তেজপাত, গোটা গরম মশলা ভেজে তাতে টুকরো করা পেয়াজ, রসুন আর পরিমান মতো হলুদ গুড়ো দিয়েদেবো। তাতে নুন পরিমান মতো দিয়ে সামান্য চিনি দিয়ে টমেটো গুলো দিয়ে নেড়েচেড়ে নেবো।

এরপর সেদ্ধ করে রাখা আলু আর কাঁচা কাঁঠাল গুলো দিয়ে তাতে পেয়াজ বাটা,আদা বাটা, লংকা বাটা দিয়ে দেবো। সামান্য লাল লংকার গুড়ো দিয়ে দেবো। এরপর কড়াইয়ে ভালো ভাবে কষিয়ে নিয়ে সামান্য জল দিয়ে দিতে হবে। কষা মাংসের মতো সামান্য ঝোল রেখে কাঁচা কাঁঠাল টাতে তিন চারটে আস্ত লংকা দিয়ে, গরম মশলা গুড়ো আর সামন্য ঘি দিয়ে নেড়েচেড়ে নামিয়ে নেবো। এই কাঁচা কাঁঠাল কষাটা রুটি দিয়ে বা ভাত দিয়ে খাওয়া যাবে।

## অবশেষে টাক মাথায় চুল গজানোর ওষুধের আবিষ্কার



বিশ্বের কোটি কোটি মানুষ এবার একটি ওষুধের কল্যাণে চুল ফিরে পাওয়ার নতুন আশা দেখতে পারেন। মার্কিন ওষুধ কোম্পানি কনসার্ট ফার্মাসিউটিক্যালস বলছে, তারা নতুন একটি ওষুধ আবিষ্কার করেছে। এই ওষুধটি পরীক্ষামূলকভাবে টাক মাথার মানুষের মাঝে ব্যবহারের ছয় মাসের মধ্যে পুরো মাথায় চুল গজিয়েছে।

গবেষণায় অংশ নেওয়া প্রায় অর্ধেক মানুষের পুরো মাথায় চুল গজিয়েছে মাত্র ছয় মাসের মধ্যে। টাক নিয়ন্ত্রণে নতুন এই ওষুধের আবিষ্কারকে ''গুরুত্বপূর্ণ মাইলফলক'' বলে অভিহিত করেছেন বিজ্ঞানীরা। কনসার্ট ফার্মাসিউটিক্যালসের তৈরি এই ওষুধ দিনে দু''বার সেবন করতে হয়। অ্যালোপেসিয়া অ্যারিয়াটা বা টাক রোগ হল একটি অটোইমিউন ব্যাধি। যেখানে চুলের গ্রন্থিকোষ ভুলভাবে ইমিউন সিস্টেম দ্বারা আক্রান্ত হয়। যার ফলে চুল পড়ে যায়। কারও কারও মাথায় একাধিক ছোট ছোট টাক থাকে এবং তাদের চুল স্বাভাবিকভাবে বেড়ে উঠতে পারে। কিন্তু অন্যদের ক্ষেত্রে মাথার ত্বকের সব চুল পড়ে যায়। এই টাক অবস্থার কোনও প্রতিকার নেই। তবে কিছু ওষুধ পুনরায় চুল গজাতে সাহায্য করতে পারে। ওষুধ কোম্পানি কনসার্ট ফার্মাসিউটিক্যালস মার্কিন যুক্তরাষ্ট্রে ৭০৬ জন মানুষের ওপর তাদের ওষুধের পরীক্ষা চালিয়েছে। পরীক্ষায় অংশ নেওয়া সবারই মাঝারি থেকে গুরুতর অ্যালোপেসিয়া অ্যারিয়াটা ছিল। তাদের প্রাথমিকভাবে তিনটি দলে ভাগ করা হয়। একটি দলকে ৮ মিলিগ্রামের দু'টি বড়ি দিনে দু'বার সেবন করার জন্য দেওয়া হয়। আরেকটি দলকে দৈনিক ১২ মিলিগ্রামের দু'টি বড়ি দেওয়া হয়। এছাড়া অপর গ্রুপকে দেওয়া হয় প্ল্যাসেবো। পরীক্ষায় দেখা যায়, যাদের প্ল্যাসেবো দেওয়া হয়েছিল তাদের তুলনায় যারা বড়িগুলো সেবন করেছিলেন, তাদের মাথার ত্বকে চুলের বৃদ্ধি বেশি হয়েছে। ১২ মিলিগ্রাম ডোজ যারা গ্রহণ করেছিলেন, তাদের প্রায় ৪২ শতাংশ রোগীর ৮০ শতাংশ বা তারও বেশি চুল গজিয়েছে। এছাড়া ৮ মিলিগ্রাম ডোজ গ্রহণকারীদের ৩০ শতাংশ চুল আবার গজিয়েছে।

## আপেল সিডার ভিনিগারের এতো গুণ



আপেলের রসে ইস্ট ও ব্যাকটিরিয়া মিশিয়ে প্রস্তুত করা হয় আপেল সিডার ভিনিগার। প্রথমে ইস্ট ফারমেন্টেড হয়ে আপেলের রসকে অ্যালকোহলে পরিণত করে, পরে তা অ্যাসিটিক অ্যাসিড দিয়ে ভিনিগারে পরিণত করা হয়। এতদিন শুধু রান্নাবান্নায় ব্যবহার করা হতো এই ভিনিগার। কিন্তু স্বাস্থ্যকর নানা কারণে একে ডায়েটে রাখার পরামর্শ দেন চিকিতকরাও। ঘর-গৃহস্থালীর কাজে যেমন এই আপেল সিডার ভিনিগার উপকারী, তেমনই শরীরের নানা অসুখবিসুখেও কাজে আসে এটি। সৌন্দর্যরক্ষায়ও ভালো কাজ দেয় এই ভিনিগার। কিন্তু অ্যাসিডিক হওয়ার কারণে তা দৈনিক খাদ্য তালিকায় রাখার ক্ষেত্রে কিছু নিয়ম পালন করা জরুরি। দিনে বড় চামচের দু''চামচের বেশি আপেল সিডার খাবেন না, খেলেও চিকিতকের পরামর্শ নিয়ে নেবেন। এ ছাড়া জলর সঙ্গে মিশিয়ে পাতলা করে খাবেন। মূলত আপেল সিডারের কথা উঠলে অনেকেই কেবল ইউরিক অ্যাসিড নিয়ন্ত্রণের দিকটাই ভাবেন, তবে এই বিশেষ উপকার ছাড়াও আপেল সিডারের আরও নানা কার্যকর দিক রয়েছে। এবার সেই উপকারগুলো কী কী তা জানা যাক-

* আপেল সিডার ভিনিগার ব্যাকটিরিয়া ধ্বংস করতে সক্ষম বলে ডায়রিয়া সমস্যায় বিশেষ উপকারী। এক-দু'' চা চামচ ভিনিগার এক গ্লাস গরম জলর সঙ্গে মিশিয়ে খেলে উপকার মিলবে।

* ডায়াবেটিসের সমস্যায় এই ভিনিগার উপকারী। মূলত ইনসুলিন তৈরি করতে না পারা বা ইনসুলিন রেজিস্ট্যান্টের কারণেই রক্তে শর্করার পরিমাণ বাড়ে। তাই খাওয়া-দাওয়ার আধা ঘণ্টা আগে এক গ্লাস জল এক চামচ আপেল সিডার মিশিয়ে খেলে রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণে থাকবে।

* গলা ব্যথার ক্ষেত্রে আধাকাপ উষ্ণ জল দু''চামচ আপেল সিডার ভিনিগার ও মধু মিশিয়ে গারগল করলে আরাম পাবেন অনেকটাই।

* হজমের সমস্যা মেটাতেও এই ভিনিগার খুব কার্যকর। গরম জল এক চামচ আপেল সিডার ভিনিগার মিশিয়ে খেলে বদহজম থেকে মুক্তি মেলে সহজেই।

* শ্যাম্পু করার পর চুল ধুয়ে নিন আপেল সিডার ভিনিগার মেশানো জল দিয়ে। কন্ডিশনারের সমান উপকার পাবেন। আবার চুল নরম হবে। এতে ব্যাকটিরিয়ার থাকার জন্য খুশকির সমস্যাও দূর করে।

* শরীরে খারাপ কোলেস্টেরল কমাতে ও ভাল কোলেস্টেরলের মাত্রা বাড়াতে আপেল সিডার ভিনিগার খুবই উপকারী।

## টেনশনে হাত-পা ঠান্ডা সামলাবেন কী করে

প্যানিট অ্যাটাক এই শব্দবন্ধের সঙ্গে এখন অনেকেই পরিচিত। প্রচণ্ড মানসিক চাপ, অকারণে ভয়, অ্যাংজাইটি থেকে দুর্বল হয়ে পড়ে মন। কী করছি আর কী করছি না, তা ঠাওর করা যায় না। মাথা যেন কাজই করে না। এই পরিস্থিতিরই চরম পর্যায়ের নাম হল নার্ভাস ব্রেকডাউন। কোনও কাজের আগে বা আচমকা শক পেলে এমনটা হয় অনেকেরই। হাত-পা ঠান্ডা হয়ে আসে, বুক ধড়ফড় করতে শুরু করে, প্রচণ্ড আংজাইটি, দরদর করে ঘাম হয়, ঘন ঘন বাথরুম পেয়ে যায়। এইসব লক্ষণ যদি আপনারও থাকে তাহলে সাবধান হতে হবে। নার্ভাস ব্রেকডাউন তখনই হয় যখন স্নায়বিক চাপ মাত্রাতিরিক্ত হয়ে যায়। মানসিকভাবে দুর্বলতা আসতে শুরু করে। অকারণে ভয় বা আতঙ্ক তৈরি হয়। মেন্টাল ট্রমায় ভোগেন অনেকে। এই চাপ ক্রমশ বাড়তে বাড়তে হঠাত নার্ভ ফেল হয়। তখন হাত-পা ঠান্ডা হয়ে আসতে থাকে, বুকে ধুকপুকুনি বেড়ে যায়, অজ্ঞানও হয়ে যান অনেকে। কী কী লক্ষণ দেখে বুঝবেন নার্ভ ফেল করছে? মাথার ভেতর দুশ্চিন্তা পাক খেতে থাকবে। হাত, পা ঠান্ডা হয়ে যাওয়া, ধুকপুকানি বেড়ে যাওয়া, দুর্বলতা আসবে। মাথা যন্ত্রণা শুরু হতে পারে, অনেকের আবার কাঁপুনি দিয়ে জ্বর চলে আসে। বমি পেতে পারে, ঘন ঘন বাথরুম পেতে পারে। অতিরিক্ত টেনশনে অনেকেরই কাশি শুরু হয়ে যায়। অতিরিক্ত স্ট্রেসের অন্যতম প্রধান কারণ ঘুমের সমস্যা। অবসাদের কারণে দীর্ঘ সময় ধরে ঘুমের সমস্যা হতে পারে। টেনশনে খিদে কমে যাওয়া বা শ্বাসকষ্টও হতে পারে। হঠাতকরে পাওয়া মানসিক আঘাত থেকে তীব্র অবসাদ হতে পারে। অবসাদ থেকেই মেন্টাল ট্রমা বাড়বে। এটাও নার্ভাস ব্রেকডাউনের অনতম লক্ষণ।

মনের জোরই দাওয়াই প্রথমেই মনে জোর পাবেন এমন কোনও কিছু ভাবুন। আপনারই পরিচিত কারও নার্ভাস ব্রেকডাউন হলে তার মনের জোর বাড়ানোর চেষ্টা করুন। এই সময় রোগীর চেয়েও তার চারপাশের মানুষদের ভূমিকা বড় হয়ে দাঁড়ায়। মন খুশি করবে এমন কথা বলুন। ভাল গান শুনুন, পারলে কমেডি সিনেমা বা ভিডিও দেখুন। কারও এমন হচ্ছে দেখলে তার মনের জোর বাড়াতে সাফল্যের কথা বলুন। সে কী কী কাজে খুব ভাল সে নিয়ে আলোচনা করুন, উতাহ দিন। বেশি প্রত্যাশা থেকেও বিপদ হতে পারে, সেদিকটা খেয়াল রাখতে হবে। কোনও মজাদার খেলা খেলুন। ছবি আঁকুন বা হাতের কাজ করুন। টেনশন হতে পারে এমন বিষয়ে ভাববেন না। পারলে আরও পাঁচজনের সঙ্গে গল্প করুন, হাসির বিষয় নিয়ে কথা বলুন, দেখবেন টেনশন কমে যাবে। এরপরেও সমস্যা না কাটলে মনোবিদের পরামর্শ নিতেই হবে।


## সুস্থ থাকতে এই উপায়ে রান্না করুন

রান্না করা তো রোজকারের ব্যাপার। নুন, তেল, হলুদ আর যথাথ পরিমাণে মশলা মিশিয়ে নিলেই হল। এবার গ্যাস কমিয়ে কখনও ফোটাও, কখনও ভাজ! ব্যাস তাহলেই রেডি কষা মাংসের ঝোল থেকে মাছের মাথা দেওয়া মুগের ডাল। তবে জানেন কি, এইভাবে রান্না করলে শরীরের কতখানি ক্ষতি হয়। রান্না করার সময় বেশিরভাগ রাঁধুনিই পদ্ধতিগত কিছু ভুল করে থাকেন। আর যে কারণেই শরীর খারাপ হয়। আসে পেটের সমস্যাও। হজনের সমস্যা তো লেগেই রয়েছে ঘরে-ঘরে। হার্ভার্ড হেলথ পাবলিশিং-এ একটি নিবন্ধ প্রকাশ করা হয়। যেখানে স্বাস্থ্যকর উপায়ে রান্না করার কৌশল আলোচলা করা হয়েছে। রেড মিট এখন অনেকেই খান না, হৃদরোগ, হাই প্রেশার, কোলেস্টেরল ইত্যাদির প্রকোপ বাড়তে পারে এই রেড মিট থেকে। খাবার রান্না করলে কিছুটা হলেও পুষ্টিগুণ কমে, সে আপনি যেভাবেই রান্না করুন না কেন। তবে টমেটো, গাজর, মিষ্টি আলু, পালং, লঙ্কা এগুলি সাধারণত কাঁচা খাওয়া হয়। সে জন্য পৃথিবীর বিভিন্ন দেশেই কাঁচা শাক-সবজি-ডিম ইত্যাদি খাওয়ার চল আছে। সেদ্ধ খাবার স্বাস্থ্যকর হলেও দিনের পর দিন মুখে রুচবে না। আবার ভুল পদ্ধতিতে সিদ্ধ করলে পুষ্টিও মাঠে মারা যাবে। তেল-মশলা বা ভাজাভুজি জাতীয় খাবার কেমন করে তৈরি করলে তা স্বাস্থ্যকর হয়ে উঠতে পারে, রইল টিপস- ভাজা খাবারেরও বেশকিছু উপকারিতা রয়েছে কড়াইতে সামান্য তেল দিয়ে নেড়ে-চেড়ে সবজি এবং মাংস একসঙ্গে সব রান্না করতে পারেন। এতে আপনার প্লেট দেখেত সুন্দর হবে আর পুষ্টিকরও হবে। সহজেই সঁতে করে রান্না করতে পারেন। কারণ এতে আপনাকে শুধুমাত্র উপাদানগুলো কেটে রান্না করতে হবে। সামান্য মাখন হলেই কাজ চলে যাবে। এই পদ্ধতিতে রান্না করা খাবারে তেলের ব্যবহার কম থাকে যা উপাদানগুলিকে স্বাস্থ্যকর ও কম ফ্যাট তৈরি হয়। ফ্রাই করার সময় খাবার উচ্চ তাপমাত্রায় রান্না করা হয়। এতে খাবার কাঁচা থাকার ভয় নেই। পুরোপুরি রান্না হয়ে গেলে ফুড পয়জনিং হওয়ার আশঙ্কাও কমে। কী ভাবে ফ্রাই করবেন? ভাজার জন্য, উচ্চ-তাপমাত্রা সহনশীল তেল ব্যবহার করুন। সানফ্লাওয়ার অয়েল, রাইস অয়েল ইত্যাদি। ভাজার সময় পালং শাক, মটর, ফুলকপি, গাজর ইত্যাদি বিভিন্ন ধরনের শাকসবজি যোগ করুন। মনে রাখবেন আপনার প্লেট যত বেশি রঙিন হবে ততই এর উপকারিতাও বাড়বে। প্লেটে প্রোটিনের পরিমাণ ভালো রাখতে, রাখতে পারেন চর্বিহীন মাংস। রাখতে পারেন চিংড়িও। সয়া সস, সস, চিনি এসব কম ব্যবহার করুন। রেসিপিতে দই, বাটারমিল্ক বা টমেটো পিউরি যোগ করতে পারেন। এটি শুধুমাত্র খাবারকে সুস্বাদু করে তুলবে না। এতে পুষ্টির পরিমাণও বাড়বে।

## আপনি কি চায়ের সঙ্গে ধূমপান করেন

চায়ের সঙ্গে ধূমপান করার অভ্যাস অনেকেরই আছে। এতে কোনো উপকার তো নেই-ই বরং সর্বনাশ ডেকে আনছেন নিজের, এমনই মত বিশেষজ্ঞদের। ধূমপান স্বাস্থ্যের জন্য এমনিতেই ক্ষতিকর। তার উপরে আবার চায়ের সঙ্গে ধূমপান করলে ক্ষতির হওয়ার মাত্রা বেড়ে যায় দ্বিগুণ। হয়তো না জেনেই আপনি আপনার শরীরের সর্বনাশ ডেকে আনছেন। বেশিরভাগ মানুষই হাতে গরম চায়ের কাপ নিয়ে, ঠেঁটে রাখেন জ্বলন্ত সিগারেট। গবেষণা বলছে, এ ধরণের অভ্যাস বাড়াতে পারে ক্যানসারের ঝুঁকি। বিভিন্ন গবেষণায় উঠে এসেছে, যারা দিনে অন্তত এক গ্লাস অ্যালকোহলযুক্ত পানীয় পান করেন এবং পাশাপাশি দিনে অতিরিক্ত গরম চা পান করেন; তাদের ক্ষেত্রে খাদ্যনালীতে ক্যানসারের ঝুঁকি সবচেয়ে বেশি। এ ছাড়াও ধূমপায়ীদের ক্ষেত্রে দেখা যায়, প্রতিদিন অতিরিক্ত গরম চা পান করলে অনেকাংশেই ক্যানসার হওয়ার ঝুঁকি বাড়ে। সম্প্রতি অ্যানালস অব ইন্টার্নাল মেডিসিন জার্নালে প্রকাশিত এক প্রতিবেদনে বিজ্ঞানীরা জানিয়েছেন, যে ব্যক্তিরা নিয়মিত ধূমপান ও মদ্যপান করেন; তাদের ক্ষেত্রে অতিরিক্ত গরম চা পান করাটা খাদ্যনালীর ক্যানসারের ঝুঁকি বাড়িয়ে দেয়। আমেরিকার এক বিশ্ববিদ্যালয় জানিয়েছে, তামাক ও অ্যালকোহল দু''টো থেকেই দূরে থাকা আবশ্যক। তাহলে রক্ষা পাওয়া যাবে ক্যানসার থেকে। তবে ধূমপান ও মদ্যপানের অভ্যাস না থাকলে শুধু চা পান করা নিয়ে চিন্তিত হবার কিছু নেই। এক বিজ্ঞানী জানিয়েছেন, ধূমপান ও মদ্যপানের অভ্যাস না থাকলে শুধু চা পান করা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই। ৩০ বছর থেকে ৭৯ বছর বয়সী সাড়ে ৪ লাখ ব্যক্তির উপরে করা সমীক্ষা থেকে গবেষকরা ভয়াবহ এই তথ্য খুঁজে পেয়েছেন।

# মোদীজির নেতৃত্বে আন্তর্জাতিক স্তরে মর্যাদা বেড়েছে ভারতের : রাজনাথ সিং



লখনউ, ৩ জুন (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আন্তর্জাতিক স্তরে মর্যাদা বেড়েছে ভারতের। বললেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। প্রতিরক্ষা মন্ত্রীর কথায়, আগে বৈশ্বিক বিষয়ে ভারতের অবস্থানকে গুরুত্ব সহকারে নেওয়া হত না। বর্তমানে ভারত এমন স্তরে পৌঁছেছে যে, বিশ্ব আমাদের কথা মনোযোগ দিয়ে শোনে।'

শুক্রবার লখনউয়ের ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে আয়োজিত উত্তর প্রদেশে বিনিয়োগকারীদের সম্মেলনের ' ৩.০ গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানে যোগ দেবেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। বিনিয়োগকারীদের উদ্দেশে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এদিন বলেছেন, 'দক্ষতার দিক থেকে আমাদের উত্তর প্রদেশ কোনও অংশে কম নয়। রাজ্য সরকারের পক্ষ থেকে যতটা সম্ভব, ততটাই সহযোগিতা করা হবে বিনিয়োগকারীদের। রাজনাথ সিং বলেছেন, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীর কঠোর পরিশ্রম, তাঁর কল্পনাশক্তি এবং দ্রুত গতি সম্পর্কে আমরা সবাই অবগত। প্রতিরক্ষা মন্ত্রী বলেন, যা কিছু হয়েছে, সবই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে হয়েছে।

# উত্তর প্রদেশে বিনিয়োগ সম্পূর্ণ সুরক্ষিত, সুরক্ষা ও সংরক্ষণ দেবে সরকার : যোগী আদিত্যনাথ



লখনউ, ৩ জুন (হি.স.): লখনউ-এর ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে আয়োজিত উত্তর প্রদেশে বিনিয়োগকারীদের শীর্ষ সম্মেলনে বিনিয়োগকারীদের আশ্বস্ত করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বললেন, উত্তর প্রদেশে বিনিয়োগ সম্পূর্ণ সুরক্ষিত। যোগী বলেছেন, 'এক জেলা এক পণ্য''''-র মতো প্রকল্পগুলিতে কার্যকর পদক্ষেপের মাধ্যমে উত্তর প্রদেশ নিজস্ব ঐতিহ্যবাহী এন্টারপ্রাইজ রফতানি ৮৮ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে ১.৫৬ লক্ষ কোটি টাকা করেছে।'

উত্তর প্রদেশে বিনিয়োগ সম্মেলনের ' ৩.০ গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানে যোগী আদিত্যনাথ আরও বলেছেন, 'বিনিয়োগকারীদের সুরক্ষা ও সংরক্ষণ উভয়ই দেবে রাজ্য সরকার।' তিনি বলেছেন, 'বিগত পাঁচ বছরে প্রধানমন্ত্রীর মন্ত্র গৃহীত হয়েছে যাতে সংস্কার, সম্পাদন এবং রূপান্তর সংস্কারের কথা বলা হয়েছে।

প্রধানমন্ত্রীর নির্দেশনায় উত্তর প্রদেশ দ্রুত পাঁচ বছরে ষষ্ঠ অর্থনীতি থেকে দ্বিতীয় অর্থনীতির দিকে অগ্রসর হচ্ছে।' যোগী আদিত্যনাথ আরও বলেছেন, 'রাজ্যের প্রতিটি ক্ষেত্রেই উন্নয়ন হয়েছে। করোনার সময়ও উত্তর প্রদেশে ৬৬ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে। আমাদের সরকার পাঁচ লক্ষ যুবককে সরকারি চাকরিও দিয়েছে। উদ্বোধন করা হয়েছে পূর্বাচল এক্সপ্রেসওয়ে। মুখ্যমন্ত্রী বলেছেন, যে বুন্দেলখণ্ড স্বাধীনতার পরে জলের জন্য আকুল ছিল। আমরা বুন্দেলখণ্ডে হর ঘর নল যোজনা এগিয়ে নিয়ে যাচ্ছি।

## কর্ণাটকে বাস ও পণ্যবোঝাই গাড়ির সংঘর্ষে জ্বলল আগুন, পুড়ে ৭ জনের মৃত্যুর আশঙ্কা

কালাবুরাগি, ৩ জুন (হি.স.): কর্ণাটকের কালাবুরাগি থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে হায়দরাবাদের একটি বাস ও পণ্যবোঝাই গাড়ির সংঘর্ষে জ্বলে উঠল আগুন। আগুনে পুড়ে ৭ জনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে, তবে এখনও পর্যন্ত ৩টি দেহ উদ্ধার হয়েছে। সকলের মৃত্যু হয়েছে আগুনে পুড়ে। শুক্রবার সকালে দুর্ঘটনাটি কালাবুরাগি থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে বিদর-শ্রীরঙ্গাপটনা জাতীয় সড়কের ওপর কমলপুরের কাছে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, সম্ভবত ৬ থেকে ৭ জনের মৃত্যু হয়েছে। তবে, ৩টি দেহ উদ্ধার হয়েছে। প্রত্যেকের বাড়ি হায়দরাবাদে। পুলিশ জানিয়েছে, দুর্ঘটনাগ্রস্ত বাসে চালক ও কন্ডাক্টর-সহ মোট ৩৫ জন যাত্রী ছিলেন। গোয়া থেকে বাসটি হায়দরাবাদের দিকে যাচ্ছিল। কমলপুরের চার কামানের কাছে পণ্যবোঝাই গাড়ির সঙ্গে ওই বাসের সংঘর্ষ হয়। সংঘর্ষের অভিঘাতে বাসটি উল্টে যায় ও আগুন ধরে যায়। এই দুর্ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## দুষ্কৃতীদের গুলিতে গুরুতর জখম সাংবাদিক

আলিগড়, ৩ জুন(হি.স) : দুষ্কৃতীদের গুলিতে গুরুতর জখম হলেন স্থানীয় একটি চ্যানেলের সাংবাদিক। তাঁকে জে এন হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার রাতের এই ঘটনা ঘটে আলিগড়ের মহু আখড়া এলাকার ধনীপুরের। পুলিশ দুই সন্দেহভাজনকে গ্রেফতার করে জেরা শুরু করেছে।পুলিশ জানিয়েছে, ধনীপুরের সবজি মান্ডিতে রাতে একটি দোকানে বসে বন্ধুদের সঙ্গে কথা বলছিলেন মুকেশ কুমার গুপ্ত নামে ওই চ্যানেলের সংবাদ কর্মী। তখন স্থানীয় কিছু যুবক ওই দোকানে জড়ো হয়। তাদের সঙ্গে কোনও কারণে মুকেশদের ঝামেলা হয়। গোলমাল হাতাহাতির পর্যায়ে পৌঁছায়। তার মধ্যেই ওই যুবকরা মুকেশকে লক্ষ্য করে গুলি চালায়।

## বিশ্ব সাইকেল দিবসে কোচবিহারে র‍্যালি কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিকের

কোচবিহার, ৩ মে (হি. স.) : শুক্রবার বিশ্ব সাইকেল দিবসে কোচবিহারে র‍্যালি করলেন কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক। দেশের ৭৫ টি ঐতিহ্যবাহী জায়গা থেকে এদিন এই সাইকেল র্যালি হয়েছে । যার মধ্যে রয়েছে কোচবিহার রাজবাড়ি। এদিন বিশ্ব সাইকেল দিবসে কচিকাঁচাদের সঙ্গে সাইকেল র‍্যালিতে অংশ নিলেন কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক। ''জাদি কেয়ামত মহোৎসব'' সামনে রেখে ক্রীড়ামন্ত্রকের পক্ষ থেকে সাইকেল র‍্যালির আয়োজন করা হয়। এদিন সকালে কোচবিহার রাজবাড়ি প্রাঙ্গণ থেকে সাইকেল র‍্যালি শুরু হয় । কোচবিহার শহরের বিভিন্ন পথ ধরে কোচবিহার স্টেশনে গিয়ে তা শেষ হয়। র‍্যালিতে ছিলেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক, নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের বিধায়ক মিহির গোস্বামী, কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক নিখিল রঞ্জন দে প্রমুখ। হিন্দুস্থান সমাচার / সোনালি

## থ্রিক্কাকারা বিধানসভা উপনির্বাচনে জয়ী ইউডিএফের উমা থমাস

এর্নাকুলাম (কেরল), ৩ জুন(হি.স) : কেরলের থ্রিক্কাকারা বিধানসভা উপনির্বাচনে ইউনাইটেড ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউডিএফ) প্রার্থী উমা থমাস ২৫,০১৬ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন।শুক্রবার ভোটের ফলাফল ঘোষিত হওয়ার পর থমাস তাঁর স্বামী প্রয়াত বিধায়ক পিটি থমাসকে উতর্গ করেন। তিনি বলেন, 'এটি একটি ঐতিহাসিক জয়। আমি এই জয়টি পিটি থমাসকে উৎসর্গ করছি। ধন্যবাদ থ্রিক্কাকারা। আমি থ্রিক্কাকারার জনগণের সঙ্গে আছি। থ্রিক্কাকারার জনগণ আমাকে নির্বাচন করেছেন। টমাস আরও বলেন, তিনি আন্তরিকতার সঙ্গে তার নির্বাচনী এলাকার জনগণের সঙ্গে থাকবেন। তিনি বলেন, 'আমি ইউডিএফ-এর সকল কর্মীদের ধন্যবাদ জানাচ্ছি। তিনি সিপিএম নেতৃত্বাধীন বাম গণতান্ত্রিক ফ্রন্টের (এলডিএফ) জো জোসেফের বিরুদ্ধে ৭২,৭৭০ ভোট পেয়েছেন। আর জোসেফ পেয়েছেন ৪৭,৭৫৪ ভোট। উমা এবং এলডিএফ-এর জোসেফ ছাড়াও বিজেপির রাজ্য সহ-সভাপতি এএন রাধাকৃষ্ণনও জাতীয় গণতান্ত্রিক জোটের (এনডিএ) উপ-নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন।

## অকাল তখত জথেদার জ্ঞানী হরপ্রীত সিংকে ''জেড'' ক্যাটাগরির নিরাপত্তা বরাদ্দ স্বরাষ্ট্র মন্ত্রকের

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : পঞ্জাবের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার অকাল তখতের জথেদার জ্ঞানী হরপ্রীত সিংকে জেড ক্যাটাগরির নিরাপত্তা বরাদ্দ করা হয়েছে বলে স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে জানা গিয়েছে।

জ্ঞানী হরপ্রীত সিংকে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ) নিরাপত্তা প্রদান করবে। সূত্র জানিয়েছে, পঞ্জাবের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই বিষয়ে সরকারী আদেশ জারি করা হয়েছে।

কেন্দ্র সিংকে জেড ক্যাটাগরির নিরাপত্তা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কেননা পঞ্জাবের ভগবন্ত মান সরকার তার নিরাপত্তা কমিয়ে দিয়েছে। সিংয়ের নিরাপত্তায় মোট ছয়জন পুলিশ মোতায়েন ছিল, পরে যা কমিয়ে তিন করা হয়।

পরে তিনি বাকি তিনজন নিরাপত্তা কর্মীকেও ফিরিয়ে দেন এবং রাজ্য সরকারের কাছ থেকে নিরাপত্তা চান না বলে তিনি সাফ জানিয়ে দেন। হিন্দুস্থান সমাচার / সঞ্জয়

## বিশাখাপত্তনমে বেসরকারি কোম্পানি থেকে গ্যাস লিকেজ, অসুস্থ কমপক্ষে ৮৭ জন

বিশাখাপত্তনম, ৬ জুন (হি.স.): অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের আচুতাপুরমে পোরাস ল্যাবরেটরিজ প্রাইভেট লিমিটেড কোম্পানি থেকে গ্যাস লিক হওয়ার পরে অসুস্থ হয়ে পড়লেন কমপক্ষে ৮৭ জন। তাঁদের মধ্যে ৩০ জনেরও বেশি মহিলা কর্মী রয়েছেন। সকলকে অসুস্থ অবস্থায় হাসতাপালে ভর্তি করা হয়েছে। বর্তমানে সব শ্রমিকের স্বাস্থ্য স্থিতিশীল, কোনও হতাহতের খবর পাওয়া যায়নি। পুলিশ সুপার গৌথামি সালি জানিয়েছেন, কীভাবে গ্যাস লিকেজের ঘটনা ঘটেছে, তা তদন্ত করে দেখা হচ্ছে।

পুলিশ সুপার গৌথামি সালি জানিয়েছেন, শুক্রবার বিশাখাপত্তনমের আচুতাপুরমে পোরাস ল্যাবরেটরিজ প্রাইভেট লিমিটেড কোম্পানি থেকে গ্যাস লিক হওয়ার ঘটনা ঘটে। প্রথমে জানা যায় ৩০ জন মহিলা অসুস্থ হয়েছেন, পরে ৮৭ জনকে অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। তবে, কারও শারীরিক অবস্থা গুরুতর নয়। কীভাবে গ্যাস লিকেজের ঘটনা ঘটেছে, তা তদন্ত করে দেখা হচ্ছে বলে জানিয়েছেন পুলিশ সুপার।

## উপনির্বাচনে ''রেকর্ড'' জয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ধামীকে শুভেচ্ছা অমিত শাহ-র

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : শুক্রবার চম্পাবত আসন থেকে উপনির্বাচনে ''রেকর্ড'' জয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামীকে শুভেচ্ছা জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এদিন তিনি বলেন, 'উত্তরাখণ্ডের চম্পাবত আসন থেকে উপনির্বাচনে ''রেকর্ড'' জয়ে মুখ্যমন্ত্রী ধামীকে শুভেচ্ছা জানাই। আমার বিশ্বাস, প্রধানমন্ত্রী মোদীর নির্দেশিত পথে অপনি দেবভূমি উত্তরাখণ্ডকে প্রগতি ও উন্নয়নের এক নতুন দিশায় পৌঁছে দেবেন।'

মুখ্যমন্ত্রী হিসেবে টিকে থাকার জন্য ধামির জন্য এটি অত্যন্ত প্রয়োজনীয় বিজয় ছিল। কেননা তিনি বিজেপির ব্যাপক জয় সত্ত্বেও রাজ্য বিধানসভা নির্বাচনে হেরেছিলেন। এদিন ধামী উপ-নির্বাচনে ফলাফল ঘোষণার পর পুষ্কর সিং ধামি ৫৮,২৫৮ ভোট পেয়েছেন। কংগ্রেস প্রার্থী নির্মলা গাহাতোদির মাত্র ৩,২৩৩ ভোট পেয়েছেন। ধামি এবং কংগ্রেসের গাহাতোদি ছাড়াও সমাজবাদী পার্টির মনোজ কুমার ভাট এবং নির্দল প্রার্থী হিমাংশু গাদকোটিও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। গত ৩১ মে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় এবং আজ ভোট গণনা হয়।

## প্রধানমন্ত্রীকে সঙ্গে নিয়ে নিজের জন্মভিটেতে রাষ্ট্রপতি, আম্বেদকরের মূর্তিতে শ্রদ্ধাঞ্জলি

কানপুর, ৩ জুন (হি.স.): রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সঙ্গে নিয়ে নিজের জন্মভিটে কানপুর দেহাতের পারাউখ গ্রাম পরিদর্শন করেছেন। তাঁদের সঙ্গে ছিলেন উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বাবা সাহেব আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করে এদিন শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি। পরে এক জনসভায় ভাষণ দেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। সাম্প্রতিক জাপান সফরের সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রবাসী ভারতীয়দের উদ্দেশে ভাষণ দেওয়ার প্রসঙ্গ উত্থাপন করে রাষ্ট্রপতি এদিন বলেছেন, বিশ্বে ভারতের শক্তিকে একটি নতুন পদ্ধতিতে প্রতিষ্ঠা করছেন প্রধানমন্ত্রী। মোদী এদিন বলেছেন, রাষ্ট্রপতি যখন আমাকে স্বাগত জানাতে এসেছিলেন আমি তখন একটু বিব্রত বোধ করেছিলাম। আমরা তাঁর অধীনে কাজ করছি, তাঁর পদের একটি পবিত্রতা রয়েছে। রাষ্ট্রপতি আমাকে বলেছেন তিনি সংবিধানকে সম্মান করেন, তবে মূল্যবোধ গুরুত্বপূর্ণ। রাষ্ট্রপতি জানান তিনি আমাকে একজন গ্রামবাসী হিসেবে স্বাগত জানিয়েছেন।

## সিধু মুসওয়ালার হত্যার দায় নিতে অস্বীকার লরেন্স বিষ্ণোই-র

নয়াদিল্লি, ৩ জুন (হি.স) : পঞ্জাবী গায়ক সিধু মুস ওয়ালার হত্যাকাণ্ডের পরিকল্পনায় তার হাত থাকার কথা এখনও স্বীকার করেনি গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই। তদন্তের মধ্যে দিল্লি পুলিশ এ কথা জানিয়েছে। বিষ্ণোই পুলিশকে বলেছে, সিধু মুসওয়ালাকে প্রতিশোধ নিতে হত্যা করা হয়েছিল, তবে তার নিজের কোনও হাত নেই। তবে মূল অপরাধী এখনও সনাক্ত করা যায়নি। জিজ্ঞাসাবাদের সময়, লরেন্স বলে, গোল্ডি ব্রার তথ্য পেয়েছেন যে মুসওয়ালা তার ম্যানেজারকে বিদেশে পালাতে সাহায্য করেছিলেন।দিল্লি পুলিশ জানিয়েছে, কানাডা থেকে বেশ কয়েকটি খুনের পরিকল্পনা করার অভিযোগে গোল্ডি ব্রার-র বিরুদ্ধেও তদন্ত করছে। পুলিশ আরও বলেছে, ব্রার দেশের বাইরে এবং লরেন্স কারাগারে থাকা সত্ত্বেও তার সহযোগীরা এখনও দেশে হত্যার পরিকল্পনা করতে সক্ষম হয়েছিল। কালা জাথেদী, মন্টি ও কালা রানা গ্যাংয়ের অন্য প্রধান সহযোগী। লন্ডনে বসবাসকারী রাজা মন্টি, কালা রানা ৩০টি খুনের সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে। রানাকে থাইল্যান্ড থেকে ভারতে প্রত্যর্পণ করা হয়।


## কুতুব মিনার কমপ্লেক্সের মসজিদে নমাজ পড়া বন্ধ মামলা দিল্লি হাইকোর্টে

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : কুতুব মিনার কমপ্লেক্সে মসজিদে নমাজ পড়া বন্ধ করতে দিল্লি হাইকোর্টে মামলা পৌঁছল। হাইকোর্ট এই আবেদনের দ্রুত শুনানি করতে অস্বীকার করেছে। শুক্রবার এক আইনজীবী হাইকোর্টে বলেন, কুতুব মিনারে দীর্ঘদিন ধরে নমাজ পড়া হচ্ছে। তা সত্ত্বেও, ১৫ মে আর্কিওলজিকাল সার্ভে অব ইন্ডিয়া(এএসআই) এখানে নিষিদ্ধ ঘোষণা করে। আইনজীবী এই আবেদনের দ্রুত শুনানির দাবি করলেও হাইকোর্ট তাৎক্ষণিক শুনানি করতে অস্বীকার করেন। আদালত বলেছে, বিষয়টি দ্রুত শুনানির জন্য রেজিস্ট্রারের সামনে রাখতে হবে। প্রসঙ্গত, দিল্লির সাকেত আদালত কুতুব মিনার কমপ্লেক্সে নমাজ পড়ার অনুমতি চেয়ে একটি আবেদনের উপর তার রায় স্থগিত রেখেছে। আগামী ৯ জুন সাকেত আদালতের রায় ঘোষণার কথা রয়েছে।

## সিধু মুসেওয়ালার খুনিরা রেহাই পাবে না: কেজরিওয়াল

নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : গায়ক সিধু মুসেওয়ালার খুনিদের কোনও অবস্থাতেই রেহাই দেওয়া হবে না বলে আম আদমি পার্টির (আপ) সর্বভারতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল জানিয়েছেন।

শুক্রবার দিল্লিতে কেজরিওয়াল বলেন, মুসেওয়ালা হত্যা নিয়ে কোনও ধরণের রাজনীতি করা উচিত নয়। পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান



ইতিমধ্যেই বলেন, মুসেওয়ালার খুনিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, পঞ্জাবের বিরোধী দলগুলিকে এই ইস্যুতে রাজনীতি করা উচিত নয়, পঞ্জাবের উন্নয়নে সরকারকে সহযোগিতা করা উচিত। কেজরিওয়াল আরও বলেন, সিধু মুসেওয়ালার হত্যাকাণ্ড খুবই দুঃখজনক। পঞ্জাব সরকার অবশ্যই মুসেওয়ালার পরিবারকে ন্যায়বিচার দেবে। এর আগে, পঞ্জাবের পাতিয়ালায় হিংসা এবং মোহালিতে বিস্ফোরণের একটি মামলা হয়েছিল, যা ২৪ থেকে ৪৮ ঘন্টার মধ্যে সমাধান করা হয়েছিল।

# আজ জম্মু-কাশ্মীরের নিরাপত্তা পর্যালোচনা বৈঠক করবেন অমিত শাহ



নয়াদিল্লি, ৩ জুন(হি.স) : শুক্রবার জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা নিয়ে লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা এবং অন্যান্য শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠক করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

জানা গিয়েছে, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং জম্মু ও কাশ্মীরের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ দিলবাগ সিংও বৈঠকে অংশ নেবেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা ছাড়াও এই বৈঠকে কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্সের মহাপরিচালক কুলদীপ সিং এবং বর্ডার সিকিউরিটি ফোর্সের প্রধান পঙ্কজ সিংও উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে।

জম্মু ও কাশ্মীরে সাম্প্রতিক কাশ্মীরি পণ্ডিতদের হত্যার প্রেক্ষিতে এই বৈঠক ডাকা হয়েছে বলে জানা গিয়েছে। প্রসঙ্গত, বৃহস্পতিবার জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলায় সন্ত্রাসবাদীরা বিজয় কুমার নামে এক ব্যাঙ্ক ম্যানেজারকে তার অফিসের বাইরে গুলি করে হত্যা করে। ঘটনাটি ঘটেছে কুলগামের আরেহ মোহনপোড়ার এলাকি দেহাতি ব্যাঙ্কে। দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট, নিষিদ্ধ লস্কর-ই-তৈয়বা সন্ত্রাসবাদী গোষ্ঠী হামলার দায় স্বীকার করেছে।

তার কয়েকদিন আগেও জম্মুর সাম্বা জেলার বাসিন্দা ৩৬ বছর বয়সী হিন্দু মহিলা শিক্ষিকা রজনী বালাকে কুলগামের গোপালপোড়ার একটি সরকারি স্কুলে সন্ত্রাসবাদীরা গুলি করে হত্যা করেছিল। এছাড়া গত মাসে কাশ্মীরি পণ্ডিত কর্মচারী রাহুল ভাট সহ - দুই সাধারণ নাগরিক এবং কাশ্মীরে তিন পুলিশ সন্ত্রাসবাদীদের হাতে নিহত হয়েছিলেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# মাধ্যমিকে প্রথম বাঁকুড়ার অর্ণব ও পূর্ব বর্ধমানের রৌনক, পাশের হার ৮৬.০৬ শতাংশ

কলকাতা, ৩ জুন (হি.স.): প্রকাশিত হয়েছে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল। শুক্রবার সকাল ৯টা নাগাদ সাংবাদিক বৈঠক করে ফল ঘোষণা করেছেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়। ৭৯ দিনের মধ্যে শুক্রবার মাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছে। এ বছরের মাধ্যমিকে ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা ১১ শতাংশ বেশি ছিল। এ বছর পূর্ব মেদিনীপুরে সাফল্যের হার সবচেয়ে বেশি। ৯৭.৬৩ শতাংশ। পাশের হারে দ্বিতীয় স্থানে রয়েছে কালিম্পং। সেখানে পাশের হার ৯৪.২৭ শতাংশ। তার পরে রয়েছে পশ্চিম মেদিনীপুর। এই জেলায় পাশের হার ৯৪.৬২ু। এ বছর মোট পাশের হার ৮৬.০৬ শতাংশ। কোনও ফলাফল অসম্পূর্ণ নেই। পরীক্ষা দিয়েছেন মোট ১০.৯৮ লক্ষ পড়ুয়া।

মাধ্যমিকে প্রথম হয়েছেন দু'জন। বাঁকুড়ার রামহরিপুর রামকৃষ্ণ মিশন হাই স্কুলের অর্ণব ঘড়াই এবং পূর্ব বর্ধমান সিএমএস স্কুলের রৌনক মণ্ডল। দু'জনের প্রাপ্ত নম্বর ৬৯৩। ৬৯২ নম্বর পেয়ে যুগ্ম দ্বিতীয় হয়েছেন মালদহের কৌশিকী সরকার এবং পশ্চিম মেদিনীপুরের রৌনক মণ্ডল। ৬৯১ নম্বর পেয়ে যুগ্ম তৃতীয় হয়েছেন পশ্চিম বর্ধমানের অনন্যা দাশগুপ্ত এবং পূর্ব মেদিনীপুরের দেবশিখা প্রধান। ১১৪ জন রয়েছেন প্রথম দশে।

করোনার কারণে গত দু'বছর মাধ্যমিক পরীক্ষা হয়নি। এ বছর ৭ মার্চ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়। শেষ হয় ১৬ মার্চ। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১১ লক্ষ ২৬ হাজার ৮৬৩ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা ৫ লক্ষ ৫৯। আর ছাত্রীর সংখ্যা ছিল ৬ লক্ষ ২৬ হাজার ৮০৪ জন। পরীক্ষার্থীরা সকাল দশটা থেকে পর্ষদের ওয়েবসাইট www/ wbbse.gov.in–exametcƒcom সহ ১৪টি ওয়েবসাইট থেকে ফলাফল জানতে পারবেন। এছাড়াও madhyamik results ২০২২ মোবাইল অ্যাপ ও ন্দ্রত্ন১০ টাইপ করে স্পেস দিয়ে ন্দ্রনন দ্রুদ্র লিখে ৫৬৭৬৭৫০ নম্বরে এস এম এস করেও ফল জানা যাবে।

# জ্ঞানবাপী ইস্যুতে আলোচনার মাধ্যমে সমাধান খুঁজে বের করা উচিত : সঙ্ঘচালক

নাগপুর, ৩ জুন (হি.স.): বারাণসীর জ্ঞানবাপী মসজিদ ইস্যুতে হিন্দু ও মুসলিম উভয়পক্ষের পারস্পরিক আলোচনার মাধ্যমে সমাধান খুঁজে বের করা উচিত। এমনই অভিমত পোষণ করেছেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)-র সরসঙ্ঘচালক মোহন ভাগবত। একই সঙ্গে সংবিধান ভিত্তিক বিচার বিভাগের সিদ্ধান্তকে সম্মান করার জন্য মুসলিম পক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন সরসঙ্ঘচালক। পাশাপাশি ডঃ মোহন ভাগবত প্রতিটি মসজিদে শিবলিঙ্গের সন্ধান বন্ধ করার জন্য পরামর্শও দিয়েছেন হিন্দুদের। ২ জুন, বৃহস্পতিবার নাগপুরের রেশমবাগ ময়দানে অনুষ্ঠিত রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)-র তৃতীয় বর্ষের সংঘ শিক্ষা বর্গের সমাপনী অনুষ্ঠানে আশীর্বাদ প্রদান করে ডঃ মোহন ভাগবত বলেছেন, ভারত আক্রমণের পর ইসলামি শাসকরা হিন্দুদের আস্থার প্রতীক বহু মন্দির ধ্বংস করে। এটা ছিল মূলত হিন্দু সম্প্রদায়কে নিরাশ করার চেষ্টা। হিন্দুরা মনে করেন, এই ধরনের ধর্মীয় স্থানগুলি এখন পুনরুজ্জীবিত করা উচিত, কিন্তু বর্তমান মুসলমানরা আমাদের পূর্বপুরুষদের বংশধর। জ্ঞানবাপী ইস্যুতে পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে সমাধানের পথ বের করতে হবে। কোনও পক্ষ আদালতে গেলে বিচার বিভাগের সিদ্ধান্তকে সম্মান করতে হবে।

সঙ্ঘের ভূমিকা ব্যাখ্যা করতে গিয়ে ডঃ ভাগবত বলেছেন, এর আগে সঙ্ঘ রাম মন্দির আন্দোলনে যোগ দিয়েছিল, কিন্তু ৯ নভেম্বর সঙ্ঘ নিজস্ব ভূমিকা স্পষ্ট করেছে। এখন সঙ্ঘ কোনও ধর্মীয় আন্দোলনের অংশ হবে না। সরসঙ্ঘচালক বলেছেন, সঙ্ঘ কারও উপাসনা পদ্ধতির বিরুদ্ধে নয়। দেশকে বিশ্বগুরু করতে হলে সমাজে পারস্পরিক সমন্বয়, স্নেহ ও ভ্রাতৃত্ববোধ থাকতে হবে। ভাগবত বলেছেন, দেশভাগের পরে যারা পাকিস্তানে যাননি তাদের উচিত এখানকার ঐতিহ্য ও সংস্কৃতি মেনে চলা। উভয় ধর্মের মানুষদের একে-অপরকে হুমকি দেওয়া থেকে বিরত থাকতে হবে। হিন্দুদের নিয়ে যদি মুসলমানদের মধ্যে প্রশ্নবোধক চিহ্ন থাকে, তাহলে আলোচনা হওয়া উচিত। সরসঙ্ঘচালক বলেছেন, হিন্দুত্ব দেশের আত্মা এবং এতে চরমপন্থার কোনও স্থান নেই।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের উদাহরণ দিয়ে ডঃ ভাগবত বলেছেন, রাশিয়া নিজস্ব শক্তির জোরে বিশ্বকে ভয় দেখাচ্ছে। অন্যদিকে পশ্চিমি শক্তি ইউক্রেনকে অস্ত্র দিয়ে নিজেদের রুটি সেঁকছে। পশ্চিমি বিশ্ব বরাবরই এমনটা করে আসছে। বর্তমানে রাশিয়া-ইউক্রেন বিরোধে ভারত অত্যন্ত ভারসাম্যপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। ভারতের পর্যাপ্ত শক্তি থাকলে ভারত এই যুদ্ধ বন্ধ করে দিত। কিন্তু চিনের মতো শক্তিশালী দেশ তা করছে না। ক্ষমতা ও সম্পদ থাকা সত্ত্বেও সে স্বার্থপরতায় বাস করে। এই অনুষ্ঠানে মঞ্চে উপস্থিত ছিলেন ভাগ্যনগরের শ্রী রামচন্দ্র মিশনের সভাপতি দাজি উপাখ্য কমলেশ প্যাটেল, অশোক পান্ডে, বিদর্ভ প্রদেশের সঙ্ঘচালক রাম হরকরে এবং মহানগর সঙ্ঘচালক রাজেশ লোয়া। এছাড়াও মহারাজ লীশেম্বা সঞ্জোবা (মণিপুরের রাজা), অনুরাগ বিহার (সিইও, আজিম, প্রেমজি ফাউন্ডেশন), সঞ্জীব সান্যাল, কামাক্ষী আক্কা, সুনীল মেহতা (সর্বভারতীয় সহ-বৌদ্ধিক প্রমুখ) প্রমুখ।

## দৈনিক-সংক্রমণ বেড়ে ৪,০৪১ একদিনে মৃত ১০

নয়াদিল্লি, ৩ জুন (হি.স.): ভারতে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা বাড়তে বাড়তে ৪-হাজারের গন্ডি ছাড়িয়ে গিয়েছে, তবে মৃত্যুর সংখ্যা পুরোপুরি নিয়ন্ত্রণে রয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৪ হাজার ০৪১ জন, এই সময়ে মৃত্যু হয়েছে মাত্র ১০ জনের। ভারতে দৈনিক সংক্রমণের হার এই মুহূর্তে বেড়ে ০.৯৫ শতাংশে পৌঁছেছে।

বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২১,১৭৭-এ পৌঁছেছে, শেষ ২৪ ঘন্টায় সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে ১,৬৬৮ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৫ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনাভাইরাসের টিকা পেয়েছেন ১২ লক্ষ ০৫ হাজার ৮৪০ জন প্রাপক, ফলে ভারতে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ১,৯৩,৮৩,৭২, ৩৬৫ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ১০ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৫, ২৪,৬৫১ জন (১.২২ শতাংশ)। বৃহস্পতিবার সারা দিনে ভারতে সুস্থ হয়েছেন ২,৩৬৩ জন। শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,২৬,২২,৭৫৭ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৪ শতাংশ।

## সকলের কাছে পৌঁছে দিতে হবে মোদীজির বার্তা: অনুরাগ; রিজিজু বললেন সাইকেল চালানো অবশ্যিক

নয়াদিল্লি, ৩ জুন (হি.স.): বিশ্ব সাইকেল দিবসে ফিট ইন্ডিয়া ফ্রিডম রাইডার সাইকেল র্যা লির সূচনা করলেন কেন্দ্রীয় যুবকল্যাণ ও ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার সকালে দিল্লির মেজর ধ্যান চাঁদ স্টেডিয়াম থেকে দেশব্যাপী ফিট ইন্ডিয়া ফ্রিডম রাইডার সাইকেল র্যা লির সূচনা করেছেন অনুরাগ সিং ঠাকুর। কেন্দ্রীয় মন্ত্রী এদিন বলেছেন, 'বিশ্ব সাইকেল দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বার্তা আমরা সকলের কাছে পৌঁছে দিতে চাই। ফিট ইন্ডিয়া মুভমেন্ট, খেলো ইন্ডিয়া মুভমেন্ট, স্বচ্ছ ভারত আন্দোলন এবং স্বাস্থ্যকর ভারত আন্দোলন সবই সাইকেল চালানোর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। দূষণের মাত্রাও কমিয়ে দেবে।'

কেন্দ্রীয় মন্ত্রী কইরেন রিজিজু বলেছেন, 'বিশ্বে সাইকেল দিবস উপলক্ষে প্রচুর মানুষ এখানে জড়ো হয়েছেন। কিন্তু, যেভাবেই হোক মানুষের নিত্যদিন সাইকেল চালানো উচিত। সুযোগ পেলেই আমি নিজেও সাইকেল চালাই। ফিট ইন্ডিয়া এবং স্বাস্থ্যের জন্য সাইকেল চালানো অবশ্যিক। এদিন ফিট ইন্ডিয়া ফ্রিডম রাইডার সাইকেল র্যা লির সূচনা করার পর সাইকেল চালিয়েছেন কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া প্রমুখ।

## পাইখোলার জয়নগরে হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারের উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৩ জুন।।** শুক্রবার দক্ষিণ ত্রিপুরার বিলোনিয়া মহকুমার পাইখোলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত জয়নগর হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারের নবনির্মিত পাকা ভবনের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। শুভ দ্বার উদঘাটন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়কঅরুণ চন্দ্র ভৌমিক। উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর জগদিশ চন্দ্র নমঃ, বি সি নগর পঞ্চায়েত সমিতি চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস, সমষ্টি উন্নয়ন আধিকারিক কাবেরী নাথ, মহকুমার স্বাস্থ্য আধিকারিক ডক্টর বিমল কলই , এস বি সি নগর গ্রাম পঞ্চায়েতের প্রধান লক্ষী চৌধুরী ,ডক্টর পাইখোলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এম ওয়াই সি অনির্বাণ বিশ্বাস । অনুষ্ঠানের শুভ উদ্বোধন শেষে জয়নগর হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার নবনির্মিত পাকা ভবনের পরিদর্শন করেন উপস্থিত অতিথিগন। এদিনের অনুষ্ঠানে উপস্থিত জনগণের মধ্যে বিশেষ উৎসাহ উদ্দীপনা লক্ষ করা যায়। ঘরের কাছে সকলে সব ধরনের স্বাস্থ্য পরিষেবার সুযোগ-সুবিধা পাবে বলে গ্রামবাসী খুবই খুশি।

## প্রকাশিত মাধ্যমিক পরীক্ষার ফল, পাশের হারে এবারও সর্বাগ্রে পূর্ব মেদিনীপুর

কলকাতা, ৩ জুন (হি.স.): প্রকাশিত হয়েছে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল। শুক্রবার সকাল ৯টা নাগাদ সাংবাদিক বৈঠক করে ফল ঘোষণা করেছেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়। ৭৯ দিনের মধ্যে শুক্রবার মাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছে। এ বছরের মাধ্যমিকে ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা ১১ শতাংশ বেশি। এ বছর পূর্ব মেদিনীপুরে সাফল্যের বার সবচেয়ে বেশি। ৯৭.৬৩ শতাংশ। পাশের হারে দ্বিতীয় স্থানে রয়েছে কালিম্পং। সেখানে পাশের হার ৯৪.২৭ শতাংশ। তার পরে রয়েছে পশ্চিম মেদিনীপুর। এই জেলায় পাশের হার ৯৪.৬২ু। করোনার কারণে গত দু'বছর মাধ্যমিক পরীক্ষা হয়নি। এ বছর ৭ মার্চ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়। শেষ হয় ১৬ মার্চ। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১১ লক্ষ ২৬ হাজার ৮৬৩ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা ৫ লক্ষ ৫৯। আর ছাত্রীর সংখ্যা ছিল ৬ লক্ষ ২৬ হাজার ৮০৪ জন। পরীক্ষার্থীরা সকাল দশটা থেকে পর্ষদের ওয়েবসাইট www.wbbse.gov.in– exametc.com সহ ১৪টি ওয়েবসাইট থেকে ফলাফল জানতে পারবেন। এছাড়াও ২০২২ মোবাইল অ্যাপ ও ন্দ্রত্ন১০ টাইপ করে স্পেস দিয়ে ন্দ্রনন দ্রুদ্র লিখে ৫৬৭৬৭৫০ নম্বরে এস এম এস করেও ফল জানা যাবে।

## রাহুল গান্ধীকে ফের সমন পাঠাল ইডি, ১৩ জুন হাজিরার নির্দেশ

নয়াদিল্লি, ৩ জুন (হি.স.): ন্যাশনাল হেরাল্ড মামলায় কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে নতুন করে সমন পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। আগামী ১৩ জুন রাহুল গান্ধীকে ইডি-র দফতরে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। ন্যাশনাল হেরাল্ড মামলায় জিজ্ঞাসাবাদের জন্য রাহুলকে ২ জুন ডেকে পাঠিয়েছিল ইডি। কিন্তু বিদেশে থাকার কারণে ওই দিন তিনি হাজিরা দিতে পারেননি।

তাই শুক্রবার ন্যাশনাল হেরাল্ড মামলায় কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে নতুন করে সমন পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। জানিয়ে দেওয়া হয়েছে, ১৩ জুন রাহুল গান্ধীকে ইডি-র দফতরে হাজিরা দিতে হবে। প্রসঙ্গত, এই মামলায় ৮ জুন ইডি-র দফতরে হাজির হতে বলা হয়েছিল কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধীকে। কিন্তু, সোনিয়া করোনায় আক্রান্ত হয়েছেন। তাই তিনি সম্ভবত ৮ জুন হাজিরা নাও দিতে পারেন।প্রসঙ্গত, জওহরলাল নেহরু প্রতিষ্ঠিত ন্যাশনাল হেরাল্ড সংবাদপত্র নিয়ে মনমোহন সিংয়ের জমানাতেই দুর্নীতির অভিযোগ তুলেছিল বিজেপি। ২০১৪ সালে নরেন্দ্র মোদী সরকার ক্ষমতায় আসার পর বিষয়টি নিয়ে নতুন করে জলঘোলা শুরু হয়।

# করোনায় আক্রান্ত প্রিয়াঙ্কা, সোনিয়া-কন্যা বাড়িতেই রয়েছেন নিভৃতবাসে



নয়াদিল্লি, ৩ জুন (হি.স.): কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধীর পর এবার করোনায় আক্রান্ত হয়েছেন তাঁর মেয়ে প্রিয়াঙ্কা গান্ধী ভডরা। শুক্রবার সোনিয়া-কন্যা প্রিয়াঙ্কা নিজেই জানিয়েছেন, তিনি করোনায় আক্রান্ত হয়েছেন ও বাড়িতেই নিভৃতবাসে রয়েছেন। সম্প্রতি তাঁর সান্নিধ্যে যাঁরা এসেছিলেন তাঁদের সকলকেই কোভিড পরীক্ষা ও সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করার অনুরোধ জানিয়েছেন প্রিয়াঙ্কা।

একদিন আগে, বৃহস্পতিবারই জানা যায় সোনিয়া গান্ধী করোনায় আক্রান্ত হয়েছেন। কোভিডে আক্রান্ত হন কংগ্রেস নেতা কে সি বেণুগোপালও। আর শুক্রবার সোনিয়া-কন্যা প্রিয়াঙ্কা জানালেন তিনিও কোভিডে আক্রান্ত হয়েছেন। প্রিয়াঙ্কা টুইট করে জানিয়েছেন, 'আমি করোনায় আক্রান্ত হয়েছি, মৃদু উপসর্গ রয়েছে। সমস্ত প্রোটোকল মেনে চলছি। বাড়িতেই নিজেকে কোয়ারেন্টাইনে রেখেছি। সম্প্রতি আমার সান্নিধ্যে যাঁরা এসেছিলেন তাঁরা সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করবেন।'

## বসতঘর

● প্রথম পাতার পর

এবং স্থানীয় মুরুব্বিরা ঘটনা মীমাংসা করার চেষ্টা করেছেন। শেষ পর্যন্ত স্ত্রী-সন্তানদের মারধর করে ঘরে আগুন ধরিয়ে দিয়ে পালিয়ে গেছে অভিযুক্ত স্বামী উজ্জ্বল সরকার। লেফুঙ্গা থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অভিযুক্তকে গ্রেপ্তারের জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে। এদিকে ক্ষতিগ্রস্ত পরিবারকে প্রশাসনের তরফ থেকে আশ্রয় দান এবং প্রয়োজনীয় সাহায্য করার জন্য এলাকাবাসীর তরফ থেকে দাবি জানানো হয়েছে।

## প্রতাপগড়ে

● প্রথম পাতার পর

বাড়ি তৈরি করার জন্য ট্রান্স কাটার কাজ চলছিল। রাজমিস্ত্রি দুজন যুগালীকে ট্রান্স কাটার জন্য পাঠিয়েছিল। ট্রান্স কাটার সময় আচমকা এই ভয়াবহ দুর্ঘটনা ঘটে। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে এ ঘটনার তদন্ত শুরু করেছে। আশঙ্কা করা হচ্ছে বৃষ্টিতে মাটি নরম হয়ে যাওয়া ট্রান্স কাটার সময় শ্রমিকরা যখন নিচে নেমে কাজ করছিল তখন ঐ পাশের মাটি ভেঙ্গে শ্রমিকদের উপর পড়ে গেছে। তাতেই মর্মান্তিক এই ঘটনা ঘটে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## মেলারমাঠ

● প্রথম পাতার পর

উদ্ধারের ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে আসলে মৃত্যুর কারণ সম্পর্কে স্পষ্ট হবে। মৃত ব্যক্তির বয়স আনুমানিক ৩০-৩৫ বছর হবে। প্রসঙ্গত, সম্প্রতি ত্রিপুরায় বিভিন্ন স্থানে মৃতদেহ উদ্ধার হচ্ছে। অস্বাভাবিক মৃত্যুর ঘটনা বেড়েই চলেছে। বেশিরভাগ ক্ষেত্রে নেশাগ্রস্ত হয়ে মৃত্যুর ঘটনার প্রমাণ মিলেছে।

## বিদ্যুৎস্পৃষ্টে

● প্রথম পাতার পর

পরিবাহী তার গিয়েছে। খুটিটি যখন তারা গর্তের মধ্যে ফেলার চেষ্টা করে তখন ঐ নিয়ন্ত্রণ হারিয়ে ফেলায় খুঁটিটি বিদ্যুতের তারের সঙ্গে স্পর্শ হয়। বিদ্যুৎ পরিবাহী তারের সঙ্গে বিদ্যুতের খুঁটি স্পর্শ হয়ে যাওয়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয় অপর একজন গুরুতর ভাবে আহত হয়।

অবশ্য অন্যান্য শ্রমিকরা অক্ষত রয়েছে। শ্রমিকরা সঙ্গে সঙ্গে আহত শ্রমিককে হাসপাতালে নিয়ে যায়। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে। মৃত শ্রমিকের দেহ ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

## মঠচৌমুহনীতে

● প্রথম পাতার পর

এ বিষয়ে জানতে চাওয়া হলে পুলিশ জানিয়েছে আশঙ্কা করা হচ্ছে গাড়ির ভেতর থেকেই অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে। পুলিশ ও দমকল বাহিনীর ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে। মঠচৌমুহনীতে বিয়ে বাড়ির সামনে অগ্নিকান্ডে গাড়ি ভস্মীভূত হওয়ার ঘটনায় স্থানীয় জনমনে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## উপনির্বাচন

● প্রথম পাতার পর

প্রকাশ এবং মনোনয়ন পত্র জমা দেওয়ার ক্ষেত্রে বামেদের পর এগিয়ে রইল তৃণমূল কংগ্রেস। আজ প্রার্থী তালিকা ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস। এরপরই দুইটি আসনে প্রার্থীরা মনোনয়নও জমা দিয়েছেন প্রার্থীরা।

তৃণমূল কংগ্রেস ৬ নম্বর আগরতলা কেন্দ্রে পান্না দেবকে প্রার্থী করেছে। ৮ নম্বর টাউন বড়দোয়ালী কেন্দ্রে প্রার্থী হয়েছেন নীল কমল সাহা। ৪৬ নম্বর সুরমা কেন্দ্রে প্রার্থী করা হয়েছে অর্জুন সরকারকে এবং ৫৭ নম্বর যুবরাজনগর কেন্দ্রের তৃণমূল প্রার্থী হয়েছেন ডাঃ মৃনাল কান্তি দেবনাথ।

আজ শুক্রবার আগরতলার দুটি আসনের প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন। এদিন লাল বাহাদুর চৌমুহনীস্থিত ক্যাম্প হাউস থেকে মিছিল করে রিটার্নিং অফিসারের কাছে মনোনয়ন দাখিল করেন ৬ আগরতলা কেন্দ্রের প্রার্থী পান্না দেব ও ৮ টাউন বড়দোয়ালী কেন্দ্রের প্রার্থী নীল কমল সাহা। এদিনের মনোনয়ন জমা দেওয়ার মিছিলে অংশ নেন সুবল ভৌমিক, তৃনমুল কংগ্রেসের ত্রিপুরার দায়িত্ব প্রাপ্ত সাংসদ সুস্মিতা দেব। জয়ের বিষয়ে আশাবাদী বলে জানান তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি সুবল ভৌমিক।তৃণমূল সাংসদ বিনম্রভাবে আবেদন করেন, প্রত্যাশা অনুযায়ী ত্রিপুরায় পরিবর্তন হয়নি। তৃণমূল কংগ্রেস সেই প্রত্যাশা পূরণ করবে। তাঁর দাবি, বিজেপির বিকল্প দেশে একমাত্র তৃণমূল কংগ্রেস। পশ্চিমবঙ্গে নির্বাচনে তা প্রমাণিত হয়েছে। তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের সুশাসনের জন্যই লাগাতর তিনবার ক্ষমতা দখল করেছে তৃণমূল কংগ্রেস। ত্রিপুরায় সেই সুশাসন মমতার নেতৃত্বেই প্রতিষ্ঠিত হবে। তাঁর সাফ কথা, জাতীয় কংগ্রেসের ভূমিকা সম্পর্কে ত্রিপুরবাসী অবগত রয়েছেন। কংগ্রেসকে ভোট দেওয়ার অর্থই হল পরক্ষে বিজেপিকেই ক্ষমতায় ফিরিয়ে আনা। তাই, তিনি গণদেবতার কাছে উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসকে জয়ী করার কাতর আবেদন জানিয়েছেন।

অন্যদিকে, ৮ বড়দোয়ালী কেন্দ্রে এসইউসিআই দলের প্রার্থী শিবানি ভৌমিক রিটার্নিং অফিসার অসীম সাহার কাছে মনোনয়নপত্র জমা দিয়েছেন শুক্রবার।

## মতাই ও খোয়াইয়ে

● প্রথম পাতার পর

সেখান থেকে পালিয়ে আত্মরক্ষা করে। রক্তাক্ত অবস্থায় তারা কোনক্রমে বাড়িতে পৌঁছলে পরিবারের লোকজন তাদেরকে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে যান। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকার জনমনে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়। কে বা কারা এই ঘটনা সংঘটিত করেছে সে বিষয়ে বিস্তারিত তথ্য জানা যায়নি। এ ব্যাপারে খোয়াই থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনও পর্যন্ত এই ঘটনায় জড়িত কাউকে আটক করতে সক্ষম হয়নি পুলিশ। আচমকা রাতে পথচারী দুই যুবকের ওপর অস্ত্রশস্ত্র নিয়ে হামলার ঘটনার পেছনে কী রহস্য আত্মগোপন করে রয়েছে তা নিয়েও জনমনে কৌতুহলের সৃষ্টি হয়েছে।

মদের আসরে বচসাকে কেন্দ্র করে বন্ধুর ধারালো অস্ত্রের আঘাতে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন অপর বন্ধু। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাত পৌনে নয়টা নাগাদ কমলপুর থানার হালহালি গরু বাজারে। আহত অমৃতসূত্র ধর পেশায় কাঠমিস্ত্রি। তার বাড়ি হালহালি কৃষ্ণনগর গ্রামে। অভিযুক্ত বন্ধুর নাম সুবীর দেব। তার বাড়ি হালহালি নাকফুল গ্রামে। তিনি বর্তমানে পলাতক বলে জানা গেছে। এদিকে আহত অমৃতের কিডনীতে গুরুতর আঘাত লেগেছে। বর্তমানে জিবিপি হাসপাতালে তিনি মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন।

ঘটনার বিবরণে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে দুই বন্ধু মদ্যপানে মেতে উঠেছিল। তারপরেই কোনো এক বিষয়কে কেন্দ্র করে ঝগড়ার সূত্রপাত। এক সময় ধারালো অস্ত্র দিয়ে অভিযুক্ত সুবীর অমৃতকে আঘাত করে পালিয়ে যান। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় স্থানীয় হাসপাতালে। সেখানে তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে জিবিপি হাসপাতালে রেফার করা হয়েছে। পুলিশ অভিযুক্তের খোঁজে তল্লাশি করছে বলে জানিয়েছে।

## গণধোলাই

● প্রথম পাতার পর


আকার ধারণ করায় গণপ্রহার এর হাত থেকে তাকে রক্ষা করা সম্ভব হয়নি। ঘটনাস্থলে পুলিশ আসলে পুলিশের সঙ্গে ও শাসক দলের একাংশ লোকজন চুপি চুপি কথা বলে তাঁকে রেহাই দেবার চেষ্টা করেন বলে অভিযোগ।

স্থানীয় উত্তেজিত জনগণের অভিযোগ শাসকদলের ওই নেতা সামাজিক নিয়মকানুন অগ্রাহ্য করে এ ধরনের অপকর্মে জড়িয়ে পড়েছে। ঘরে স্ত্রী থাকা সত্ত্বেও এ ধরনের অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়ার ঘটনাকে স্থানীয়রা কোনোভাবেই মেনে নিতে পারছেন না। তার বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন এলাকার লোকজন। উল্লেখ্য সাম্প্রতিককলে বিভিন্ন জায়গায় যেভাবে আইন হাতে তুলে নেওয়ার চেষ্টা হচ্ছে তাতে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখা রীতিমতো কষ্টকর হয়ে উঠেছে। অনেক ক্ষেত্রেই পুলিশকে অসহায়ত্ব বোধ করতে দেখা যায়। এ ধরনের প্রবণতা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি করতে পারে বলেও অনেকেই অভিমত ব্যক্ত করেছেন।

## মাধ্যমিক

● প্রথম পাতার পর

সভাপতি জানিয়েছেন, উত্তরপত্র মূল্যায়নে তিন হাজার শিক্ষক-শিক্ষিকাকে নিযুক্ত করে হয়েছে। ২০ দিনের মধ্যে উত্তরপত্র মূল্যায়নের কাজ সম্পন্ন হয়ে যাবে বলে ধারনা করা হচ্ছে। আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেছেন পর্ষদ সভাপতি। শুক্রবার উত্তরপত্র মূল্যায়ন কেন্দ্রগুলি ঘুরে দেখেন ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড় ভবতোষ সাহা। পরিদর্শনে বেরিয়ে সেন্টারগুলিতে সঠিকভাবে উত্তরপত্র মূল্যায়ন হচ্ছে কিনা তিনি তা খতিয়ে দেখেছেন।



# ‘ভারতের সঙ্গে সিরিজ খেলতে চাই আমরাও, কিন্তু সবটা আমাদের হাতে নেই’, বললেন পাক তারকা রিজওয়ান



ক্রিকেট মাঠে ভারত-পাক দ্বৈরথ মানেই টানটান উত্তেজনা। সেই লড়াই দেখতে মুখিয়ে থাকেন দর্শকরাও। কিন্তু দুই প্রতিবেশী দেশের রাজনৈতিক টানাপোড়েনের কারণে দীর্ঘদিন ধরে বন্ধ ভারত-পাক দ্বিপাক্ষিক সিরিজ। ২০১৩ সালে শেষবার ভারত সফরে এসেছিল পাকিস্তান। তারপর থেকে কেবল আন্তর্জাতিক টুর্নামেন্টে মুখোমুখি হয় দুই দল। এই প্রেক্ষিতেই এমন মন্তব্য করেন পাক ক্রিকেট তারকা মহম্মদ রিজওয়ান। দু’ দেশের ক্রিকেটাররা যে একে অপরের বিরুদ্ধে খেলতে মুখিয়ে থাকেন, এমনটাই জানিয়েছেন পাকিস্তানের উইকেট রক্ষক। প্রসঙ্গত, কিছুদিন আগেই চুটিয়ে কাউন্টি ক্রিকেট খেলেছেন রিজওয়ান। সাসেক্সে তাঁর সতীর্থ ছিলেন ভারতীয় ব্যাটার চেতেশ্বর পূজারা। কাউন্টিতে খেলার সময়ে তাঁদের বন্ধুত্ব বেশ গাঢ় হয়েছিল। ১৫৪ রানের অনবদ্য পার্টনারশিপও গড়েছিলেন তাঁরা। কয়েকদিন আগেই রিজওয়ানের জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছিলেন পূজারা। তাঁদের এই বন্ধুত্ব নিয়ে বেশ আলোচনা করেন নেটিজেনরা।

ওয়েস্ট ইন্ডিজ সফরে যাবে পাক ক্রিকেট দল। ভিভ রিচার্ডসের দেশে যাওয়ার আগে সাংবাদিকদের মুখোমুখি হন রিজওয়ান। সেখানেই তিনি বলেন, “ভারত এবং পাকিস্তানের ক্রিকেটাররা জাতীয় দলের হয়ে একে অপরের বিরুদ্ধে খেলতে চান। কিন্তু খেলোয়াড়রা দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ন্ত্রণ করতে পারেন না।’’ প্রসঙ্গত, আইপিএল-এও খেলতে দেওয়া হয় না পাক ক্রিকেটারদের। এর পরেই তাঁকে জিজ্ঞাসা করা হয়, পূজারার সঙ্গে ড্রেসিংরুম ভাগ করার অভিজ্ঞতা কেমন। ভারতীয় মিডল অর্ডার ব্যাটার সম্পর্কে ভূয়সী প্রশংসা করেন রিজওয়ান। তিনি বলেন, “ক্রিকেট সংক্রান্ত বিষয়ে প্রচুর আলোচনা করেছি দু’ জনে। অনেক কিছু শিখেছি পূজারার কাছে। একই ক্রিকেট পরিবারের সদস্য আমরা দু’ জনে।’’

এর পরে তিনি যোগ করেন, “পূজারা খুব ভাল মনের মানুষ। ক্রিকেটের প্রতি ওর ফোকাস সত্যিই শিক্ষণীয়। আমার কাছে সেরা তিন ক্রিকেটেরের মধ্যে অন্যতম পূজারা।’’ শেষবার ভারত এবং পাকিস্তান মুখোমুখি হয় সংযুক্ত আরব আমিরশাহীতে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপে। সেখানে অসাধারণ পারফরম্যান্স করে পাকিস্তানকে জেতান রিজওয়ান। বিশ্বকাপের মঞ্চে প্রথমবার ভারতকে হারিয়েছিল পাকিস্তান।

এদিকে দুই দেশের ক্রিকেটারদের মধ্যে ভাল সম্পর্কের ছবি দেখা যায় মার্কিন যুক্তরাষ্ট্রেও। ইউনিটি কাপে খেলার জন্য মার্কিন মুলুকে রয়েছেন যুবরাজ সিং এবং মহম্মদ আসিফ। দু’ জনে একসঙ্গে ছবি তুলেছেন। আর সেই ছবি পোস্ট করেছেন সোশ্যাল মিডিয়ায়। যুবি ও আসিফের ছবি নিয়ে চর্চায় মেতে উঠেছেন নেটিজেনরা।

# উদয়পুরে প্রসেনজিৎ স্মৃতি সিনিয়র ক্রিকেটর প্রথম সেমিফাইনাল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।। প্রথম সেমিফাইনাল আজ। তাতে রাজারবাগ প্লে সেন্টারের বিরুদ্ধে খেলবে রিক্রিয়েশন সেন্টারের বিরুদ্ধে। জামজুরি মাঠে আজ সকাল ৯ টায় শুরু হবে ম্যাচটি। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত প্রসেনজিৎ স্মৃতি সিনিয়র ক্রিকেটে। গ্রুপ লিগে অপ্রতিরোধ্য থেকে সেমিফাইনালে জায়গা করে নেয় রাজারবাগ প্লে সেন্টার। রাজ্যদলের একঝাঁক অভিজ্ঞ ক্রিকেটারদের নিয়ে গড়া রাজারবাগ প্লে সেন্টারের দল। অপরদিকে তারুণ্যের সমাবাশে গড়া রিক্রিয়েশন সেন্টার। ফলে লড়াই হবে অভিজ্ঞতা বনাম তারুণ্যের। ওই লড়াইয়ে ২২ গজে যে দলের ক্রিকেটাররা দাপট দেখাতে পারবেন সেই দলই ফাইনালে খেলার ছাড়পত্র অর্জন করবে। তবে ক্রিকেট প্রেমীদের মতে আজ ফাইনালে যাওয়ার লড়াইয়ে অনেকটাই এগিয়ে রয়েছে রাজারবাগ প্লে সেন্টার। ওই দলে রয়েছেন রাণা দত্ত, বাপ্পা দাস, সৌরভ দাস, কমল দাস এবং কৃতিদীপ্ত দাসের মতো প্রতিভাবান ক্রিকেটাররা। তুবে রিক্রিয়েশন সেন্টারের সুজিৎ দেবনাথকে মাথায় রেখে মাঠে নামতে হবে রাজারবাগ প্লে সেন্টারকে। প্রতি ম্যাচেই সুজিতের ভেলকিতে কার্যত কুপোকাৎ হচ্ছে বিপক্ষ দলের ব্যাটসম্যানরা। ফলে লড়াই আজ জমজমাট হবে মনে করছেন প্রাক্তন ক্রিকেটাররা।

# অমরপুরে সিনিয়র লীগ ক্রিকেটে মালবাসাকে হারিয়ে আরসিসি জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।। অমর পুরে ম্যাচ হয়েছে। আরসিসি জিতেছে। বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ওভার কমিয়ে খেলা সম্পন্ন হয়েছে। অমরপুর ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চলছে। রাঙ্গামাটি গ্রাউন্ডে গুরুত্বপূর্ণ ম্যাচে আজ আরসিসি জয়ী হয়েছে। হারিয়েছে মালবাসা প্লে সেন্টারকে। আরসিসি ৪৩ রানের ব্যবধানে জয়ী হয়েছে। সকালে ম্যাচ জিতে আরসিসি প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। খেলা শুরুতে দেরি হওয়ায় আগেই ওভার সংখ্যা কমিয়ে ২৯ করা হয়। নির্ধারিত ২৯ ওভারে আরসিসি ৯ উইকেট হারিয়ে ২৪২ রান সংগ্রহ করে। দলের পক্ষে ওপেনার রাহুল দাসের ৭১ রান, দেবব্রত সাহার ৬১ রান এবং মনোজ দাশগুপ্তের ৪১ রান বেশ উল্লেখযোগ্য। রাহুল ৫৮ বল খেলে তিনটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৭১ রান সংগ্রহ করে। দেবব্রত ৩৪ বলে দুটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি সহযোগে ৬১ রান পায়। মনোজও ৩৪টি বল খেলে তিনটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি মেরে ৪১ রান সংগ্রহ করে। এছাড়া, প্রীতম বর্মন পেয়েছে ২৭ রান। মালবাসা প্লে সেন্টারের রামকৃষ্ণ জমাতিয়া ৫৯ রানে তিনটি উইকেট পায়। এছাড়া, মহাবীর জমাতিয়া ও সুবন্য মোহন জমাতিয়া দুটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে মালবাসা প্লে সেন্টার ২২.৪ ওভার খেলে সবকটি উইকেট হারিয়ে ১৯৯ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে শ্রাবন জমাতিয়ার ৫৮ রান, শুভ রঞ্জনের ৪৩ রান এবং মহাবীর জমাতিয়া ৪০ রান উল্লেখযোগ্য। তবে টেল এন্ডার ব্যাটসম্যানরা তেমন রান পায়নি বলে শেষরক্ষা সম্ভব হয়নি। আরসিসির বোলার আবীর কর্মকার ৩১ রানে ৪ উইকেট তুলে নেয়। এছাড়া রীতেশ দাস ৩৭ রানে তিনটি এবং সৌরভ হালদার ২১ রানে দুইটি উইকেট পেয়েছে। মোটকথা, রাহুল, দেবব্রতর ব্যাটিংয়ের পাশাপাশি আবীর, রীতেশের বোলিংয়ের সৌজন্যে আরসিসি ৪৩ রানের ব্যবধানে দুর্দান্ত জয় পেয়েছে।

# পঞ্চকুলায় ভলিবল, কাবাডির লড়াই শুরু, খেলো ইন্ডিয়ার আনুষ্ঠানিক উদ্বোধন শনিবার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।। পদক জয়ের লড়াই ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। আনুষ্ঠানিক উদ্বোধন হবে আগামীকাল, শনিবার। হরিয়ানার প্রখ্যাত স্পোর্টস কমপ্লেক্স তাও দেবিলাল স্টেডিয়ামে দিনভর চলেছে উদ্বোধনী অনুষ্ঠানের মহড়া পর্ব। হরিয়ানার সব রাস্তা যেন পঞ্চকুলায় এসে মিশেছে। ২০২২ খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস নিয়ে টানটান উত্তেজনা সমগ্র হরিয়ানায়। এই খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস চলবে ১৩ জুন পর্যন্ত। সারা দেশের প্রায় ৪,৭০০ খেলোয়ারের সমাবেশ ঘটেছে এই খেলো ইন্ডিয়ায়। যার মধ্যে মহিলা খেলোয়াড় রয়েছে ২,২৬২ জন। ২৫টি ইভেন্টে খেলা। নতুন করে সংযোজিত পাঁচটি দেশীয় ইভেন্ট নিয়ে উত্তেজনা আরো চরমে। পুরানো কুড়িটি ইভেন্টের মধ্যে আজ প্রথম দিনেই কাবাডি ও ভলিবলের খেলা যথারীতি শুরু হয়েছে। দুটি ইভেন্টের খেলা-ই হচ্ছে তাও দেবিলাল কমপ্লেক্সে। প্রতিটি ইভেন্টে অংশ গ্রহণকারী খেলোয়াড়রা মুখিয়ে রয়েছে নিজেদের সেরাটা দেওয়ার জন্য। উল্লেখ্য, পঞ্চকুলার পাশাপাশি শাহাবাদ, আম্বালা, চন্ডিগড় এবং দিল্লিতেও বিভিন্ন স্টেডিয়ামে বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতা হবে। দেশজুড়ে ৩৬ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের যুব খেলোয়াড়রাই এতে অংশ নিচ্ছে। আয়োজক হরিয়ানা থেকে সর্বাধিক ৩৯৮ জন খেলোয়াড় অংশ নিচ্ছেন।

ইতিমধ্যে ত্রিপুরার প্রথম গ্রুপের খেলোয়াড়রা যথারীতি পঞ্চকুলায় পৌঁছে আজ খানিকটা প্রাকটিসের পাশাপাশি মানসিকভাবে প্রস্তুতি নিয়ে নিচ্ছে। দ্বিতীয় গ্রুপের খেলোয়াড়রা আগামীকাল, শনিবার আগরতলা থেকে রওয়ানা হয়ে যথারীতি সোমবারে হরিয়ানার পঞ্চকুলায় পৌঁছে যাবে। আগামীকাল খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস-২০২২ এর আনুষ্ঠানিক উদ্বোধন হবে। শেষ দিন অর্থাৎ ১৩ জুন ফুটবল, টেবিল টেনিস, হ্যান্ডবল, বাস্কেটবল, বক্সিং এবং খো-খো’’র চূড়ান্ত খেলার পর হবে সমাপ্তি অনুষ্ঠান।

# শান্তিরবাজার সিনিয়র ক্রিকেটে আবারও বৃষ্টির থাবা : ম্যাচ পরিত্যক্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।। আবারও বৃষ্টির থাবা। আর এতে করে একের পর এক ম্যাচ ভেস্তে যেতে চলেছে। শুক্রবার মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র ক্রিকেটের সুপার ফোরে মুখোমুখি হয়েছিলো রেক্স ক্লাব এবং ব্লু জোয়াইন মথৌ দল। বাইখোরা স্কুল মাঠে সকালে টসে জয়লাভ করে মেঘলা আকাশ দেখে রেক্স ক্লাবকে প্রথমে ব্যাট করার আমন্ত্রণ জানান ব্লু জোয়াইন মথৌ দলের অধিনায়ক। অধিনায়কের সিদ্ধানত দুর্দান্ত ভাবে কাজে লাগান ব্লু জোয়াইন মথৌ ডান হাতি মিডিয়াম পেসার ইভান চন্দ্র রিয়াং। নিজের প্রথম ওভারেই তুলে নেন বিপক্ষের দুটি উইকেট। তখন মাত্র ২১ বলের খেলা শেষ হয়। তখনই শুরু হয় মুষলধারে বৃষ্টি। আম্পায়াররা দীর্ঘক্ষণ অপেক্ষা করে বৃষ্টি না কমায় ম্যাচ পরিত্যক্ত ঘোষনা করেন। বৃষ্টির জন্য খেলা যখন বন্ধ হয় তখন রেক্স ক্লাব ৩.৩ ওভারে ২ উইকেট হারিয়ে ১৮ রান করেছিলো। এদিন ম্যাচ পরিত্যক্ত হওয়ায় কিছুটা হলেও সুবিধে পেলো কসমোপলিটন ক্লাব। কারন সুপারের প্রথম ম্যাচে জয় পেয়েছিলো কসমোপলিটন ক্লাব। ৫ জুন কসমোপলিটন ক্লাব খেলবে রেক্স ক্লাবের বিরুদ্ধে। এদিকে মাঠের সাপের আনাগোনা নিয়েও দুশ্চিন্তায় ক্রিকেটাররা। এদিন খেলা চলাকালিন কমকরে ৫ টি সাপ মাঠে প্রবেশ করে। এনিয়ে ক্রিকেটারদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। তবে উদ্যোক্তাদের তৎপরতায় মাঠে বেশীক্ষণ থাকতে পারেনি সাপ।

# ‘বন্ধ করো আগ্রাসন’, পুতিনকে বার্তা ফুটবল সম্রাট পেলের



রাশিয়া-ইউক্রেন যুদ্ধ গড়াল একশো দিনে। গত ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে আক্রমণ শুরু করে রাশিয়া। তার পর থেকে যুদ্ধ আর থামেনি। চলছে ধ্বংসলীলা। ঝরছে রক্ত।

আন্তর্জাতিক স্তরে রাশিয়াকে একঘরে করে দেওয়ার চেষ্টা করা হয়েছে। তাতে লাভের লাভ কিছু হয়নি। দেশ যুদ্ধে বিধ্বস্ত, এরকম পরিস্থিতিতে বিশ্বকাপের যোগ্যতাঅর্জনকারী পর্বে স্কটল্যান্ডের মুখোমুখি হয়েছিল ইউক্রেন। জেলেনস্কির দেশ ম্যাচটা জেতে ৩-১ গোলে। ম্যাচ জিতে কাতার বিশ্বকাপের আরও কাছে ইউক্রেন। রবিবার ওয়েলসের সঙ্গে প্লে অফে খেলা রয়েছে ইউক্রেনের। সেই ম্যাচ জিততে পারলে তারা পৌঁছে যাবে বিশ্বকাপের মূলপর্বে।

ইউক্রেনের উপরে রাশিয়ার আগ্রাসন নিয়ে এতদিন একটি শব্দও খরচ করেননি ফুটবল সম্রাট পেলে। কিন্তু নিজেকে আর নিয়ন্ত্রণ করতে পারেননি। ইউক্রেন-স্কটল্যান্ড ম্যাচের আগে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের কাছে ইউক্রেনে সামরিক আগ্রাসন বন্ধ করার অনুরোধ জানান ফুটবল সম্রাট। ইনস্টাগ্রামে পেলে লিখেছেন, ’’দেশের ভয়ংকর পরিস্থিতি ৯০ মিনিটের জন্য ভুলে থাকার চেষ্টা করবে ইউক্রেন।’’

পেলে আরও লিখেছেন, ’’ইউক্রেন-স্কটল্যান্ড ম্যাচটা আমি অন্যভাবে দেখছি। আগ্রাসন বন্ধ করো। এই ভয়ংকর আগ্রাসন চালিয়ে যাওয়ার কোনও অর্থ নেই। এই সংঘর্ষ কষ্ট, যন্ত্রণা, ভয়ভীতি, সন্ত্রাস ছড়ায়। যুদ্ধ কেবল জাতিকে বিচ্ছিন্নই করে, মিসাইল ছুড়ে শিশুর স্বপ্ন হত্যা করা, পরিবারকে ধ্বংস করা এবং নিরীহ মানুষদের মারার পিছনে কোনও আদর্শ থাকতেই পারে না।’’

অতীতে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে সাক্ষাৎ হয়েছিল পেলের। সেই সময় রুশ প্রেসিডেন্ট তাঁর সঙ্গে করমর্দনও করেছিলেন। পেলে ইনস্টাগ্রামে লিখেছেন, ’’সংঘর্ষ থামানোর ক্ষমতা রয়েছে আপনার। ২০১৭ সালে মস্কোয় আমাদের দেখা হয়েছিল। সেই সাক্ষাতে আমরা হ্যান্ডশেকও করেছিলাম।’’

## প্রফেসর রমেশ বাবুর ক্যারমে গীনিজ রেকর্ড

যাদব দেবনাথ, ভেটারেন ক্যারাম খেলোয়াড়, আগরতলা।। ক্যারাম খেলাতেও গিনেজ রেকর্ড করা যায়। ৪৩ বর্ষীয় আবহাওয়া বিজ্ঞানী প্রফেসর রমেশ বাবু ক্যারম খেলায় এক গীনিজ রেকর্ড করেছেন। এই অত্যাশ্চর্য পারদর্শিতা করেছেন জাতীয় ক্যারম রেফারী ও আন্তর্জাতিক ক্যারম অফিসিয়েলদের সম্মুখে কর্ণাটকস্থিত কনট্রাক্টর ক্লাবে। লাগাতর ২৪ ঘণ্টা ক্যারম খেলে এবং সবকটি ঘুটি (১৯) তিনি মাত্র ৩৯.৬১ সেকেন্ড সময়ে পকেট করে এই গীনিজ রেকর্ড গড়েন।( তৃতীয় প্রচেষ্টা) যেখানে প্রথম ১৩ খানা ঘুটি তিনি বিনা ভুলে পকেট করেছেন। এই রেকর্ড গড়ার কথা তাঁর মাথায় আসে যখন তিনি একদিন হঠাৎই টেলিভিশনের পর্দায় “বিলিয়ার্ড” খেলায় ডেভিড ফর্স-এর গড়া গীনিজ রেকর্ডটি দেখছিলেন। ব্যাঙ্গালোরের রাজস্ব বিভাগের ডেপুটি কমিশনার সি. সোমশেখর এই প্রদর্শনী খেলার প্রধান অতিথি ছিলেন। (সূত্র: ক্যারাম ক্যুরিয়ার জার্নাল ও ক্যারাম ফোরাম)।

**CORRIGENDUM**

Due to administrative reason the tender against P'Niet No.23/EE/DWS/BLG/2022-23 and D'NleT No.05/CE/PWD(DWS)/2022-23 circulated vide memo No.F.4(36)/EE/DWS/BLG/1841-1894 dated 02/05/2022 is hereby cancelled
Please visit website www.tripuratenders.gov.in

**For & on behalf of the Governor of Tripura**
**Executive Engineer**
**D.W.S. División Bishalgarh**

**ICA/C-781/22**

**PNIT NO: 06/EPNIT/EE/RD/DIV/AMP/G/2022-23.**
**Dated-31/05/2022**

The Executive Engineer, RD Amarpur Division, Amarpur, Gomati District, Tripura invites e-Tender from eligible bidders upto 3.00 PM of 07/06/2022 & 14/06/2022 of 2 (Two) nos. Work Tender. For details visit website- https://tripuratenders.gov.in or contact through e-mail:- eerdamarpurdivision@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

**(Er. D. C. Jamatia)**
**Executive Engineer**
**RD Amarpur Division**

**ICA/C-783/22**

The **Executive Engineer, Samagra Shiksha, Agartala, Tripura** invites on behalf of the ‘Governor of Tripura’ **percentage rate two bi system e-tender** from the eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Othe State PWD **up to 3.00 P.M. on 21/06/2022** for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Construction of 5 nos CWSN Toilet in 5 nos of schools under Kumarghat, Chandipur & Pecharthal Blocks of Unakoti District of Elementary Level for the year 2021-22. **DNIeT NO:** *12/EE/ENGG.CELL/Samagra/2022-23* **PNIeT NO:** *12/EE/ENGG.CELL/Samagra/2022-23* | Rs.12,74,996.00 | Rs. 25,500.00 | 6(Six) months | Up to15.00 Hrs on 22/06/2022 | At 23/06/2022on 11.00 hrs. | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 2 | Construction of 6 nos CWSN Toilet in 6 nos of schools under Gournagar and Pecharthal Blocks of Unakoti District of Secondary Level for the year 2021 22. **DNIeT NO:** *13/EE/ENGG.CELL/Samagra/2022-23* **PNIeT NO:** *13/EE/ENGG.CELL/Samagra/2022-23* | Rs. 15,29,992.00 | Rs. 30,600.00 | 7(Seven) months | Up to15.00 Hrs on 22/06/2022 | At 23/06/2022on 11.00 hrs. | https://tripuratenders.gov.in | Appropriate Class |

All details can be seen in Press Notice & Bid Documents for the works on website https://tripuratenders.gov.in at free of cost. No negotiation will be conducted with the lowest bidder.

**(Er.S.DebBarma)**
Executive Engineer
Samagra Shiksha, Tripura.

**ICA-C-788/22**

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# প্রধানমন্ত্রী মোদীর জন্যই দেশের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে : সুশান্ত চৌধুরী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** আত্মবিশ্বাস ছাড়া উন্নতি কখনোই সম্ভব নয়। এক্ষেত্রে আত্মবিশ্বাসে ভরপুর ব্যক্তির উন্নতি হবেই। তেমনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্যই দেশ হিসাবে ভারতের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে। শুক্রবার বিজেপি প্রদেশ কার্যালয়ে বিজেপি সদর গ্রামীন জেলার উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে দৃঢ় প্রত্যয়ের সুরে একথা বলেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী সুশান্ত চৌধুরী।

এদিন তিনি বর্তমান কেন্দ্রীয় সরকারের ৮ বছরের জনকল্যাণমুখী কাজকর্মের বিস্তারিত তুলে ধরেন। তাঁর কথায়, আত্ম নির্ভর ভারত, দেশ প্রেম, জাতীয়তাবাদ বৃদ্ধি পেয়েছে। ভারত মাতার জয় বলতে এখন দেশবাসী গর্ব বোধ করেন। কৃষকদের আয় বৃদ্ধি পেয়েছে প্রধানমন্ত্রীর হাত ধরেই। এভাবেই প্রধানমন্ত্রী মানুষের মৌলিক অধিকার পৌঁছে দিয়েছেন, দাবি করেন তিনি।তাঁর দাবি, বর্তমান কেন্দ্রীয় সরকার গরীব মানুষের সঙ্গে বঞ্চনার রাজনীতি করে না। প্রধানমন্ত্রী বলেছেন, গরীবের ক্ষেত্রে কোন রঙ দেখা হবে না। তাই তাদের কাছে সমস্ত সরকারী প্রকল্প গুলি পৌঁছে দিচ্ছে কেন্দ্র ও রাজ্য সরকার, দ্ব্যর্থহীন ভাষায় বলেন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

# জনজাতি এলাকা পরিদর্শন করলেন জনজাতি কল্যাণমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৩ জুন।।** প্রত্যন্ত এলাকাগুলিতে বিভিন্ন সমস্যায় জর্জরিত। এই সমস্যা ও উন্নয়নের কাজ পরিদর্শনে তড়িঘড়ি ছুটে এলেন রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী রামপদ জমাতিয়া। মন্ত্রীর সাথে ছিলেন উপজাতি কল্যাণ দফতরের অধিকর্তা, তেলিয়ামুড়া মহকুমা শাসক, তেলিয়ামুড়া ব্লকের ভিডিও, মুঙ্গিয়াকামি ব্লকের ভিডিও সহ অন্যান্য দপ্তরের আধিকারিকরা। শুক্রবার উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী রামপদ জমাতিয়া প্রথমেই তেলিয়ামুড়া ব্লকে আসেন। তেলিয়ামুড়া ব্লকে আধিকারিকদের নিয়ে একটি রুদ্ধদ্বার বৈঠক করেন। পরে মন্ত্রী তুইকর্মা চলে যান একলব্য স্কুলের জায়গা পরিদর্শনের জন্য। এই জায়গাটি পরিদর্শন করার পর মন্ত্রীর নেতৃত্বে প্রশাসনিক দলটি করবং পাড়া চলে যান। সেখানে এলাকাবাসীদের পূর্ণচন্দ্র করবং পাড়ার এস.বি স্কুলে মন্ত্রী মতবিনিময় করেন এলাকার উন্নয়নমূলক বিভিন্ন বিষয় নিয়ে। কারণ, এই করবং পাড়া এলাকায় রাজ্যের ১৯ টি জনজাতি গোষ্ঠীর মধ্যে পিছিয়ে পড়া করবং জাতিদের জন্য কিছু উন্নয়নমূলক কাজ করা। এনিয়ে করবং জাতিগোষ্ঠীর মানুষজনদের সাথে বিভিন্ন দপ্তরের আধিকারিক সহ মন্ত্রীর মত বিনিময় হয়।

# খবরের জেরে জেলা হাসপাতাল পরিদর্শন করলেন ন্যাশনাল হেলথ মিশনের এমডি

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ৩ জুন।।** উত্তর জেলার ধর্মনগর জেলা হাসপাতালে এইচআইভি এবং এইচআইভি দুটি কিটের জন্য ব্লাড ব্যাঙ্কে রক্ত স্বল্পতার খবরটি গত ৩০ মে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত হবার পর জেলা হাসপাতালে সাডেন ভিজিটে আসলেন ন্যাশনাল হেলথ মিশনের এম ডি আই এ এস ডাঃ সীদ্ধার্থ শিব যশোয়াল। তবে তিনি ঘুড়িয়ে বললেন রুটিন ভিজিটে এসেছেন। এদিনের ভিজেটে তাঁর সাথে ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক অরুনাভ চক্রবর্তী, মেডিকেল সুপার, পি ডাব্লুউ ডি র ইঞ্জিনিয়ার সহ জেলা হাসপাতালের চিকিৎসকরা। টানা তিন ঘন্টা জেলা হাসপাতাল ভিজিট করেন ডাঃ যশোয়াল।জেলা হাসপাতালের কি কি সমস্যা রয়েছে তার খোঁজখবর নেন। কথা বলেন রোগী ও তাদের আত্মীয়ের সাথে।ভিজিট শেষে সাংবাদিকদের এক সাক্ষাৎকারে ডাঃ যশোয়াল জানান, এই ভিজিটটি রুটিন মাফিক হয়ে থাকে। অন্যান্য জেলার পাশাপাশি উত্তর জেলার ধর্মনগর জেলা হাসপাতালে ভিজিট করে অনেক ত্রুটি ও সমস্যা তাঁর নজরে এসেছে।

তিনি বলেন, বর্তমানের ধর্মনগর জেলা হাসপাতালটি পূর্বে মহকুমা হাসপাতাল ছিল। সেটাকে জেলা হাসপাতালে রূপ দেওয়াতে পর্যাপ্ত জায়গার অভাব রয়েছে।জেলা হাসপাতালে যতটুকু জায়গা প্রয়োজন তা এখানে নেই।তাছাড় বাথরুমগুলির অবস্থাও করুন। তবে তিনি আসার সময় পি ডাব্লুউ ডি র ইঞ্জিনিয়ারকে সাথে নিয়ে এসেছেন। এবং দ্রুত সেই সকল সমস্যা নিরসনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরো বলেন, যেহেতু ধর্মনগর জেলা হাসপাতাল, তাই গোটা উত্তর জেলার মানুষ সহ উনকোটি জেলার কুমার ঘাট ও পাশ্ববর্তী রাজ্য অসমের করিমগঞ্জ জেলার মানুষ সিটি স্ক্যান সহ অন্যান্য টেস্টের জন্য ধর্মনগর জেলা হাসপাতালে আসেন। যদিও পর্যাপ্ত যন্ত্রপাতি রয়েছে হাসপাতালে কিন্তু পর্যাপ্ত পরিমাণে জায়গা নেই। তাছাড়া রয়েছে স্বাস্থ্য কর্মীদের স্বল্পতা।তাই কর্মী স্বল্পতা দূরীকরণ না করলে রোগীদের চিকিৎসা পরিষেবায় সমস্যার সম্মুখীন হতে হবে। পাশাপাশি অত্যন্ত প্রয়োজনীয় ঔষধপত্র কিভাবে রোগীদের মাঝে ফ্রিতে দেওয়া যায় তারও বন্দোবস্ত করা হবে। এক কথায় জেলা হাসপাতালের হাল হকিকত খতিয়ে দেখলেন ন্যাশনাল হেলথ মিশনের এম ডি আই এ এস ডাঃ সীদ্ধার্থ শিব যশোয়াল।তবে রক্ত স্বল্পতার বিষয়টুকু আড়াল করে নিজেদের ব্যার্থতা ঢেকে রেখে এদিনের মতো জেলা হাসপাতাল ত্যাগ করেন।

# শান্তিরবাজারে দূর্ঘটনায় গুরুতর আহত যুবক

**নিজস্ব প্রতিনিধি, শান্তির বাজার, ৩ জুন।।** শান্তিব বাজার মহকুমার মগপাড়া সংলগ্ন এলাকায় জাতীয় সড়কে যান দুর্ঘটনায় গুরতর আহত এক যুবক। ঘটনার বিবরণে জানা যার শুক্রবার সকাল আনুমানিক আটটায় শান্তিরবাজার মহকুমার মগপাড়া সংলগ্ন এলাকায় ৮ নং জাতীয় সড়কে বাসের সাথে টিআর ০৮-৬৫৮০ নাম্বারের বাইকের সংঘর্ষ ঘটে। এতে করে বাইক চালক বীরচন্দ্র মনুর বাসিন্দা রথীন্দ্র রিয়াং ( ২৫ ) গুরতর আহত হয়। দুর্ঘটার পরবর্তী সময় বাসটি ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বলে জানা যায়। দুর্ঘটনার খবর পেয়ে শান্তিরবাজার দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থলে গিয়ে আহত যুবককে উদ্ধার করে চিকিৎসার জন্য শান্তিরবাজার জেলা হাসাপাতালে নিয়ে আসে। সেখানে কর্তব্যরত চিকিৎসক আহতের অবস্থা আশঙ্কাজনক দেখে আহত যুবককে আগরতলা জিবি হাসপাতালে স্থানান্তরিত করে। এই দুর্ঘটনার তদন্তে নেমেছে শান্তিরবাজার থানার পুলিশ।

## ঋষ্যমুখে মহিলা মোর্চার উদ্যোগে জনসম্পর্ক অভিযান

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৩ জুন।।** শুক্রবার ভারতীয় জনতা পার্টির ঋষ্যমুখ মন্ডলের অন্তর্গত হরিপুর ৪৬ নং বুথে ভারতীয় জনতা মহিলা মোর্চার উদ্যোগে প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর দাস মোদী তথা বিজেপি সরকারের আট বছর পূর্তি উপলক্ষে মহিলা মোর্চার উদ্যোগে জনসম্পর্ক অভিযান সংগঠিত হয়। জনসম্পর্ক অভিযানে উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী ঝর্ণা দেববর্মা, ত্রিপুরা প্রদেশ মহিলা মোর্চার সহ সভানেত্রী রীণা ঘোষ, ঋষ্যমুখ মন্ডলের মন্ডল সভাপতি সুশঙ্কর ভৌমিক, মহিলা মোর্চার সভানেত্রী সনা সরকার, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বকুল দেবী দেবনাথ সহ একনিষ্ঠ কার্যকর্তাগন। এছাড়া ও বিলোনিয়া মন্ডল মহিলা মোর্চার উদ্যোগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুশাসনের আট বছর পূর্তি উপলক্ষে সেবা সুশাসন এবং গরিব কল্যাণ যোজনা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ৩৫ বিলোনিয়া বিজেপি মন্ডল মহিলা মোর্চার নতুন সভানেত্রীর নাম ঘোষণা হয়। নতুন সভানেত্রী নির্বাচিত হয়েছেন মল্লিকা পাল দে, অসুস্থতা জনিত কারণে শ্যামলী বৈদ্য অবসর নেওয়ায় তাঁর স্থলাভিসিক্ত হলেন মল্লিকা পাল দে। যার নিযুক্তি দিলেন রাজ্য মহিলা মোর্চার সভানেত্রী ঝর্ণা দেববর্মা।

# অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের রাষ্ট্রীয় কার্যকারিণী বৈঠকে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।**আগামী দিনে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করেছে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ। সম্প্রতি রাষ্ট্রীয় কার্যকারিণী বৈঠকে ওই লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সাথে সংগঠন মজবুত করার জন্য কর্মপন্থা স্থির হয়েছে ওই বৈঠকে। আজ সাংবাদিক সম্মেলনে বিদ্যার্থী পরিষদের রাজ্য নেতৃবৃন্দ একথা জানিয়েছেন।

পরিষদের নেতার কথায়, হিমাচল প্রদেশের সিমলাতে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের রাষ্ট্রীয় কার্যকারীনি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।ওই বৈঠক অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। মূলত, ওই বৈঠকে একটি বছরের শেষ এবং নতুন বছরের শুরুর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। আগামী এক বছর কি কি বিষয়ের উপর অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ কাজ করবে অথবা কি কি লক্ষ্যমাত্রা স্থির করে এগিয়ে যাবে সেই সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি জানান, সারা দেশ থেকে ৪৬৯ জন কার্যকর্তা বৈঠকে উপস্থিত ছিলেন। তার মধ্যেই ত্রিপুরা থেকে পাঁচজনের প্রতিনিধি দল সেখানে প্রতিনিধিত্ব করেছে।

এদিন তিনি জানান, সাংগঠনিক ভিতকে শক্তিশালী করার জন্য আগামী দিনে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষমাত্রা গ্রহণ করা হয়েছে। এছাড়াও আগামী দিনে বিপুল সংখ্যায় রক্তদান এবং এক কোটি বৃক্ষ রোপন করার অঙ্গীকার গ্রহণ করা হয়েছে। সাথে তিনি যোগ করেন, চারটি প্রস্তাব বৈঠকে পাশ হয়েছে। প্রস্তাবগুলির মধ্যে অন্যতম ছাত্র-ছাত্রীদের স্বার্থসংশ্লিষ্ট কোন অপরাধ সংঘটিত হলে দ্রুততার সঙ্গে তার বিচার করতে হবে। বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে রাজ্য সরকার যেন হস্তক্ষেপ না করে সে বিষয়েও বলা হয়েছে। এছাড়া সাম্প্রদায়িক উস্কানী যেন ক্যাম্পাসে না হয় সে ব্যাপারে লক্ষ্য রাখার দাবি জানানো হয়েছে। এছাড়াও জাতীয় শিক্ষানীতি প্রত্যেকটি রাজ্যে চালু করার ক্ষেত্রে রাজ্য সরকার বিভিন্ন বাধা সৃষ্টি করছে বলে অভিযোগ করা হয়।তিনি জানান, পশ্চিমবঙ্গ, কেরালা সহ যেখানেই রাজ্য সরকার জাতীয় শিক্ষানীতির বিরুদ্ধে হাঁটছে সেখানে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ রাজ্যগুলির ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের চিন্তা করে রাষ্ট্রীয় শিক্ষা নীতি চালু করার উদ্যোগ গ্রহণ করবে। এছাড়াও এই রাষ্ট্রীয় বৈঠকে ছাত্র-ছাত্রীদের উন্নয়নে বেশকিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে জানান তিনি। আগামী দিনে এগুলি বাস্তবায়নের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ উজ্জ্বল করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

# কল্যাণপুরেও উদযাপিত শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারীর ১৩২ তম তিরোধান উৎসব

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৩ জুন।।** মহাসাড়ম্বরে কল্যাণপুরে উদযাপিত হল শ্রীশ্রী লোকনাথ ঠাকুরের ১৩২ তম তিরোধান উৎসব। কল্যাণপুর নতুন মোটর স্ট্যান্ড সংলগ্ন কল্যাণপুর লোকনাথ সেবা মন্দির এর উদ্যোগে এই দিনটি নানা মাঙ্গলিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়। কুড়ি বছরে পা রাখল এবারকার উৎসব। শুক্রবার সকাল থেকেই তিরোধান উৎসবের সূচনা হয়। দিন দিন ভোর সরকার রেজিস্ট্রিকৃত কল্যাণপুর লোকনাথ সেবা মন্দিরে বিশেষ পূজা অর্চনা অনুষ্ঠিত হয়। ধর্মীয় আবেগে বিভিন্ন দূর-দূরান্ত থেকে ভক্ত প্রেমী মানুষরা সামিল হন উৎসবে। উপজাতী অংশের মানুষরাও আসেন। বিশেষ করে এদিনের পুজোতে দলে দলে মহিলারা শামিল হন। খোয়াই ,কল্যাণপুর, তেলিয়ামুড়া, মোহরছড়া, বাগানবাজার ,রতিয়া, ঘিলাতলী ,সরবং বাজার, আর এস পাড়া, বড় ময়দান, মুরাবাড়ি, সহ বিভিন্ন এলাকা থেকে অগণিত ভক্তরা সামিল হন বাবার উৎসবে। শুধু উৎসব বললে ভুল হবে এজন্য জাতি উপজাতির মিলনক্ষেত্র। মহা ধুমধামে মহা উৎসবে সামিল হন জাতি-ধর্ম-বর্ণ সহ সমস্ত অংশের মানুষ। সকালে বাবা লোকনাথ ঠাকুরকে দেয়া হয় বাল্যভোগ। সকাল দশটায় বিশেষ পূজা এবং জজ্ঞ করা হয়। বেলা বারটায় হয় ভোগ রাগ। বেলা দুটোই শুরু হয় সবার মধ্যে মহাপ্রসাদ বিতরণ। এতে শামিল হন এলাকার বিধায়ক পিনাকি দাস চৌধুরী, কল্যাণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান তাপস দেব রায় সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। বেলা যত বাড়তে থাকে অগুনিত মানুষের ভিড় তত বাড়তে থাকে। একটা সময় ভক্তদের ভিড় সামাল দিতে পুলিশকে অনেকটা বেগ পেতে হয়। এই মহা মিলনের উৎসবে সাহায্যের হাত বাড়িয়ে দেয় কল্যাণপুর স্কাউট অ্যান্ড গাইড এর সদস্যরা। আলোকমালা নানা রকম বাহারি ফুলে সাজিয়ে তোলা হয় কল্যাণপুর লোকনাথ সেবা মন্দিরকে। যা এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে। ছোট ছোট বালক বালিকাদের নিয়ে তৈরি করা হয় স্বেচ্ছাসেবক টিম। পুরোহিতের মন্ত্র উচ্চারণ এর মধ্য দিয়ে জাগ্রত হন বাবা লোকনাথ ঠাকুর। এদিকে মাইকে এবং সাউন্ড বক্সে দিনভর বাজতে থাকে লোকনাথ ঠাকুরের ভক্তিমূলক গান। সব মিলিয়ে এক অনাবিল আনন্দে গা ভাসানো প্রত্যেকেই। উৎসব কমিটির পক্ষে বলা হয় আগামী বছর আরও বড় পরিসরে এই মহামিলনের উৎসব করার পরিকল্পনা রয়েছে। এদিকে শুক্রবার সকালে দেখা গেল ছোট ছোট ছেলেমেয়েরা ফুল বেলপাতা নিয়ে হাজির যার যার মানত কামনা পূরণ করতে। গতকাল অর্থাৎ বৃহস্পতিবার রাতে হয় অধিবাস কীর্তন এবং খোয়াই নদীতে গিয়ে জলভরা অনুষ্ঠান। এই জলভরা অনুষ্ঠানে এলাকার মহিলারা দলে দলে শামিল হন।

# বাবা লোকনাথের ১৩২তম তিরোধান দিবস পালিত আগরতলাতেও



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩ জুন।।** শুক্রবার ধর্মীয় রীতিনীতি মেনে রাজধানী আগরতলায় লোকনাথ মন্দিরে পালিত হয় বাবা লোকনাথের ১৩২ তম তিরোধান দিবস। এদিন ভোর রাত থেকে শুরু হয় বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠান। সারা রাজ্যের বিভিন্ন মন্দিরেই দিনটি ধর্মীয় ভাবাবেগের সাথে পালিত হয়। এদিন আগরতলায় মন্দিরেও যথেষ্ট ভক্তির সঙ্গে দিনটি পালিত হয়। মন্দিরে ভক্ত সমাগম ও ছিল চোখে পড়ার মতো। এদিন ভোর প্রায় ৪ টা থেকে শুরু হয় পূজাচনা। এছাড়াও দুপুর থেকে শুরু হয় প্রসাদ বিতরণ। সন্ধ্যায় হয়েছে মঙ্গল আরতি।

# দেশের নিয়ম অনুসরণ করুন যা আপনাদের সুযোগ দিয়েছে: উপ-রাষ্ট্রপতি

ডাকার, ৩ জুন (হি.স.): দেশের নিয়ম সর্বদা অনুসরণ করুন যা আপনাদের সুযোগ দিয়েছে, শিকড় কখনও ভুলে যাবেন না। সেনেগালের রাজধানী ডাকারে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে এ কথা বলেছেন উপ-রাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডু। নাইডু বলেছেন, 'এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনারা কর্মসংস্থান এবং অর্থনৈতিক উন্নতির জন্য যেখানেই যান না কেন, দু''টি জিনিস মনে রাখতে হবে - প্রথমত, দেশের নিয়ম-কানুন মেনে চলতে হবে যা আপনাদের সুযোগ দিয়েছে এবং দ্বিতীয়ত আপনাদের শিকড় কখনও ভুলে যাওয়া চলবে না।'

উপ-রাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডু এখন সেনেগাল সফরে রয়েছেন। প্রবাসী ভারতীয়দের সঙ্গে কথা বলার পাশাপাশি তিনি ডাকারে অন্ধকার সভ্যতার যাদুঘর পরিদর্শন করেছেন। ডাকার বিয়েনাল ২০২২-ও পরিদর্শন করছেন তিনি। প্রবাসী ভারতীয়দের সঙ্গে কথা বলার সময় ছোটদের সঙ্গেও খোলামেলা কথা বলেন উপ-রাষ্ট্রপতি।

# অস্ত্র কেনার জন্য ন্যূনতম বয়স ১৮ থেকে বাড়িয়ে ২১ করা উচিত : বাইডেন

ওয়াশিংটন, ৩ জুন (হি.স.): আমেরিকায় বন্দুক হামলার ঘটনা দিন দিন বেড়েই চলেছে, বন্দুকবাজের হামলায় ইতিমধ্যেই অনেকের মৃত্যু হয়েছে। এই পরিস্থিতিতে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন জানালেন, অস্ত্র কেনার জন্য ন্যূনতম বয়স ১৮ থেকে বাড়িয়ে ২১ করা উচিত। আমেরিকায় বন্দুক হিংসার প্রেক্ষিতে বৃহস্পতিবার (আমেরিকার সময় অনুযায়ী) জো বাইডেন বলেছেন, হাউস পরের সপ্তাহে বেশ কিছু পদক্ষেপের পরিকল্পনা করছে, নিরাপদ স্টোরেজ প্রয়োজনীয়তা, উচ্চ-ক্ষমতা ম্যাগাজিনের উপর নিষেধাজ্ঞা, অস্ত্র কেনার বয়স বাড়িয়ে ২১ প্রভৃতি।

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আরও বলেছেন, ১৯৯৪ সালে পাশ হওয়া অ্যাসল্ট অস্ত্র এবং উচ্চ-ক্ষমতার ম্যাগাজিনের উপর নিষেধাজ্ঞা পুনর্বহাল করা উচিত আমাদের। ১০ বছর ধরে এটি আইন ছিল, গুলি চালানোর ঘটনা কমে গিয়েছিল। ২০০৪ সালে রিপাবলিকানরা আইনের মেয়াদ শেষ দেওয়ার পর এবং সেই অস্ত্রগুলি আবার বিক্রি করার অনুমতি দেওয়ায় গুলি চালানোর তিনগুণ বেড়েছে।

# লখনউ পৌঁছলেন প্রধানমন্ত্রী, উত্তর প্রদেশে একাধিক কর্মসূচি রয়েছে

লখনউ, ৩ জুন (হি.স.): লখনউ পৌঁছলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার উত্তর প্রদেশে একাধিক কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। এদিন সকালে লখনউ পৌঁছনোর পর প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ প্রমুখ। বেলা এগারোটা নাগাদ প্রধানমন্ত্রী লখনউ-এর ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে পৌঁছবেন। সেখানে তিনি উত্তরপ্রদেশে বিনিয়োগকারীদের শীর্ষ সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেবেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৮০,০০০ কোটি টাকা ব্যয়ে ১৪০৬টি প্রকল্পের শিলান্যাস করবেন। প্রকল্পগুলি কৃষি, তথ্যপ্রযুক্তি, ইলেক্ট্রনিক্স, এমএসএমই, উৎপাদন, পুনর্ব্যবহারযোগ্য শক্তি, ওষুধ, পর্যটন, প্রতিরক্ষা, বিমান পরিবহণ, তাঁত এবং বস্ত্র শিল্পের সঙ্গে জড়িত।ব্যবসা ক্ষেত্রে দেশের শীর্ষ স্থানীয় নেতারা এই অনুষ্ঠানে অংশ নেবেন।

এদিকে, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ শুক্রবার থেকে ৬ জুন উত্তর প্রদেশ সফর করবেন। সফরকালে শুক্রবার রাষ্ট্রপতি তাঁর নিজের গ্রাম কানপুর দেহাতের পারাউখে এক জনসভায় ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল এবং রাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। রাষ্ট্রপতি ৪ জুন কানপুরে মার্চেন্ট চেম্বার অফ উত্তর প্রদেশের ৯০ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখবেন। ওই দিন তিনি গোরখপুরের গীতাপ্রেসের শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দেবেন। রাষ্ট্রপতি ৫ জুন মাঘরে সন্ত কবির দাসকে শ্রদ্ধা জানাবেন এবং সন্তকবির অ্যাকাডেমি এন্ড রিসার্চ সেন্টার ও স্বদেশ দর্শন যোজনার উদ্বোধন করবেন। সফরের শেষ দিন অর্থাৎ ৬ জুন তিনি উত্তর প্রদেশ বিধান মন্ডলে উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেবেন।

# বিলোনীয়ায় এনএসইউআইয়ে যোগদান

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৩ জুন।।** শুক্রবার বেলা ১২ টা নাগাদ বিলোনিয়া কংগ্রেস ভবনে এনএসইউআই এর উদ্যোগে এক যোগদান সভা অনুষ্ঠিত হয়। এদিনের যোগদান সভায় বিভিন্ন রাজনৈতিক দল ছেড়ে কংগ্রেস দলের এনএসইউআই সংগঠনে কাজ করার অঙ্গিকার বদ্ধ হন নবাগতরা , এদিন মোট বিলোনিয়া বিধানসভার সাতজন যুবক-যুবতী হাতে এনএসইউআই পতাকা তুলে দেন জেলা সভাপতি সুখহরি ত্রিপুরা সহ কংগ্রেস দলের প্রদেশ নেতৃত্বরা, আগামী ২৩ শের বিধানসভা নির্বাচন কে পাখীর চোখ করে কংগ্রেস দল ছাত্র যুব সংগঠনকে সংগঠিত করে দলকে মজবুত করার লক্ষ্যে কংগ্রেস দল শক্তি সঞ্চয় করে চলছে। পাশাপাশি এদিন উপস্থিত নেতৃত্বরা আলোচনা রাখতে গিয়ে বর্তমানে রাজ্যে বিজেপি আইপিএফটি জোট সরকারের কাজকর্মের তীব্র সমালোচনা করেন কংগ্রেস দলের প্রদেশ সহ সভাপতি ভোলানাথ ধর। এছাড়াও এদিনের যোগদান সভায় উপস্থিত ছিলেন এনএসইউআই দক্ষিন জেলা সভাপতি শুকহরি ত্রিপুরা, কংগ্রেস দলের দক্ষিণ জেলা সভাপতি শ্রীপতি মজুমদার, ঋষ্যমুখ ব্লক কংগ্রেস সভাপতি বিমল দাস,সহ যুব কংগ্রেসের জেলা ও ব্লক সভাপতিগন।

# কেন্দ্রীয় সরকারের আট বছরের উন্নয়নের খতিয়ান তুলে ধরলেন বিধায়িকা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৩ জুন।।** বিজেপি খোয়াই জেলা কমিটির উদ্যোগে শুক্রবার সন্ধ্যায় তেলিয়ামুড়া পৌর পরিষদের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনের অনুষ্ঠিত করে বিজেপি খোয়াই জেলা কমিটি। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি তথা কল্যাণপুর-প্রমোদনগর কেন্দ্রের বিধায়ক পিনাকি দাস চৌধুরী, তেলিয়ামুড়ার বিধায়িকা কল্যাণী রায়, তেলিয়ামুড়া বিজেপি মন্ডল সভাপতি রঞ্জিত সূত্রধর সহ অন্যান্য নেতৃত্বরা। এই সাংবাদিক সম্মেলনে তেলিয়ামুড়ার বিধায়িকা কল্যাণী রায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আট বছরের গোটা দেশের উন্নয়নমূলক কাজ গুলির খতিয়ান তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর আট সাল বে-মিসাল এই স্লোগানকে সামনে রেখে আজকের এই সাংবাদিক সম্মেলন। আজকের এই সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে গোটা ত্রিপুরা বাসীকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আট বছরের সময়কালে গোটা দেশে যে সেবা সুশাসন চলছে সেই সম্পর্কে অবগত করার জন্য গোটা রাজ্যের সঙ্গে মূলত এই খোয়াই জেলার সাংবাদিক সম্মেলন। এদিনের এই সাংবাদিক সম্মেলনে মূলত প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্পগুলো তুলে ধরেন বিধায়িকা কল্যাণী রায়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।